Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

পি এস সি-র মাধ্যমে
মিসলেনিয়াস প্রিলিমিনারি
পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর ..পৃঃ ১৮

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

রেলে ৬২৯০৭ গ্রুপ 'ডি'
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ..পৃঃ ১৮

বর্ষ ৩৮ সংখ্যা ৩১ কলকাতা শুক্রবার, ২ মার্চ ২০১৮/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৭ ফাল্গুন ১৪২৪ দাম ₹৫.০০ ২৪ পাতা R. N. 37120/80

## উত্তরপ্রদেশে ২৭৭৯ টেকনিশিয়ান

টেকনিশিয়ান গ্রেড-টু (ট্রেনি) পদে ২,৭৭৯ জন কর্মী নেবে উত্তরপ্রদেশ পাওয়ার কর্পোরেশন। নিয়োগ করা হবে উত্তরপ্রদেশ পাওয়ার কর্পোরেশন এবং উত্তরপ্রদেশ পাওয়ার ট্রান্সমিশনে। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদের জন্যই আবেদন করতে পারবেন। তাই এখানে সাধারণ প্রার্থীদের জন্য নির্দিষ্ট ১,৩৯৪টি শূন্যপদের বিষয়ে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 03/VSA/2018/TG-2.

মোট শূন্যপদ: ১,৩৯৪টি। সংস্থা অনুসারে শূন্যপদ: **উত্তরপ্রদেশ পাওয়ার কর্পোরেশন:** পোস্ট কোড ৮২৬: ১০৫৮টি। **উত্তরপ্রদেশ পাওয়ার ট্রান্সমিশন:** পোস্ট কোড: ৮১৬: ৩৩৬টি।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক, সঙ্গে ইলেক্ট্রিশিয়ান বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল (বিদ্যুৎ বিতরণ) ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই কোর্স পাশ। **বয়স:** ১-১-২০১৮ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২৭,২০০-৮৬,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার ভিত্তিক লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষার প্রথম ভাগে প্রশ্ন হবে কম্পিউটার জ্ঞান (৫০ নম্বর) বিষয়ে এবং দ্বিতীয় ভাগে প্রশ্ন হবে জেনারেল ইংরেজি (১৫ নম্বর), জেনারেল হিন্দি (১৫ নম্বর), জেনারেল নলেজ ও রিজনিং (২০ নম্বর) এবং প্রার্থীর নিজস্ব কারিগরি বিষয়ে (১৫০ নম্বর)। মোট সময়সীমা ৩ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.uppcl.org প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৩ মার্চ। ফি বাবদ দিতে হবে ৯০০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং, ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা অফলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ব্যাঙ্ক চালানের মাধ্যমে।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি
### শুধু মাধ্যমিক যোগ্যতাতেই সব পদে আবেদন করা যাচ্ছে

শুধু মাধ্যমিক পাশ হলেই এখন রেলের গ্রুপ 'সি' লেভেল ওয়ানের (পূর্বতন গ্রুপ 'ডি') যে-কোনও ক্যাটেগরির শূন্যপদে আবেদন করা যাবে। গ্রুপ 'ডি'-র কোনও পদের ক্ষেত্রেই আই টি আই অথবা অ্যাক্ট অ্যাপ্রেন্টিস যোগ্যতা বাধ্যতামূলক নয়। সম্প্রতি এই ঘোষণা করেছেন রেলমন্ত্রী পীযূষ গোয়েল। গ্রুপ 'ডি' পদের শিক্ষাগত যোগ্যতার পুনর্বিন্যাসের সঙ্গেই অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট, টেকনিশিয়ান এবং গ্রুপ 'সি' পদে আবেদনের ফি-এ ছাড় দেওয়া হয়েছে।

**সাধারণ, তফসিলি এবং ও বি সি প্রার্থীদের ফি-এ ছাড়**

এরপর তেইশের পাতায়

## রেলে ৯০ হাজার চাকরি জেনে নিন পরীক্ষার খুঁটিনাটি

পৃথিবীর বৃহত্তম নিয়োগের প্রক্রিয়া চলছে ভারতীয় রেলে। প্রায় ৯০ হাজার শূন্যপদে প্রার্থী সংখ্যা বিপুল। কম্পিউটারভিত্তিক পরীক্ষার ধরন ও সিলেবাস সম্পর্কে খুঁটিনাটি জানানো হল। ...পৃঃ ৯

## ওষুধপত্র বিশ্লেষণের নতুন পেশা

কোনও ওষুধের কার্যকারিতা বিচারের জন্য সেই ওষুধে নির্দিষ্ট উপাদানগুলি সঠিক পরিমাণে ব্যবহৃত হয়েছে কিনা তা বিশ্লেষণ করে দেখেন ফার্মাসিউটিক্যাল টেকনিক্যাল অ্যানালিসিসের পেশাদাররা। এটি একটি নতুন পেশা। বিষয়টি পড়া যাচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারে। ...পৃঃ ৯

## নিখরচায় একগুচ্ছ বৃত্তিমূলক প্রশিক্ষণ

হাতের কাজের প্রশিক্ষণ নিয়ে স্বনির্ভর হওয়ার সুযোগ। নিখরচায় একগুচ্ছ বৃত্তিমূলক প্রশিক্ষণ দিচ্ছে রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির। প্রশিক্ষণ আয়োজিত হবে বিভিন্ন জেলায়। পুরুষ-মহিলা উভয়েই প্রশিক্ষণ নিতে পারেন। ...পৃঃ ১২

স্বনির্ভরতার লক্ষ্যে
কর্মক্ষেত্র পুরস্কার
প্রতি মাসেই ৫০০০ টাকা
পুরস্কৃত প্রবন্ধ ...পৃঃ ১১

## লখনউ মেট্রো রেলে ৩৬৯

বিভিন্ন পদে ৩৬৯ জন কর্মী নেবে লখনউ মেট্রো রেল কর্পোরেশন। নিয়োগ হবে এক্সিকিউটিভ ক্যাটেগরিতে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার এবং নন-এক্সিকিউটিভ ক্যাটেগরিতে স্টেশন কন্ট্রোলার-কাম-ট্রেন অপারেটর, কাস্টমার রিলেশনস অ্যাসিস্ট্যান্ট-সহ বিভিন্ন পদে। ২ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর LMRC/HR/Recruitment/O&M/3/2018. এরাজ্যের সব ক্যাটেগরির প্রার্থীরা কেবল সাধারণ ক্যাটেগরির জন্য নির্দিষ্ট শূন্যপদে আবেদন জানাতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির জন্য নির্দিষ্ট মোট ১৮৫টি শূন্যপদের বিষয়ে জানানো হল।

**শূন্যপদের বিবরণ:** পোস্ট কোড ই ০১: অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার/সিভিল: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সিভিল ইঞ্জিনিয়ারিং বা সমতুল বিষয়ে বি ই বা বি টেক।

পোস্ট কোড ই ০২: **অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার/ইলেক্ট্রিক্যাল:** ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক।

পোস্ট কোড ই ০৪: **অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার/আর্কিটেক্ট:** ৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ আর্কিটেকচারে ৫ বছরের স্নাতক।

পোস্ট কোড এন ই ০১: **স্টেশন কন্ট্রোলার-কাম-ট্রেন অপারেটর:**

এরপর বাইশের পাতায়

## রাজ্যে আরও কয়েক হাজার গ্রুপ 'ডি' কর্মী নিয়োগের সম্ভাবনা

রাজ্যে ফের গ্রুপ 'ডি' কর্মী নিয়োগের সম্ভাবনা প্রবল। প্রথম দফায় গ্রুপ 'ডি' পদে ৬,০০০ কর্মী নিয়োগের জন্য প্রার্থী বাছাইয়ের কাজ শেষের পথে। মার্চের মধ্যেই নির্বাচিতদের তালিকা নবান্নে পৌঁছে যাওয়ার কথা। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়েছিলেন, রাজ্য সরকারের অফিসগুলিতে পর্যায়ক্রমে ৬০ হাজার গ্রুপ 'ডি' কর্মী নিয়োগ করা হবে। দ্রুততার সঙ্গে নিয়োগের প্রক্রিয়া পরিচালনার জন্য ২০১৫-য় রাজ্যে গ্রুপ 'ডি' রিক্রুটমেন্ট বোর্ড তৈরি হয়। বোর্ড কাজ শুরু করে ২০১৬-র ১ জানুয়ারি। পর্ষদ প্রথম পর্যায়ের প্রার্থী বাছাই প্রক্রিয়া প্রায় সম্পূর্ণ করে ফেলার পরে দ্বিতীয় পর্যায়ের নিয়োগের সম্ভাবনা জোরদার হয়ে উঠেছে।

মুখ্যমন্ত্রীর ঘোষণা অনুসারে ৬০ হাজার গ্রুপ 'ডি' কর্মী নিয়োগের পরিকল্পনার প্রথম পর্যায়ে ৬,০০০ শূন্যপদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছিল ২০১৭-র ৩ জানুয়ারি। পরীক্ষায় বসার জন্য আবেদন করেছিলেন ২৮ লক্ষ ৬৮ হাজার প্রার্থী। লিখিত পরীক্ষা হয়েছিল ২০ মে। পরীক্ষায় বসেছিলেন প্রায় ১৮ লক্ষ প্রার্থী। এই বিপুল সংখ্যক প্রার্থীর মধ্যে

এরপর তেইশের পাতায়

### রাজ্যের পরিবহণ দপ্তরে
## ২৩৪ মোটর ভেহিক্যলস ইনস্পেক্টর

২৩৪ জন মোটর ভেহিক্যলস ইনস্পেক্টর নেবে রাজ্যের পরিবহণ দপ্তর। নিয়োগ হবে টেকনিক্যাল ক্যাটেগরিতে। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 5/2018.

**শূন্যপদের বিবরণ:** ২৩৪টি (সাধারণ ১১৩, তফসিলি জাতি ৫১, তফসিলি উপজাতি ১৯, বি সি-এ ২৩, বি সি-বি ১৬, দক্ষ খেলোয়াড় ৪, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ৩, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ২, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী বা সেরিব্রাল পালসি আক্রান্ত ৩)।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে এ আই সি টি ই বা ডব্লু বি এস সি টি ই দ্বারা স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল বা অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। অরিজিনাল ইক্যুইপমেন্ট ম্যানুফ্যাকচারার দ্বারা স্বীকৃত কোনও ফ্যাক্টরি বা ওয়ার্কশপ বা সার্ভিস সেন্টারে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়াও বৈধ হেভি ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। অবশ্যই বাংলায় পড়তে, লিখতে ও বলতে জানা চাই।

দক্ষ খেলোয়াড়দের ক্ষেত্রে নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে:

এরপর তেইশের পাতায়

### উত্তর দিনাজপুর জেলায়
## ১৫৩ আশাকর্মী

১৫৩ জন আশা (অ্যাক্রেডিটেড সোশ্যাল হেলথ অ্যাক্টিভিস্ট) কর্মী নেবে উত্তর দিনাজপুর জেলার ইসলামপুর সাব-ডিভিশনাল অফিস। শুধু বিবাহিত, আইনগতভাবে বিবাহবিচ্ছিন্ন এবং বিধবা মহিলারাই দরখাস্ত করতে পারবেন। নিয়োগ হবে চোপরা, ইসলামপুর, গোয়ালপোখর-১, গোয়ালপোখর-২ এবং করণদিঘি ব্লকে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 161/P&RD। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের স্থায়ী বাসিন্দা হতে হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা

এরপর তেইশের পাতায়

## সি এস আই আর নেট পরীক্ষা ১৭ জুন

ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশনের অধীন বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে বিজ্ঞান শাখায় লেকচারার এবং জুনিয়র রিসার্চ ফেলোশিপের যোগ্যতামান নির্ধারণের জন্য প্রার্থী বাছাই পরীক্ষা 'নেট' নিচ্ছে কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ এবং ইউনিভার্সিটি গ্র্যান্টস কমিশন, যৌথভাবে। পরীক্ষাটি জাতীয় স্তরের। পরীক্ষার সম্ভাব্য তারিখ: ১৭ জুন (রবিবার)। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

পরীক্ষা নেওয়া হবে এইসব বিষয়ে: (১) কেমিক্যাল সায়েন্সেস, (২) আর্থ, অ্যাটমোস্ফেরিক, ওশান অ্যান্ড প্ল্যানেটারি সায়েন্সেস, (৩) লাইফ সায়েন্সেস, (৪) ম্যাথমেটিক্যাল সায়েন্সেস, (৬) ফিজিক্যাল সায়েন্সেস।

**শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল সায়েন্স, লাইফ সায়েন্স, ম্যাথমেটিক্যাল সায়েন্স, ফিজিক্যাল সায়েন্স, আর্থ সায়েন্সের মাস্টার্স ডিগ্রিধারীরা, বি এস (৪ বছরের), বি ই, বি টেক, বি ফার্মা, এম বি বি এস, ইন্টিগ্রেটেড বি এস-এম এস বা সমতুল ডিগ্রিধারীরা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারেন। এই নম্বর নিয়ে বি এসসি (অনার্স) বা সমতুল ডিগ্রি পাশ করে এম এসসি অথবা ইন্টিগ্রেটেড এম এস-পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হয়ে থাকলেও আবেদন করতে পারেন। উভয় ক্ষেত্রেই তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলেই আবেদন করতে পারবেন। সবক্ষেত্রেই ব্যাচেলর ডিগ্রিধারীরা এই নেট পরীক্ষায় সফল হয়ে ২ বছরের মধ্যে পি এইচ ডি বা ইন্টিগ্রেটেড পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হলে তবেই ফেলোশিপ পাবেন। পি এইচ ডি ডিগ্রিধারীরা ১৯৯১-এর ১৯ সেপ্টেম্বরের আগে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি পেয়ে থাকলে শুধুমাত্র লেকচারশিপের জন্য আবেদনের যোগ্য। যাঁরা মাস্টার ডিগ্রির ফাইনাল পরীক্ষা দেবেন বা দিয়েছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ফল বেরতে দেরি আছে এই মর্মে নির্দিষ্ট বয়ানে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানের দেওয়া প্রয়োজনীয় সার্টিফিকেট দরখাস্তের সঙ্গে দেবেন।

**বয়স:** জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য ১-১-২০১৮ তারিখে ২৮ বছরের মধ্যে। তফসিলি, শারীরিক প্রতিবন্ধী ও মহিলারা ৫ বছর এবং ও বি সি-রা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। লেকচারশিপের ক্ষেত্রে বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

একজন প্রার্থী একইসঙ্গে জুনিয়র রিসার্চ ফেলোশিপ (জে আর এফ) এবং

এরপর বাইশের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন



Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




**কর্মক্ষেত্র**

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৮ সংখ্যা ৩১ □ ২ মার্চ ২০১৮

**ই-মেল ঠিকানা**

সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in


## কর্মখালি

**কন্ট্রাক্টরের অধীনে AIRPORT-এ চাকরি**

**GOVT. REGD No.: S/IL-52147**

সরকারি নিয়মানুযায়ী চুক্তিপত্রের মাধ্যমে ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে সরাসরি নিয়োগ চলছে। বয়স হতে হবে 18 থেকে 45-এর মধ্যে। যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। যোগ্যতা অনুসারে পদ ও বেতন যথাক্রমে: 14,300/- – 43,700/-এর মধ্যে। এছাড়াও BONUS-এর সুবিধা থাকবে। ইচ্ছুক ব্যক্তিরা বায়োডাটা, পরিচয়পত্র, স্কুল সার্টিফিকেট ফটো-সহ নিজে যোগাযোগ করুন। বিস্তারিত আরও জানতে কথা বলুন। T. A. S, Airport, Kol-52, Ph: 78720-53066.

□

**BSNL Vodafone, JIO BPO কাস্টমার কেয়ারে** (ডে সিফটে 10-6 PM) New Sim সংক্রান্ত কাস্টমারদের Incoming Call Verify-এর জন্য রাজ্যের বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) অভিজ্ঞ/ অনভিজ্ঞ 18-40 M/F সরাসরি নিয়োগ চলছে। Sal: 9,800/- – 35,500/- + Inc + PF + ESI + মেস + CAR. IING, 8/3D, D. H. Rd, Kol-08. বেহালা: 96742-56755; দঃ ২৪ পরগনা: 82769-83240; ডায়মন্ড/ বারুইপুর: 90515-85928; মেদিনীপুর: 81011-02499.

□

**SBI/NAPTOL/VODA 4G কাস্টমার কেয়ার বাংলা প্রসেসে**

**475 জন স্থায়ী জুনিয়র পদে নিয়োগ।** যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বয়স: 18-35. বেতন: যোগ্যতানুসারে INC + OT-সহ 10,850/- + থাকার সুব্যবস্থা ও যাতায়াত ফ্রী। প্রয়োজনে প্রার্থীদের শিখিয়ে নিয়ে জয়েনিং-এর ব্যবস্থা আছে। IIFA, Kol-28. দমদম: (H.O): 84206-66060, শিলিগুড়ি: 98307-71003, দুর্গাপুর: 87596-31229, দমদম (উঃ): 99032-23211, বারাসাত: 98312-81313, গড়িয়া: 90020-33880, নিউটাউন: 84818-82144, বর্ধমান: 98301-88881

□

**কোং পে-রোলে সরাসরি নিয়োগ**

৮ম-বি এ যোগ্যতা, Co., MNC, Bank (DSA)-তে উঃ সহ দঃ বঙ্গের বিভিন্ন জেলায় জেলাভিত্তিক নিয়োগ। বেতন: ১২,৭৫০/- – ৩৮,৫০০/-, OT, ESI, বোনাস। রেজিঃ + ফর্ম ২০১ টাকা। নিজে সাক্ষাৎ। Ph: 97320-30063, Gitanjoli, 93/IL, B. Rd, Kol-09.

□

**কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৩ মার্চ দুপুর ২টো পর্যন্ত।**

□□□

**১৬ মার্চ কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১০ মার্চ দুপুর ২টো পর্যন্ত।**

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন
সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

মেডিক্যাল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94. (M): 90739-82781.

□

**ফ্রি ট্রেনিং-এ PVT ব্যাঙ্কে চাকরি।** ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল কাজের জন্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 85838-65904 ব্যান্ডেল ও বর্ধমান: 70443-81672 শ্রীরামপুর ও ডানকুনি: 86975-95917 বারাসাত ও বনগাঁ: 84208-88113 মধ্যমগ্রাম ও বসিরহাট: 80174-18654 দমদম ও ডানলপ: 74497-02185 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 বারাকপুর ও সোদপুর: 97484-94791 গড়িয়া ও সোনারপুর: 86976-16060 বজবজ ও ঠাকুরিয়া: 86976-16100 Need Counseling ডানলপ-108.

□

**চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা**

**বেতন: 10,600/- –28700/-**

**শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের** জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

**AIRPORT, মেট্রোরেল ও প্রাইভেট BANK সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে স্পট জয়েনিং**

**GOVT. REGD No. L/No. WB. 3045**

সম্পূর্ণ বিনা ডোনেশনে উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের বেকার কর্মপ্রার্থীদের যোগ্যতার ওপর নির্ভর করে সরাসরি কোম্পানির পে রোলে স্থায়ী পদে লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: 10,500/- – 52,400/- OT PF ESI ছুটি বোনাস প্রমোশন-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। কাজ পেতে অতি সত্বর যোগাযোগ করুন পরিচয়পত্র ও যোগ্যতার কাগজপত্র-সহ। PH: 97348-28710, Sana Corporate, S. T. Rd, Shyamnagar.

□

**সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে AIRPORT মেট্রোরেল ও প্রাইভেট Bank সংস্থায় স্থায়ী কাজ**

**GOVT. REDG No. L/No. WB. 2231.** শহর থেকে গ্রামের প্রত্যেক বেকার কর্মপ্রার্থীদের শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ কোম্পানির Direct পে-রোলে সরাসরি লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: 10,500/- – 52,700/- OT-সহ PF ESI ছুটি বোনাস প্রমোশনের বিশেষ সুবিধা। এছাড়া থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। কাজ পেতে অথবা কাজের বিশদ জানতে অতি সত্বর যোগাযোগ করুন: Sana Corporate, S. T. Rd, শ্যামনগর, PH: 97348-28490.

□

**BANK KYC-তে কম্পিউটার অপারেটর**

চাকরির জন্য কোনও ডোনেশন লাগে না। স্থায়ী পদে অফিসিয়াল Database Maintain করতে ন্যূনতম H.S পাশ (18-32) ব্যাঙ্ক অফিস Executive নিয়োগ। বেতন: 8,430/- – 12,770/-. Innovative Technology, P.W.D. Rd., Kol-18. কলকাতা: 83368-25980, বারাসাত: 83368-25979.

□

## কর্মখালি

**আকর্ষণীয় বেতন**
**8,800/- – 32,600/-**
**নো ডোনেশন**

যোগ্যতার প্রমাণপত্র নিয়ে একবার আসলে চাকরি নিশ্চিত। পঃবঙ্গের প্রতিটি জেলায় বিভিন্ন মাল্টিন্যাশনাল কোম্পানিতে নিশ্চিত চাকরির সুযোগ, ন্যাশনাল, মাল্টিন্যাশনাল টাওয়ার, Bank প্রভৃতি সংস্থায় SV, ASV, ক্লার্ক, ম্যানেজার স্টোরকিপার ATM, গার্ড, ইনচার্জ প্রভৃতি পোস্ট রয়েছে। জেলাভিত্তিক পোস্টিং, রেজিঃ ১০১/- ফর্ম, 97759-72898, Job Career, B. N. Ghosal Rd., Kol-56.

□

**RIGHT SERVICE**
**URGENT VACANCY**
**এয়ারপোর্ট ও PORT চাকরি**
**M: 8509836722**

**Govt. Regd. No L/C-769786** সরকারি নিয়ম অনুযায়ী কোম্পানি পে-রোলে মেডিক্যেল ফিট কর্মপ্রার্থীদের যোগ্যতার ওপর নির্ভর করে নিয়োগ চলছে। যোগ্যতা: অষ্টম-স্নাতক। বয়স: 17-42-এর মধ্যে। পদ ও বেতন: ম্যানেজার 30,000/- – 45,000/-, স্টোর কিপার: 24,000/- – 27,000/-, সুপারভাইজার: 17,000/- – 19,000/- কুক: 25,000/- – 30,000/-, ওয়েটার: 17,000/- – 22,000/-, ফিটার: 22,000/- – 24,000/-, হেল্পার: 22,000/- – 25,000/-, মেকানিক: 26,000/- – 32,000/-, সালাড মেকার: 26,000/- – 28,000/-, ওয়েল্ডার: 18,000/- – 22,000/-, বুচার: 25,000/- –28,000/-, রুম সার্ভিস: 16,000/-18,000/-. সুবিধা: থাকা, খাওয়া OT, ESI, PF, বোনাস 5 মাসে 1 মাস ছুটি বেতন-সহ। পোস্টিং এরিয়া: কলকাতা, খিদিরপুর, হলদিয়া, গোয়া, আন্দামান, মুম্বই, চেন্নাই, বিশাখাপত্তনম প্রভৃতি জায়গায়। অতি সত্বর যোগাযোগ করুন পরিচয়পত্র ও যোগ্যতার কাগজপত্র-সহ। ফর্ম+101 টাকা। স্টেশন রোড, চাকদহ, নদিয়া।

□

**URGENT VACANCY**
**ROYAL KING**
**M: 77186-22727**

**Govt. L/C: 779786** সরাসরি যোগ্যতা অনুযায়ী ছেলেদের জন্য জরুরী ভিত্তিতে কাজের নিয়োগ চলছে। যোগ্যতা: (৮ম-স্নাতক), বয়স: (18-45) পর্যন্ত। এয়ারপোর্ট, মেট্রোরেল, প্রাইভেট ব্যাঙ্ক, ন্যাশনাল ও মাল্টি ন্যাশনাল কোম্পানীতে স্থায়ী জব। বেতন: 17,200/- – 52,300/-. পদ: S.V, ইলেক্ট্রিশিয়ান, হাউসকিপিং, ট্রলিবয়, চেকিং, হেল্পার, লন্ড্রিবয়, রিসেপশনিস্ট, A.C মেকানিক, স্টোর ইনচার্জ, ক্লার্ক, অ্যাকাউন্ট্যান্ট, ম্যানেজার, এটিএম গার্ড আরও অন্যান্য পদে সুবিধা থাকা-খাওয়া PF, ESI, OT, বোনাস প্রমোশনের সঙ্গে অন্যান্য সুবিধা আছে। ফর্ম 101 টাকা। যোগাযোগ: দেবাশিষ ব্যানার্জি, STATION ROAD, CHAKDAHA, NADIA.

□

**সরাসরি ব্যাঙ্ক রিটেল পিওন ক্লার্ক ও অফিসিয়াল পদে** প্রচুর ছেলেমেয়ে চাই। ৮-২৫ হাজার। VCS-কৃষ্ণনগর / কল্যাণী: 76058-23407 সোদপুর / নৈহাটি: 90731-45096 হাওড়া / মেদিনীপুর: 70598-41945, হুগলি / শ্রীরামপুর: 70598-41890, বারাসাত / বসিরহাট: 83358-57883 বনগাঁ / মধ্যমগ্রাম: 86975-42817 কলকাতা / রাজারহাট: 85830-98434 বেহালা / বজবজ: 84204-72894 কাকদ্বীপ / ডায়মন্ড: 86970-46152 দমদম / বিরাটি: 84208-72303 সোনারপুর / গড়িয়া: 79986-28710 আরামবাগ / চুঁচুড়া: 90389-48397 ব্যান্ডেল / বর্ধমান: 82828-92029, বালিগঞ্জ / ক্যানিং: 72783-29716.

□

## কর্মখালি

**Pvt. ব্যাঙ্কে ও Airport-এ স্থায়ী জব, Govt. Regd. R/L No.: 3326**

কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে এয়ারপোর্ট ও Pvt. ব্যাঙ্কে সরাসরি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ নিজস্ব জেলায় বিভিন্ন পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 13,700/- – 42,300/-. এছাড়া PF, ESI, OT, প্রমোশন-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। M: 97759-73218, Dream Life Corporate, C 46 School Rd, Kol-110.

□

**শিক্ষক চাই**

১) ইন্টিরিয়র ডেকরেশন ২) ফ্যাশান ডিজাইনিং ৩) কম্পিউটার হার্ডওয়্যার ৪) ইলেক্ট্রিক্যাল ৫) মোবাইল রিপেয়ারিং ৬) ফ্রিজ, এসি ৭) বিউটিশিয়ান ৮) অটোমোবাইল ৯) ফিটার ১) ওয়েল্ডিং ১১) CITA & DTP ১২) LCD/LED ১৩) সিভিল ড্রাফটসম্যান ১৪) টেলারিং। অফিস: ৬৪, জেমস লং সরণি, জোকা, কোল-১০৪। 86972-61085 / 93318-58230 বারুইপুর: 90078-70999.

□

**Job Opportunity at Kolkata,** International BPO/CALL Centre, Fixed Salary, Huge Incentives, Spot Joining, Min Qualification 10th, only fluency in English. Contact: 089276-92173 / 074788-06580. Arian Technologies Pvt. Ltd, 86 Golaghata Road, Jamuna Appartment 2nd Floor, Kolkata-700 048.

□

**সরাসরি নিয়োগ M/F চাই**

**www.gcajob.co.in** যোগ্যতা: ৪র্থ-স্নাতক। বয়স: ১৮-৪৮। প্রতিটি জেলায় ATM, শপিং মল, Tower 4G, নার্সিং হোম ও MNC-তে অফিসিয়াল বিভিন্ন পদে বিনা ডোনেশনে স্থায়ী কাজ। বেতন: 11,200/- – 26,700/-, ESI, PF-এর সুযোগ। (G.C.A.), MG Rd, Kol-7, (M): 77184-52562.

□

**SBI/JIO-এর অফিসিয়াল পদে** বাংলা জানা MP-MA, 18-36 WB/ জেলাভিত্তিক M/F শীঘ্রই চাই। বেতন: INC + OT: 10,850/-. বেলঘরিয়া: 83348-59516, কৃষ্ণনগর: 74076-37977. W2C, 111, F. Rd, Kol-56.

□

**Vodafone, SBI CCE B.O এর স্থায়ী** পদে MP-MA নিয়োগ। (10K-27K) + PF + ESI + হোস্টেল সুবিধা। Future Next, Airport, Kol-28. হাওড়া/ মেদিনীপুর: 70449-87953, বাঁকুড়া/ বীরভূম/ বর্ধমান: 70449-87955.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

জেলাভিত্তিক বিভিন্ন পদে ATM, টাওয়ার, কোম্পানি বিভিন্ন পদে ও প্রাইভেট নার্সিং হোম এবং হসপিটালে Male সরাসরি নিয়োগ। বেতন: (12,500/- – 18,500/-), 11/C, RBL Kol-9, R.J.S. (M): 78728-49742.

□

**স্থায়ী চাকরি**

**জেলায় জেলায় A.T.M গার্ড, টাওয়ার Co, শপিংমল ও শোরুমে বিভিন্ন পদের জন্য কর্মী চাই।** বেতন: (12,500/- – 18,500), M.J.S. সত্বর যোগাযোগ: M: 90519-14620. 11C, RBL, Kol-09.

## স্কুল-কলেজ শিক্ষা

**1 Year Combined Course**

**For WBCS, Rail, Bank, SSC by** Jayanta Roy (Specialist in Short-cut Maths, 15 Years Exp.), Garia, Sealdah & Other Professors; Huge Success, monthly fees rate, online exam, 97480-32827.

□


**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**


**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্কুল-কলেজ শিক্ষা

**শিক্ষান্তে নিশ্চিত উপার্জন**

পশ্চিমবঙ্গ সরকারের যোগ ও ন্যাচারোপ্যাথি কাউন্সিলের অনুমোদিত এক বছরের যোগ ও ন্যাচারোপ্যাথি কোর্সে ভর্তি চলছে। সফল ছাত্রছাত্রীবৃন্দ সরকারি স্বীকৃত সার্টিফিকেট ও রেজিস্ট্রেশন নম্বর পাইবে। শ্রী সত্যানন্দ মহাপীঠ, বারুইপুর, M: 98315-75721 / 83481-26482.

□

**Math & Eng.** সোনারপুর **Rail** (স্পেশ্যাল), WBCS, MICS, Bank প্রাইমারি TET, পুলিশ, Gr.D Clerkship সেকেন্ডে কৌশল। A. P. Nagar, Kol-150, Alakesh Sir: 90510-89736.

□

**উইমেন্স মন্টেসরি ট্রেনিং**

**অ্যাফিলিয়েটেড 45 বছরের বিশ্বস্ত** প্রতিষ্ঠান, অল ইন্ডিয়া ইনস্টিটিউটে মন্টেসরি ট্রেনিং-এ ভর্তি। 59/C, সত্যেন রায় রোড, বেহালা, কলি-34. 2348-2855, 98313-95169.

□

**Math, G.I, G.K. বেলঘরিয়া/বারাসাত** CGL, রেল (Gr. D/SM), WBCS, PSC ব্যাঙ্ক (ক্লার্ক/P.O), পুলিশ, মাসে 600/-. চন্দ্রস্যার: 99035-00682/ 90624-81518.

□

**LL.B (3 yrs) ২ বছর ৩ মাসে পাস।** Contact: D. B. Das, Advocate, বারাসাত জজ কোর্ট, 94321-76217, 80177-11657.

□

## স্কুল-কলেজ শিক্ষা

**টিচার্স ট্রেনিং**

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS, NCVT Govt. of India approved, Placement assistance. রবীন্দ্র পাঠভবন, টালিগঞ্জ: 98308-15220 / 84500-34033, শ্যামবাজার: 98308-15220/ 84428-66912.

□

**Rail, Group-D Class করুন only** 1,200/- টাকা দিয়ে। 5 জন Expert Teacher-RCI, Rajarhat, Dum Dum, New Garia: 98746-06164 / 87770-49063.

□

**নাইটিঙ্গল নার্সিং**

ট্রেনিং ANM কোর্সে মার্চ 18 সেশনে ভর্তি চলছে। ন্যূনতম H. S. চাকরি নিশ্চিত। AC-162, প্রফুল্ল কানন (E), Kol-101. (M): 98745-29443.

## ব্যবসা-বাণিজ্য

**!শিল্পোদ্যোগীদের জন্য এখন ভারত সরকারের (NSIC) সঙ্গে যৌথ উদ্যোগে!**

অল্প পুঁজিতে মাইশোর আগরবাতি, কাঁচা ধূপ, মোমবাতি, ডিটারজেন্ট সাবান, ফিনাইল, ব্লু, শ্যাম্পু, শেভিং ক্রিম, আফটার শেভ, মেহেন্দি, নেলপালিশ, সিঁদুর, আলতা, স্প্রে+পারফিউম, বিন্দি, হেয়ার অয়েল, বাম, কসমেটিক্স ইত্যাদি। এছাড়া বিভিন্ন নতুন ধরনের আইটেম তৈরির পরামর্শের জন্য N.S.I.C. PRAGATI. বালি হল্ট, হাওড়া, 2671-0292. Website: www.pragatitic.org

**SBI / JIO ও AIRTEL 4G বাংলা কাস্টমার কেয়ার**

পরিষেবায় (Part / Full time)বাংলাভাষী ছেলেমেয়ে চাই। টার্গেট ও নাইট শিফ্‌ট ছাড়া ইচ্ছামতো কাজের শিফ্‌ট (যোগ্যতা) মাধ্যমিক / উঃ মাধ্যমিক / স্নাতক ও স্নাতকোত্তর (বয়স) 18-35 (বেতন) যোগ্যতানুসারে ইনসেনটিভ + O.T সহ 10,570/- - 22,500+ যাতায়াত ফ্রী।

- প্রার্থীদের নাম রেজিস্ট্রেশন (আবেদন) করতে কোনো টাকা লাগে না।
- প্রয়োজনে অনভিজ্ঞ প্রার্থীদের কাজ শিখিয়ে নেওয়ার ব্যবস্থা আছে।
- বহিরাগত প্রার্থীদের জন্য থাকা-খাওয়ার সুব্যবস্থা আছে।
- ইন্টারভিউয়ের মাধ্যমে স্পট সিলেকশন চলছে। IIFA, DUMDUM, KOL-28

শীঘ্রই কল করুন- 9002033880 / 8420455516 / 8481882144

**কর্মক্ষেত্র কারা পড়েন?**

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট। 'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৫০ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# চক তৈরির মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



নিজস্ব প্রতিনিধি: স্কুল-কলেজ সহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে চক অপরিহার্য। এই মেশিনের সাহায্যে চক তৈরি করে বাক্সে ভরে স্কুল-কলেজ বা দোকানে অর্ডার অনুযায়ী সাপ্লাই করতে পারেন। সারাবছরই চকের চাহিদা থাকে।

**কীভাবে করবেন:** চক তৈরির জন্য অ্যালুমিনিয়াম ও গান মেটাল— এই দুই ধরনের ছাঁচ পাওয়া যায়। প্রথমে ছাঁচটির সমস্ত অংশ খুলে নিতে হবে। এরপর ব্রাশে করে যে-কোনও তেল নিয়ে ছাঁচের প্রতিটি অংশে লাগিয়ে দিতে হবে। তারপর ছাঁচের প্রতিটি অংশ আবার আগের মতো জুড়ে দিতে হবে। এবার উন্নতমানের প্লাস্টার অব প্যারিস নির্দিষ্ট পরিমাণে নিয়ে সেটিকে জল দিয়ে কাদা কাদা করে মেখে ডাইসের মধ্যে দিয়ে দিতে হবে। প্রতিকেজি প্লাস্টার অব প্যারিসের সঙ্গে এক চামচ হোয়াইট সিমেন্ট মিশিয়ে দিলে চকের ভঙ্গুরতা কমে। এর নির্দিষ্ট সময় পর প্লাস্টার অব প্যারিস অর্ধেক শুকিয়ে গিয়ে চকের আকৃতি নেবে। এরপর স্ক্রুগুলি খুলে ডাইসটিকে উল্টো করে চকগুলিকে বার করে রোদে শুকিয়ে নিতে হবে। রঙিন চক তৈরি করতে হলে প্লাস্টার অব প্যারিসের সঙ্গে পছন্দমতো রং মিশিয়ে নিতে হবে। সবশেষে চক তৈরি হয়ে গেলে বাক্সে ভরে বাজারে বিক্রি করতে পারেন।

**কোন মেশিনের কী দাম:** অ্যালুমিনিয়ামের ১০০টি চক তৈরির ছাঁচের দাম ১,৬০০ টাকা। ২০০টি চক তৈরির ছাঁচের দাম ৩,২০০ টাকা। গান মেটালের ২০০টি চক তৈরির ছাঁচের দাম ২৫,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।**

☐ *আমি ধুনো-ধূপ তৈরি শিখতে চাই। কোথাও শেখার সুযোগ থাকলে জানাবেন। ধুনো-ধূপ তৈরির ব্যবসার জন্য কত পুঁজির দরকার জানতে চাই। —প্রলয় অধিকারী, নৈহাটি, উত্তর ২৪ পরগনা।*

☐☐ হাজার-পনেরো টাকার পুঁজি নিয়ে ছোট আকারে ব্যবসা শুরু করা যায়। চাহিদা বাড়লে বিনিয়োগ বাড়াতে হবে। স্বনিযুক্তি-সহায়ক প্রতিষ্ঠান প্রগতিতে ধুনো-ধূপ তৈরি শেখানো হয়। ঠিকানা: প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২।

☐ *ব্ল্যাক বেঙ্গল ভ্যারাইটি বা বাংলার কালো প্রজাতির ছাগল পালনের জন্য কী ঘাসের চাষ করতে হয়? কতটা জমির প্রয়োজন হয় এজন্য? —পলাশ গুহ, বজবজ, দক্ষিণ ২৪ পরগনা।*

☐☐ সবুজ ঘাসের চাষ করতে হয় বাণিজ্যিক উদ্দেশ্যে ছাগল পালনের জন্য। কারণ, এই ঘাসই হবে ছাগলের প্রধান খাদ্য। দ্বিতীয়ত, এই প্রজাতির ছাগল সম্পূর্ণত বদ্ধ অবস্থায় পালন করা যাবে না। চরে বেড়ানোর জন্য জায়গার ব্যবস্থা রাখতে হবে। সেই চরে বেড়ানোর জমিতেই ঘাসের চাষ করতে হবে। কত সংখ্যক ছাগল পালন করবেন তার ওপর নির্ভর করবে ঘাস-চাষের জমির আয়তন। বাণিজ্যিক ছাগল পালনের ক্ষেত্রে অন্তত দু'বিঘা জমিতে ঘাস-চাষের বন্দোবস্ত থাকা দরকার।

☐ *পনির তৈরির হাতে চালানো মেশিন কোথায় কিনতে পাব? —তমাল ঘোষ, পাঁশকুড়া, পূর্ব মেদিনীপুর।*

☐☐ ক্যানিং স্ট্রিট (কলকাতা-১) ও গণেশচন্দ্র অ্যাভেনিউয়ের (কলকাতা-১৩) মেশিনপত্র বিক্রির দোকানগুলিতে পনির তৈরির হাতে চালানো মেশিন কিনতে পাবেন। বিভিন্ন মান ও দামের পনির তৈরির মেশিন সম্পর্কে জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.dir.indiamart.com এই ওয়েবসাইটে মেশিন প্রস্তুতকারক ও বিক্রেতাদের নাম, ফোন নম্বরের তালিকা পাবেন।

☐ *সফট টয় তৈরি করার মূল নিয়মগুলো জানি। কিন্তু ফিনিশিং ভালো হয় না। ভালো কোনও প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ নিতে চাই। প্রতিষ্ঠানের ঠিকানা জানাবেন। —মৌসুমী গায়েন, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

☐☐ ইনস্টিটিউট অব টয় মেকিং টেকনোলজিতে আধুনিক পদ্ধতিতে সফট টয় তৈরি শেখানো হয়। এটি পশ্চিমবঙ্গ সরকারের কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগ কর্তৃক স্বীকৃত। কোর্সটি তিনটি স্তরে বিভক্ত। প্রথমে ৩ মাসের বেসিক ট্রেনিং। তারপর অ্যাডভান্সড ট্রেনিং। প্রতি স্তরের ট্রেনিংয়ের ফি ৭,৫০০ টাকা। অর্থাৎ মোট ফি ১৫,০০০ টাকা। অ্যাডভান্সড ট্রেনিংয়ের পরে ইন্ডাস্ট্রিয়াল ইন্টার্নশিপে পাঠানো হয় বিভিন্ন খেলনা প্রস্তুতকারক সংস্থায়। আরও তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: ইনস্টিটিউট অব টয় মেকিং টেকনোলজি, ডি এন-থ্রি, সেক্টর ফাইভ, সল্টলেক, কলকাতা-৯১। ফোন: ৯৮৩৬০-৬২৩৩৭।

☐ *ছাদে বাগান তৈরির পদ্ধতি কোথায় শেখানো হয়? আমি শিখতে চাই। —স্বপ্ন দলুই, বালি, হাওড়া।*

☐☐ আপনি ডেভেলপমেন্ট রিসার্চ কমিউনিকেশন অ্যান্ড সার্ভিসেস সেন্টারে যোগাযোগ করতে পারেন। এই সংস্থা ছাদে জৈব পদ্ধতিতে বাগান তৈরির প্রশিক্ষণ দেয়। বাগান তৈরির জন্য প্রয়োজনীয় বীজ, সার, কীটনাশক ইত্যাদি কিনতেও পাওয়া যায় এই সংস্থা থেকে। যোগাযোগের ঠিকানা: ৫৮-এ, ধর্মতলা রোড, বোসপুকুর, কসবা, কলকাতা-৪২। ফোন: ২৪৪২-৭৫৬৩।

☐ *'কর্মক্ষেত্র'য় ফ্রুট ক্যান্ডি সম্পর্কে পড়েছি। ফ্রুট ক্যান্ডির ব্যবসায় আগ্রহী। কত টাকা বিনিয়োগ করতে হবে? কোথায় যোগাযোগ করব? —দিলীপ মাইতি, রানাঘাট, নদিয়া।*

☐☐ বিভিন্ন ফল থেকে ফ্রুট ক্যান্ডি তৈরি হয়। ফলের প্রকার অনুসারে প্রতি ক্যান্ডির বিক্রয়মূল্য ১৫-২০ টাকা। কমিশন পাওয়া যাবে ৩০-৩৫ শতাংশ। ২০ টাকা বিক্রয়মূল্যের ১ হাজার ক্যান্ডি কিনলে তার বিক্রয়মূল্য দাঁড়ায় ২০ হাজার টাকা। অন্তত ৩০ শতাংশ কমিশন পেলেও মোট ৬ হাজার টাকার ছাড় পাচ্ছেন। অর্থাৎ ১ হাজার ক্যান্ডি কেনার জন্য আপনাকে বিনিয়োগ করতে হচ্ছে ১৪ হাজার টাকা। নগদে কিনতে হবে। যে-পরিমাণ ক্যান্ডি কিনবেন সেই অনুপাতে বিনিয়োগ করতে হবে। আরও তথ্যের জন্য রাত ৯টা থেকে ১০টার মধ্যে ফোন করতে পারেন এই নম্বরে: ৯৪৩২২-১১৮৬৮।

☐ *বাণিজ্যিক লক্ষ্যে মৌমাছি পালন ও মধু উৎপাদনের জন্য সব মিলিয়ে কত পরিমাণ মূলধনের দরকার হতে পারে? —অজয় হাজরা, কান্দি, মুর্শিদাবাদ।*

☐☐ মধু সংগ্রহ করা যায় অক্টোবর থেকে জুন মাস পর্যন্ত। এই ৯ মাসে উৎপাদিত মধু বিক্রি করে বছরে কম-বেশি ১ লক্ষ ২০ হাজার বা মাসে ১০ হাজার টাকা উপার্জনের ব্যবস্থা করতে হলে অন্তত ৫০টি মৌ-বাক্সে মৌমাছি পালন করতে হবে। প্রতিটি বাক্সের দাম কমবেশি ২,৫০০ টাকা। অর্থাৎ বাক্স বাবদ ১ লক্ষ ২৫ হাজার টাকা দরকার। সঙ্গে মধু নিষ্কাশনের মেশিন, বাক্স বসানোর টুল এবং আনুষঙ্গিক অন্যান্য সরঞ্জাম বাবদ আরও অন্তত ৪০ হাজার টাকার দরকার। অন্তত ১০ হাজার টাকা হাতে রাখতে হবে চলতি মূলধন বাবদ। অর্থাৎ সব মিলিয়ে ব্যবসার শুরুতে অন্তত ১ লক্ষ ৭৫ হাজার টাকা বিনিয়োগ করতে হবে।


# মনোরমা ইয়ারবুক ও কর্মক্ষেত্র

প্রতি মাসে ৫,০০০ টাকারও বেশি পুরস্কার জিতুন। নিচের ১২টি প্রশ্নের উত্তর খুঁজে বের করুন, কুপনটি পূরণ করুন আর পাঠিয়ে দিন যে কোনো একটি ঠিকানায়- Yearbook Division, Malayala Manorama, Kottayam - 686001 অথবা মালয়ালা মনোরমা, ১৪, পরাশর রোড, দ্বিতীয় তল (লেক মার্কেটের কাছে), কলকাতা - ৭০০০২৯। খামের উপর বড় বড় করে লিখুন 'মনোরমা ইয়ারবুক এক ডজন কুইজ'। যাঁদের সবকটি প্রশ্নের উত্তর সঠিক হবে তাঁদের মধ্যে থেকে পাঁচ জনকে লটারির ভিত্তিতে বেছে নিয়ে প্রত্যেককে ১,০০০ টাকা এবং আরও ১০ জনকে **মনোরমা ইয়ারবুক ২০১৮** বইটি পুরস্কার দেওয়া হবে।*

দেরি করবেন না! এই বিজ্ঞাপন প্রকাশের দু'সপ্তাহের মধ্যে আপনার উত্তর আমাদের কাছে পৌঁছনো চাই। অধিকাংশ উত্তরই বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত জ্ঞানকোষ **মনোরমা ইয়ারবুক** ও **কর্মক্ষেত্র**-য় পাবেন।

## এক ডজন ক্যুইজ

1. বিশ্বের প্রথম পাতাল রেল চালু হয় কোথায়?
   A. ভারত B. লন্ডন C. প্যারিস
2. কোন জননেতা এশিয়ায় প্রথম বিক্রয়কর চালু করেন?
   A. ইন্দিরা গান্ধী B. সি রাজাগোপালাচারী C. মহাত্মা গান্ধী
3. 'টুইঙ্কল টুইঙ্কল লিটল স্টার' কার রচনা?
   A. সুকুমার রায় B. জেন টেলর C. লর্ড টেনিসন
4. পিসার হেলানো টাওয়ারে সিঁড়ির সংখ্যা কত?
   A. ২৯৭ B. ৮৯৭ C. ১০৯৭
5. সামুদ্রিক বাণিজ্যের জন্য ভুটান কোন বন্দর ব্যবহার করে?
   A. কলকাতা B. মুম্বাই C. চেন্নাই
6. কোন ভাষায় পৃথিবীতে সবচেয়ে বেশি সংখ্যক লোক কথা বলে?
   A. মান্দারিন (চীনা) B. হিন্দি C. ইংরেজি
7. কোন মার্কিন রাষ্ট্রপতি নির্বাচিত না হয়েও রাষ্ট্রপতি হয়েছিলেন?
   A. হেনরি কিসিঙ্গার B. জেরাল্ড ফোর্ড C. বারাক ওবামা
8. কাচের জানলার ব্যবহার প্রথম কোথায় শুরু হয়?
   A. ভারতে B. ইংল্যান্ডে C. চীনে
9. বিশ্বের নবীনতম জাতীয় পতাকা কোন দেশের?
   A. টুভালু B. কসোভো C. পূর্ব টিমোর
10. বিশ্বের প্রথম পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র কোথায় গড়ে ওঠে?
   A. মার্কিন যুক্তরাষ্ট্র B. চীন C. সোভিয়েত ইউনিয়ন
11. বিশ্বের সবচেয়ে গভীর হ্রদ কী?
   A. চিল্কা B. টাঙ্গানিকা C. বৈকাল
12. ইউরোপে দ্বিতীয় মহাযুদ্ধ শেষ হয় কবে?
   A. ১৯৪৬ B. ১৯৪৪ C. ১৯৪৫

উত্তর

সঠিক উত্তরটির পাশের বাক্সে x চিহ্ন দিন

| | | | |
|---|---|---|---|
| 1. | A ☐ | B ☐ | C ☐ |
| 2. | A ☐ | B ☐ | C ☐ |
| 3. | A ☐ | B ☐ | C ☐ |
| 4. | A ☐ | B ☐ | C ☐ |
| 5. | A ☐ | B ☐ | C ☐ |
| 6. | A ☐ | B ☐ | C ☐ |
| 7. | A ☐ | B ☐ | C ☐ |
| 8. | A ☐ | B ☐ | C ☐ |
| 9. | A ☐ | B ☐ | C ☐ |
| 10. | A ☐ | B ☐ | C ☐ |
| 11. | A ☐ | B ☐ | C ☐ |
| 12. | A ☐ | B ☐ | C ☐ |

মনোরমা ইয়ারবুক কর্মক্ষেত্র এক ডজন ক্যুইজ

Name: ........................................

Address: ........................................

........................................

........................................

Pin Code: ........................................

Ph./Mob. No.: ........................................

ফেব্রুয়ারি, ২০১৮

নভেম্বর, ২০১৭ ক্যুইজের উত্তর: 1-A, 2-B, 3-C, 4-A, 5-B, 6-C, 7-A, 8-B, 9-C, 10-A, 11-B, 12-C

নভেম্বর, ২০১৭ ক্যুইজে পুরস্কার জয়ী: বিভূতি সাউ, হাওড়া; পিনাকি রঞ্জন পাল, বীরভূম; রীমা সাউ, কলকাতা; সঞ্চয়িতা বিশ্বাস, কলকাতা; সৌমেন বসু, কলকাতা। পুরস্কার: প্রত্যেকে ১,০০০ টাকা।

* উপরের কুপনটি ছাড়া অন্য কোনোভাবে উত্তর পাঠালে তা গৃহীত হবে না। চূড়ান্ত সিদ্ধান্ত মনোরমা ইয়ারবুকের।


## রাজ্য ইন্টেলিজেন্স ব্রাঞ্চে ড্রাইভার

৪০ জন ড্রাইভার নেবে রাজ্য পুলিশের ইন্টেলিজেন্স ব্রাঞ্চ। প্রাথমিকভাবে ১ বছরের চুক্তিতে নিয়োগ হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 4/2018.

**শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট পাশ, সঙ্গে বাংলায় লিখতে ও পড়তে জানা চাই। সঙ্গে ১-১-২০১৮ তারিখ অনুসারে অন্তত তিন বছরের পুরনো বৈধ লাইট মোটর ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ১-১-২০১৮ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** প্রতি মাসে ১১,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ড্রাইভিং টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। সব শেষে মেডিক্যাল টেস্ট।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। একটি সাদা কাগজে বয়ানটি টাইপ করিয়ে নেবেন। প্রার্থীর মোবাইল নম্বর উল্লেখ করবেন।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত নির্দিষ্ট ঠিকানায় রাখা ড্রপ-বক্সে জমা দেওয়ার শেষ তারিখ ১৫ মার্চ। ঠিকানা: Additional Director General of Police, IB, West Bengal, M.T. Section, IB, West Bengal, 13, Lord Sinha Road, Kolkata 700 071.

তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.policewb.gov.in

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓ বয়স এবং শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের নকল।
- ✓ বৈধ ড্রাইভিং লাইসেন্সের নকল।
- ✓ স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের নকল।
- ✓ কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের নকল।


SUSRUT EYE FOUNDATION & RESEARCH CENTRE- এ
OPHTHALMIC ASSISTANT
এর ১১ মাসের TRAINING
(Non-Residential)
- এর জন্য আগামী ১০ই মার্চ বেলা ৩টে তে যোগাযোগ করুন
Qualification : Min. H.S. Passed
Age - 18 to 26 years
Contact Person :
Lipi Bhattacharjee, HR Associate
সুশ্রুত আই ফাউন্ডেশন এন্ড রিসার্চ সেন্টার (HR Department)
এইচ.বি-৩৬/এ/১, ৭তলা,
সল্টলেক সিটি, সেক্টর-৩,
কলকাতা-১০৬ (১২ নং ট্যাঙ্কের কাছে)
Ph: 40506500,
susrut36@gmail.com



ALP, Technician & Gr.'D'
স্পেশাল নতুন ব্যাচ 04.03.2018 থেকে শুরু হচ্ছে। ভর্তি শুরু।
TAPOBAN STUDY CENTRE FOR TECHNICAL
(Eastern India's Outstanding Railways & Tech. Exam specialist Institute)
ভদ্রেশ্বর, জেলা হুগলী। আমাদের কোনও শাখা নেই। Govt. Regd.
Cont. 9681026768 / 8820022385
(প্রতিদিন খোলা, 8am-5pm. মাসিক মাইনে, হোস্টেলের ব্যবস্থা আছে)
চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ মিঃ সুকুমার পালের বিশেষ গাইড নিয়ে আপনিও হতে পারেন ভারতীয় রেল পরিবারের একজন।

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স ১

১০ ফেব্রুয়ারি-২২ ফেব্রুয়ারি

**১১ ফেব্রুয়ারি** রাশিয়ায় যাত্রীবাহী বিমান দুর্ঘটনায় ৭১ জনের মৃত্যু হল। এ দিন মস্কোর দোমোদেদোভো বিমানবন্দর থেকে ৬৫ জন যাত্রী ও ৬ বিমানকর্মীকে নিয়ে অর্স্ক শহরের উদ্দেশে রওনা হয় বিমানটি। ওড়ার কিছুক্ষণের মধ্যেই যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। মস্কো থেকে ৮০ কিলোমিটার দক্ষিণ-পূর্বে আরগুনোভা গ্রামের কাছে ভেঙে পড়ে বিমানটি।

## ঐতিহাসিক সফরে প্যালেস্তাইনে মোদী



১০ ফেব্রুয়ারি: প্রথম ভারতীয় প্রধানমন্ত্রী হিসেবে প্যালেস্তাইনে গেলেন নরেন্দ্র মোদী। তাঁর এই সফরকে প্রথম থেকেই 'ঐতিহাসিক এবং পশ্চিম এশিয়ার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ' বলে ব্যাখ্যা করেছেন সাউথ ব্লকের আধিকারিকরা। রামাল্লায় পৌঁছে সেখানকার রাজকীয় সম্বর্ধনার পর শান্তিপূর্ণ পথে স্বাধীন এবং সার্বভৌম প্যালেস্তাইনের পক্ষে সওয়াল করলেন মোদী। প্যালেস্তাইন, সংযুক্ত আরব আমিরশাহি এবং ওমান সফরে বেরিয়ে এ দিন রামাল্লায় পৌঁছন মোদী। সেখানে প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসের সঙ্গে দীর্ঘ বৈঠকে ভারতের পক্ষ থেকে দ্বিপাক্ষিক সহযোগিতা বাড়ানোর প্রতিশ্রুতি দিয়ে প্রধানমন্ত্রী বলেন, 'খুব শীঘ্রই শান্তিপূর্ণ পথে স্বাধীন প্যালেস্তাইন রাষ্ট্র গঠিত হবে বলে আশা করেন ভারতবাসী।' প্যালেস্তাইনের সর্বোচ্চ সম্মান 'গ্র্যান্ড কলার' পরিয়ে ভারতের প্রধানমন্ত্রীকে সম্মানিত করেন মাহমুদ আব্বাস। দুই রাষ্ট্রনেতার বৈঠকের পর মাহমুদ আব্বাসকে পাশে নিয়ে সাংবাদিক সম্মেলনে মোদী বলেন, 'প্যালেস্তাইনের মানুষের স্বার্থরক্ষায় আমরা প্রতিশ্রুতিবদ্ধ'। ছবি: পিটিআই



"যদি প্রেসিডেন্ট (ডোনাল্ড ট্রাম্প) আমার কাছে এসে বলেন, যে এটা মর্মান্তিক ঘটনা, কীভাবে এরকম আর ভবিষ্যতে ঘটবে না, আপাতত এটা নিয়ে কিছুই করার নেই, তা হলে হাসিমুখে আমি ওঁকে জিজ্ঞেস করব, এন আর এ (দ্য ন্যাশনাল রাইফেল অ্যাসোসিয়েশন)-র কাছ থেকে কত টাকা পেয়েছেন উনি? যে নেতাই এন আর এ-র কাছ থেকে টাকা নেন, তাঁর লজ্জা হওয়া উচিত।"

এমা গঞ্জালেস, *ফ্লরিডার মারজরি স্টোনম্যান ডগলাস স্কুলের গুলিচালনায় বন্দুকবাজের হাত থেকে বেঁচে যাওয়া পড়ুয়া*

*দেশে অস্ত্র নিয়ন্ত্রণের ডাক দিয়ে স্কুলের ছাত্রছাত্রীদের ডাকা সভায় বক্তৃতা দিতে গিয়ে*

## আবুধাবিতে মন্দিরের শিলান্যাস মোদীর



আবুধাবির প্রথম হিন্দু মন্দিরের শিলান্যাস করলেন মোদী। তিনি জানান, এই মন্দির হবে মানবতা এবং সংহতির উৎস যা চিনিয়ে দেবে ভারতের ঐতিহ্যকে। মন্দিরের জমি দেওয়ার জন্য আবুধাবির যুবরাজ মহম্মদ বিন জায়েদ আল নায়হানকে ধন্যবাদ জানান মোদী। মন্দির শিলান্যাসের পাশাপাশি সংযুক্ত আরব আমিরশাহির ভাইস প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী মহম্মদ বিন রশিদ আল মক্তুমের সঙ্গে বৈঠকে বাণিজ্য, প্রতিরক্ষা ও জনসংযোগ ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা বাড়ানোর কথা বলেন মোদী। এছাড়া দুবাইয়ে ওয়ার্ল্ড গভর্নমেন্ট সামিটে তিনি বলেছেন, 'ক্ষেপণাস্ত্র এবং বোমা তৈরিতে যে পরিমাণ সময়, সম্পদ এবং অর্থব্যয় হচ্ছে তা উদ্বেগের। প্রযুক্তিকে উন্নয়নের কাজে ব্যবহার করা উচিত, ধ্বংসের জন্য নয়।' ছবি: পিটিআই

## পদ ছাড়লেন জ্যাকব জুমা



১৫ ফেব্রুয়ারি: ইস্তফা দিলেন দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট জ্যাকব জুমা। তাঁকে ইস্তফার সময় বেঁধে দিয়েছিল তাঁর দলই। সেই রাজনৈতিক চাপের সামনেই শেষ পর্যন্ত পদ ছাড়লেন জুমা। জাতির উদ্দেশে দেওয়া এক টেলিভিশন বার্তায় নিজের ইস্তফার কথা ঘোষণা করেছেন তিনি। টানা আটবছর প্রেসিডেন্ট ছিলেন জুমা। গত কয়েক বছর ধরেই দুর্নীতির অভিযোগের পাহাড় জমছিল তাঁর বিরুদ্ধে। গরিব কৃষকদের জন্য প্রকল্পের টাকা নয়ছয় করে নিজের পরিবারের মধ্যে বিতরণ থেকে শুরু করে অস্ত্র আইনের অপব্যবহার— তালিকায় রয়েছে নানা অভিযোগ। বিরোধীরা অনেকদিন ধরেই সরব থাকলেও তাঁর নিজের দল আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসও (এএনসি) এ বার তাঁর বিরুদ্ধে চলে যায়। দল থেকে তাঁকে হুঁশিয়ারি দিয়ে বলা হয় চব্বিশ ঘন্টার মধ্যে ইস্তফা না দিলে পার্লামেন্টে তাঁর বিরুদ্ধে অনাস্থা আনা হবে। এ দিন ইস্তফা দিলেও জুমা জানিয়েছেন, দলের নির্দেশে পদ ছাড়লেও নিজের দল এএনসি তিনি ছাড়বেন না। তিনি বলেন, 'দেশের প্রেসিডেন্টের পদ ছাড়লেও আমি এ দেশের মানুষ আর এএনসি-র সেবা করেই যাব। কারণ আমার গোটা জীবনটাই আমি এই সংগঠনকে দিয়ে এসেছি।'

**১২ ফেব্রুয়ারি** পশ্চিমবঙ্গের প্রাক্তন মন্ত্রী এবং প্রবীণ সিটু নেতা মহম্মদ আমিনের (৯০) জীবনাবসান হল। সিপিএমের প্রাক্তন পলিটব্যুরো সদস্য আমিন বামফ্রন্ট সরকারের পরিবহণ, সংখ্যালঘু এবং শ্রম দপ্তরের মন্ত্রী ছিলেন। রাজ্যসভার সাংসদ এবং সিটুর সাধারণ সম্পাদকও ছিলেন তিনি। রাজনীতির পাশাপাশি উর্দু কবিতা, অন্যান্য লেখালিখি এবং সম্পাদনার কাজও করেছেন আমিন।

**১৩ ফেব্রুয়ারি** মার্কিন গোয়েন্দা কর্তা ড্যান কোটস জানালেন স্বল্প পাল্লার পরমাণু অস্ত্র তৈরির প্রচেষ্টা করছে পাকিস্তান। এর ফলে দক্ষিণ এশিয়ায় অস্থিরতা বাড়বে বলেও জানিয়েছেন তিনি। মার্কিন কংগ্রেসের এক শুনানিতে তিনি বলেছেন, স্বল্প পাল্লার অস্ত্র ছাড়াও বিভিন্ন ধরনের ক্রুজ ও দূর পাল্লার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র তৈরি করছে ইসলামাবাদ।

**প্রবল আন্তর্জাতিক চাপের মুখে শেষ** পর্যন্ত ২৬/১১ মুম্বই হামলার প্রধান চক্রী হাফিজ সইদ ও তার সংগঠনকে সন্ত্রাসবাদী আখ্যা দিল পাকিস্তান। পাক প্রেসিডেন্ট মামুন হোসেন একটি অর্ডিন্যান্সে সই করেছেন, যার ফলে রাষ্ট্রপুঞ্জ-ঘোষিত সন্ত্রাসবাদী ও নিষিদ্ধ সবক'টি জঙ্গি সংগঠনের ওপর পাক সরকার সে দেশের 'সন্ত্রাসবাদ বিরোধী আইন' অনুযায়ী ব্যবস্থা নিতে পারবে। ভারতীয় কূটনীতিকদের একাংশে জানিয়েছেন, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রবল চাপ প্যারিসে সন্ত্রাসবাদ বিরোধী বৈঠকের ঠিক আগেই ইসলামাবাদ এই পদক্ষেপ করতে বাধ্য হয়েছে। অন্যদিকে জঙ্গি দমনে পাকিস্তানকে ফের অর্থ সাহায্য করার কথা ঘোষণা করল আমেরিকা। মার্কিন বাজেটে পাকিস্তানের জন্য সামরিক খাতে ৮০ মিলিয়ন ডলার রাখার কথা জানিয়েছেন ট্রাম্প। তবে এ কথাও জানানো হয়েছে জঙ্গি দমনে ইসলামাবাদ যদি সঠিক পদক্ষেপ করে তবেই সেই অর্থ তাদের কাছে পৌঁছবে।

**১৪ ফেব্রুয়ারি** ধনকুবের হিরে ব্যবসায়ী নীরব মোদীর বিরুদ্ধে প্রতারণার অভিযোগ আনল পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক (পিএনবি)। সিবিআইয়ের কাছে পিএনবি নীরব, তাঁর স্ত্রী, ভাই, মামা এবং তাঁদের অলঙ্কার সংস্থার বিরুদ্ধে দু'টি অভিযোগ দাখিল করেছে। একটি অভিযোগ গত মাসেই জমা পড়েছে। সেটিতে প্রতারণার অঙ্ক ২৮০ কোটি বলা হয়েছে। ১৩ ফেব্রুয়ারি রাতে আর এক দফা অভিযোগ জমা পড়েছে। এ দিন পিএনবি শেয়ারবাজারকে জানিয়েছে প্রায় সাড়ে ১১ হাজার কোটি টাকার প্রতারণা করা হয়েছে তাদের সঙ্গে। সিবিআই সূত্রে জানা গেছে ২০১১ সালে পিএনবি-র শাখা থেকে বিরাট অঙ্কের ঋণের গ্যারান্টি ব্যাঙ্ক অফিসারদের সঙ্গে যোগসাজশে হাতিয়ে নেয় নীরব ও তার সংস্থা। পরে সেই নথি দেখিয়েই এলাহাবাদ ও অ্যাক্সিস ব্যাঙ্কের হংকং শাখা থেকে ২৮০ কোটি টাকা ঋণ জোগাড় করেন নীরব। সম্প্রতি আবারও একই কৌশলে নীরব ও তাঁর আত্মীয়দের সংস্থা ঋণ নিতে আসে পিএনবির কাছে। তখনই ব্যাঙ্কের নজরে আসে এই প্রতারণা। উল্লেখ্য, নীরব মোদীর নকশা করা গয়নার খ্যাতি আছে বিশ্ব জুড়ে। ক্রেতার তালিকায় রয়েছেন অস্কারজয়ী অভিনেত্রী কেট উইন্সলেট, ঐশ্বর্যা রাইয়ের মতো বিখ্যাতরা। সদ্‌বিজ ও ক্রিস্টিজের নিলামেও ঘুরে ফিরে আসে মোদীর গয়না।

**১৫ ফেব্রুয়ারি** ফ্লরিডার পার্কল্যান্ডের একটি স্কুলে গুলি চালিয়ে ১৭ জনকে হত্যা করল ওই স্কুলেরই বছর উনিশের বহিষ্কৃত ছাত্র নিকোলাস ক্রুজ। তার গুলিতে ১৭ জন নিহত হওয়া ছাড়াও আহত হয়েছে ১৬ জন। ঘটনার এক ঘন্টার মধ্যেই গ্রেপ্তার হয়েছে আততায়ী। পুলিশের ধারণা, বহিষ্কারের বদলা নিতেই এই হত্যাকান্ড চালিয়েছে সে। ফ্লরিডার সেনেটর বিল নেলসন জানিয়েছেন, সেমি-অটোমেটিক অ্যাসল্ট রাইফেল এআর-১৫ রাইফেল নিয়ে স্কুলে ঢুকে আগুন লাগার বিপদঘন্টি বাজিয়ে দেয় নিকোলাস। বিপদঘন্টি শুনে সকলে ক্লাসের বাইরে বেরিয়ে আসতেই অনেককে নিশানার মধ্যে পেয়ে যায় আততায়ী। ফ্লরিডায় আগ্নেয়াস্ত্রর পারমিট পাওয়া নিয়ে ইতিমধ্যেই অনেক বিতর্ক উঠেছে। সেই প্রশ্নই আবার উঠে গেল এই গুলি চালনার পর। ২ কোটি ১০ লক্ষ মানুষের বাস ফ্লরিডায়। যার মধ্যে বন্দুকের লাইসেন্স রয়েছে ১৯ লক্ষের। আমেরিকার অন্যান্য প্রদেশের তুলনায় যা অনেকটাই বেশি।

**অরুণাচল প্রদেশের রাজধানী ইটানগরে** দাঁড়িয়ে অরুণাচলবাসীর দেশভক্তি ও হিন্দিপ্রেমকে সকলের সামনে তুলে ধরলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এ দিন ইটানগরে 'দোর্জি খান্ডু কনভেনশন সেন্টার', নতুন সচিবালয়, 'টোমো রিবা ইনস্টিটিউট অফ হেলথ অ্যান্ড মেডিক্যাল সায়েন্সেস'-এর ভবন ও উত্তর-পূর্বের জন্য তৈরি নতুন স্যাটেলাইট চ্যানেল 'অরুণ প্রভা'-র উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। স্থানীয় পোশাক, কোমরে তরবারি ও মাথায় শিরস্ত্রাণ পরে মোদী বলেন, 'সারা দেশ ঘুরলে এক সপ্তাহে যত বার 'জয় হিন্দ' শোনা যায়, এক দিন অরুণাচলে ঘুরলে তারচেয়েও বেশিবার 'জয় হিন্দ' কানে আসে। এই স্লোগান ও দেশভক্তি এখানকার রক্তে।' প্রধানমন্ত্রী আরও জানান অরুণাচলের নবীন প্রজন্ম এখন হিন্দিতে সড়গড়। তাঁরা মূল ভূখণ্ডের সঙ্গে যোগাযোগ বাড়াতে চাইছেন। এ সবই নয়া অরুণাচল গড়ে তুলবে।

## পাক মানবাধিকারের অন্যতম মুখ আসমা জাহাঙ্গির প্রয়াত



১১ ফেব্রুয়ারি: পাকিস্তানের প্রখ্যাত মানবাধিকার নেত্রী আসমা জাহাঙ্গির (৬৬) প্রয়াত হলেন। ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় যে অল্প সংখ্যক পাকিস্তানি বাংলাদেশিদের পাশে দাঁড়ান তাঁদের মধ্যে ছিলেন আসমার বাবা মালিক গোলাম জিলানি। সেই সুবাদেই আসমাও মুক্তিযুদ্ধে পাক সেনাদের বর্বরতার জন্য ক্ষমা চাওয়ার দাবিতে অনড় ছিলেন। পাকিস্তানের হাইকোর্ট ও সুপ্রিম কোর্টে আইনজীবী হিসেবে কাজ শুরু করেন তিনি। পাকিস্তানের মানবাধিকার কমিশনের প্রধান হিসেবে কাজ করার পাশাপাশি সুপ্রিম কোর্টের বার অ্যাসোসিয়েশনের চেয়ারপার্সনও ছিলেন। গণতন্ত্রের পক্ষে সওয়াল করায় ১৯৮৩ সালে জেনারেল জিয়া উল হকের শাসনে কারাদণ্ডও ভোগ করতে হয় তাঁকে। ভারত-পাক শান্তির জন্যও বিভিন্ন সময় সরব হয়েছেন আসমা। ভারতের বিশিষ্ট অভিনেত্রী ও মানবাধিকার কর্মী শাবানা আজমি লিখেছেন, 'পাকিস্তান সব চেয়ে নির্ভীক বিপ্লবীকে হারাল। মানবাধিকার আন্দোলন হারাল তার সব চেয়ে বড় নেতাকে।'

## দক্ষিণ আফ্রিকা থেকে প্রথম বার সিরিজ জয় ভারতের



১৩ ফেব্রুয়ারি: পোর্ট এলিজাবেথে দক্ষিণ আফ্রিকাকে ৭৩ রানে হারিয়ে দক্ষিণ আফ্রিকার মাটি থেকে প্রথমবার একদিনের সিরিজ জিতল ভারত। ছয় ম্যাচের সিরিজে পঞ্চম ম্যাচের পরে ভারত এগিয়ে গেল ৪-১ ব্যবধানে। ভারত প্রথমে ব্যাট করে ৫০ ওভারে ৭ উইকেট হারিয়ে ২৭৪ রান করে। রোহিত শর্মা সিরিজের প্রথম চার ম্যাচে তেমন সাফল্য না পেলেও এ দিন ১২৬ বলে ১১৫ করে নিজের ১৭তম শতরানটি করেন। জবাবে দক্ষিণ আফ্রিকার ইনিংস ৪২.২ ওভারে ২০১ রানে শেষ হয়ে যায়। কুলদীপ ৫৭ রানে ৪ এবং হার্দিক ও চহাল ২টি করে উইকেট নেন। রোহিত শর্মা ম্যাচের সেরা হয়েছেন।

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স ②

**১৬ ফেব্রুয়ারি** কাবেরী জলবন্টন মামলায় রায় দিল সুপ্রিম কোর্ট। তাতে জলের ভাগ কমল তামিলনাড়ুর। শীর্ষ আদালতের তিন সদস্যের বেঞ্চ এই মামলার রায় দিতে গিয়ে জানিয়েছে পানীয় জলের চাহিদাকেই এই মামলায় বেশি প্রাধান্য দেওয়া হয়েছে। বেঙ্গালুরুতে পানীয় জলের প্রবল সমস্যাকে সামনে তুলে ধরে তামিলনাড়ুব জলের ভাগ কমিয়ে সেই জায়গায় ১৪.৭৫ শতাংশ বাড়ানো হয়েছে কর্নাটকের ভাগে। তামিলনাড়ু সরকার এই সিদ্ধান্তে ক্ষোভ প্রকাশ করেছে। শাসক দল এডিএমকে জানিয়েছে, প্রাপ্য জলের ভাগের জন্য তারা লড়াই চালিয়ে যাবে। রায় ঘোষণার পর সদ্য রাজনীতিতে আসা দক্ষিণী সুপারস্টার রজনীকান্ত টুইটারে লিখেছেন, 'সুপ্রিম কোর্টের চূড়ান্ত রায় যেহেতু তামিলনাড়ুর কৃষকদের ওপর প্রভাব ফেলবে, তাই বিষয়টা হতাশাজনক।'

**নীরব মোদী, তাঁর পরিবার এবং সংস্থার** ২৯টি সম্পত্তি ও ১০৫টি ব্যাঙ্ক অ্যাকাউন্ট বাজেয়াপ্ত করল আয়কর দপ্তর। পাশাপাশি নীরব ও তাঁর মামা মেহুল চোক্সীর পাসপোর্ট সাময়িক ভাবে বাতিল করা হয়েছে। যদিও দুই অভিযুক্তই এই মুহূর্তে দেশের বাইরে বলে জানা গেছে। তাদের দেশে ফেরানোর ব্যাপারে কেন্দ্রের সদিচ্ছা নিয়ে ইতিমধ্যেই প্রশ্ন তুলেছে বিরোধীরা। সম্প্রতি দাভোসে আন্তর্জাতিক বাণিজ্য সম্মেলনে নীরব মোদীকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে এক মঞ্চে দেখাও গেছে।

**বিশিষ্ট পরিবেশবিজ্ঞানী ধ্রুবজ্যোতি ঘোষ** (৭১) প্রয়াত হলেন। প্রকৃতির নিয়মেই পূর্ব কলকাতার জলাভূমিতে শোধন হয় দূষিত জল, এই তত্ত্ব তুলে ধরেই মহানগরের এই বিস্তীর্ণ জলাভূমিকে আন্তর্জাতিক স্বীকৃতি এনে দিয়েছিলেন তিনি। কর্মজীবনে পশ্চিমবঙ্গের চিফ এনভায়রনমেন্ট অফিসার-সহ পরিবেশ দপ্তরের একাধিক গুরুত্বপূর্ণ পদ সামলেছেন তিনি। পেয়েছেন আন্তর্জাতিক পুরস্কারও। অবসরের পরেও যুক্ত ছিলেন গবেষণা, প্রবন্ধ রচনা, পরিবেশ আন্দোলনের সঙ্গে।

**নিরাপত্তার কারণ দেখিয়ে সৌদি আরবে** সেনা মোতায়েনের কথা ঘোষণা করল পাকিস্তান। এ দিন রাওয়ালপিন্ডিতে সৌদি রাষ্ট্রদূতের সঙ্গে বৈঠকের পর পাক সেনা প্রধান কামার জাভেদ বাজওয়া এ কথা জানান। তাঁর কথায়, 'উপসাগরীয় দেশগুলিতে শান্তি বজায় রাখতেই এই পদক্ষেপ।' যদিও কূটনীতিকরা মনে করছেন, ইয়েমেনের সঙ্গে সংঘর্ষরত সৌদিতে সেনা মোতায়েনের এই ঘোষণা উপসাগরীয় অঞ্চলে পাকিস্তানের ক্ষমতা ও প্রভাব বিস্তারের প্রচেষ্টা।

## নেপালের নতুন প্রধানমন্ত্রী ওলি



১৫ ফেব্রুয়ারি: নেপালের ৪১তম প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিলেন খড়্গ প্রসাদ ওলি। এর আগে ২০১৫ - র অক্টোবর থেকে ২০১৬-র অগস্ট পর্যন্ত প্রথমবারের জন্য তিনি প্রধানমন্ত্রী ছিলেন। নেপালের নির্বাচন কমিশন প্রাদেশিক ও স্থায়ী আইনসভা নির্বাচনের ফল ঘোষণার পরেই প্রধানমন্ত্রীর পদ থেকে এ দিন ইস্তফা দেন নেপালি কংগ্রেসের নেতা শের বাহাদুর দেউবা। পরে কমিউনিস্ট নেতা ওলিকে কাঠমান্ডুর রাষ্ট্রপতি ভবনে শপথবাক্য পাঠ করান নেপালের রাষ্ট্রপতি বিদ্যাদেবী ভাণ্ডারী। ছবি: পিটিআই

## দক্ষিণ আফ্রিকায় নজির গড়লেন বিরাট



১৬ ফেব্রুয়ারি: সিরিজ আগেই জিতে গিয়েছিল ভারত। এ দিন সেঞ্চুরিয়নে নিয়মরক্ষার শেষ ম্যাচেও দক্ষিণ আফ্রিকাকে ৮ উইকেটে হারাল তারা। প্রথমে ব্যাট করে ৪৬.৫ ওভারে ২০৪ রানে শেষ হয়ে যায় দক্ষিণ আফ্রিকার ইনিংস। ভারতের শার্দুল ঠাকুর ৪টি, বুমরা ও চাহল ২টি করে উইকেট নেন। ভারত ৩২.১ ওভারে ২ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্যে পৌঁছে যায়। বিরাট কোহলি ৯৬ বলে ১২৯ রান করে অপরাজিত থাকেন। এই ম্যাচ সহ সিরিজে তিনটি ম্যাচের সেরা হলেন তিনি। ম্যান অব দ্য সিরিজের স্বীকৃতিও পেয়েছেন বিরাট। সিরিজে তিনটি শতরান সহ তাঁর মোট রান ৫৫৮। দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে দ্বিপাক্ষিক সিরিজে প্রথম ব্যাটসম্যান হিসেবে ৫০০ রান করার রেকর্ডও করলেন বিরাট। একদিনের ক্রিকেটে শততম ক্যাচটিও ধরেছেন এই সিরিজেই। সেইসঙ্গে ওয়ান ডে-তে ৩৫তম সেঞ্চুরিটিও এ দিন পেলেন তিনি।

**১৭ ফেব্রুয়ারি** প্রায় সাড়ে ১১ হাজার কোটি টাকার ব্যাঙ্ক প্রতারণা মামলায় পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের দুই অফিসার, গোকুলনাথ শেট্টি ও মনোজ খারাটকে গ্রেপ্তার করেছে সিবিআই। গোকুলনাথ অবশ্য একবছর আগেই ডেপুটি ম্যানেজার পদ থেকে অবসর নিয়েছেন। গোকুলনাথ ও মনোজের যোগসাজশেই নীরব মোদী ও তাঁর সংস্থা পিএনবি থেকে বিরাট অঙ্কের টাকা মেটানোর ব্যাঙ্ক গ্যারান্টি বা 'লেটার অফ আন্ডারটেকিং' হাতিয়ে নিয়েছিলেন বলে অভিযোগ। পিএনবির ১৮ জন কর্মীকে এ দিন পর্যন্ত সাসপেন্ড করা হয়েছে। এই ঘটনায় দেশের আরও ২১টি জায়গায় হানা দিয়ে হীরে, সোনা মিলিয়ে ২৫ কোটি টাকার সম্পত্তি উদ্ধার করেছে পুলিশ।

**সাংসদ পদ থেকে ইস্তফা দিলেন** নাগাল্যান্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী নেফিয়ু রিও। রাজ্যবাসীর উদ্দেশে দেওয়া এক বার্তায় তিনি বলেছেন আগামী দিনে কেবল রাজ্য রাজনীতিতেই থাকবেন। ২০০৩ থেকে টানা মুখ্যমন্ত্রী থাকার পর ২০১৪ সালে মুখ্যমন্ত্রিত্ব ছেড়ে সাংসদ হয়ে লোকসভায় যান রিও। বর্তমানে নাগাল্যান্ডে এনডিপিপি দলের হয়ে বিজেপির সঙ্গে গাঁটছড়া বেঁধেছেন তিনি।

**১৮ ফেব্রুয়ারি** ইরানের দুর্গম পার্বত্য এলাকায় ৬৬ জন আরোহী নিয়ে ভেঙে পড়ল একটি যাত্রিবাহী বিমান। বিমানটি তেহরান থেকে ইয়াসুজ যাচ্ছিল। ইরানের উড়ান সংস্থা আসিমান জানিয়েছে, ইপি৩৭০৪ নামের দুই ইঞ্জিনের বিমানটিকে স্বল্প দূরত্বের উড়ানে ব্যবহার করা হত। তুষার ঝড়ের কারণে উদ্ধারকারী দল পাঠানোয় ব্যাঘাত ঘটেছে। প্রশাসনের আশঙ্কা, আরোহীদের মধ্যে কেউই বেঁচে নেই।

**সৌদি আরবের মহিলাদের ক্ষেত্রে** নিষেধাজ্ঞার বেড়া আরও শিথিল করল সে দেশের সরকার। এ বার পুরুষদের অনুমতি ছাড়াই ব্যবসা শুরু করতে পারবেন সৌদি মহিলারা। এ ব্যাপারে সৌদি আরবের বাণিজ্য ও বিনিয়োগ মন্ত্রকের ওয়েবসাইটে সবিস্তারে জানানো হয়েছে। এত দিন সৌদি আরবে কোনও মহিলা যদি কোনও শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে চাইতেন বা বেড়াতে যেতে চাইতেন অথবা সরকারি কোনও কাজ করতে চাইতেন তা হলে তাঁকে অনুমতির জন্য নির্ভর করতে হত বাবা, স্বামী, ভাই অথবা যে কোনও পুরুষ অভিভাবকের ওপর। এবার থেকে তার আর দরকার হবে না।

**দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে জোহানেসবার্গে** প্রথম টি-টোয়েন্টি ম্যাচে সহজেই ২৮ রানে জিতে সিরিজে ১-০ এগিয়ে গেল ভারত। প্রথমে ব্যাট করে ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ২০৩ রান করে। দক্ষিণ আফ্রিকার ইনিংসে ৯ উইকেটে ১৭৫ রানে শেষ হয়ে যায়। ভুবনেশ্বর কুমার ২৪ রান দিয়ে ৫ উইকেট নিয়ে ম্যাচের সেরা হন।

## ভারত সফরে ইরানের প্রেসিডেন্ট



১৭ ফেব্রুয়ারি: ভারত সফরে এসে নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বৈঠক করলেন ইরানের প্রেসিডেন্ট হাসান রোহানি। পরে এক যৌথ বিবৃতিতে দু'দেশের পক্ষ থেকে জানানো হল সন্ত্রাস ও উগ্রপন্থা নিয়ে দু'দেশের অবস্থান একই। জঙ্গি দমনের ক্ষেত্রে বাছাবাছি করবে না কোনও পক্ষই। নাম না করলেও দিল্লির নিশানায় যে পাকিস্তান সে ব্যাপারে একমত হয়েছেন কূটনীতিকরাও। অন্যান্য ক্ষেত্রের মধ্যে ইরানের চাবাহার বন্দর ইতিমধ্যেই ব্যবহারের সুযোগ পেয়েছে ভারত। পাকিস্তানে চিনা উদ্যোগে তৈরি গ্বদর বন্দর থেকে চাবাহার বন্দরের দূরত্ব মাত্র ৯০ কিলোমিটার। এই বন্দরের মাধ্যমেই পাকিস্তানকে এড়িয়ে আফগানিস্তানে পণ্য সরবরাহ করছে ভারত। এই বন্দরের একটি অংশ এ দিন ভারতীয় সংস্থাকে 'লিজ' দিয়েছে ইরান। সেখানে একটি 'কন্টেনার টার্মিনাল' গড়ে তোলা হবে বলে জানানো হয়েছে। এ দিন মোট ৯টি দ্বিপাক্ষিক চুক্তি করেছে দু'দেশ। এছাড়া ভারতীয়দের জন্য ভিসা নীতিও শিথিল করেছে ইরান। ইরানের সঙ্গে ছয় দেশের পরমাণু চুক্তি নিয়েও মন্তব্য করেছেন রোহানি। আমেরিকায় বারাক ওবামার আমলে এই চুক্তি হলেও ডোনাল্ড ট্রাম্প সম্প্রতি এই চুক্তি থেকে বেরিয়ে আসার হুমকি দিয়েছেন। সেই প্রসঙ্গে রোহানি বলেন, 'ইরান শেষ নিঃশ্বাস পর্যন্ত পরমাণু চুক্তি মেনে চলবে। আমেরিকা চুক্তি ছেড়ে বেরিয়ে গেলে তার ফল তাদের ভুগতে হবে।' ছবি: পিটিআই

**১৯ ফেব্রুয়ারি** বিপুল অঙ্কের আর্থিক কেলেঙ্কারিতে অভিযুক্ত হয়ে পিএনবি-কে পাঠানো চিঠিতে ব্যাঙ্ককেই কাঠগড়ায় তুললেন যাবতীয় বিতর্কের কেন্দ্রে থাকা নীরব মোদী। আত্মপক্ষ সমর্থনে মোদী জানিয়েছেন, পাইপয়সা ধার মিটিয়ে দেবেন বলে তিনি কথা দিয়েছিলেন পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ককে। তার জন্য নিজের ব্যবসা বিক্রি করতেও তৈরি ছিলেন তিনি। কিন্তু তাড়াহুড়ো করে টাকা ফেরত পেতে চেয়ে ব্যাঙ্কই পথে বসিয়েছে তাঁকে। তাই এখন ধারের টাকা ফেরত দেওয়ার রাস্তা বের করা তাঁর পক্ষে কঠিন হয়ে দাঁড়িয়েছে। ১১,৪০০ কোটি টাকার কেলেঙ্কারিতে অভিযুক্ত হিরে ব্যবসায়ী আরও অভিযোগ করেছেন তাঁর ধারের অঙ্ক অনেক বাড়িয়ে দেখাচ্ছে ব্যাঙ্ক। তাঁর বা তাঁর সংস্থার বকেয়া অঙ্ক ৫,০০০ কোটিরও নীচে।

**২০ ফেব্রুয়ারি** নীরব মোদীর প্রতারণা সংক্রান্ত মামলায় নীরব ও মেহুল চোক্সীর একাধিক সংস্থার পাঁচ শীর্ষ আধিকারিককে গ্রেপ্তার করল সিবিআই। ধৃতদের মধ্যে শিল্পপতি মুকেশ ও অনিল অম্বানির খুড়তুতো ভাই বিপুল অম্বানিও রয়েছেন। বিপুল হলেন নীরবের সংস্থা ফায়ারস্টার ইন্টারন্যাশনালের প্রেসিডেন্ট (ফিনান্স)। এই নিয়ে নীরব মামলায় মোট গ্রেপ্তার হলেন ১১ জন। অন্যদিকে, পিএনবি-র সাড়ে ১১ হাজার কোটি টাকা কেলেঙ্কারি নিয়ে সরকার পক্ষের হয়ে প্রথম মুখ খুললেন অর্থমন্ত্রী অরুণ জেটলি। কেন্দ্রীয় অর্থমন্ত্রী যাবতীয় কেলেঙ্কারির দায় চাপালেন রিজার্ভ ব্যাঙ্ক, পিএনবি কর্তৃপক্ষ এবং অডিটরদের ওপর। জেটলির যুক্তি, ব্যাঙ্কের নিজস্ব ও বাইরের অডিটরদের ভাবতে হবে, এই অনিয়ম ধরা গেল না কেন ? নজরদারি সংস্থা অর্থাৎ রিজার্ভ ব্যাঙ্ককে নিশ্চিত করতে হবে, এই ধরনের ঘটনা যাতে অঙ্কুরেই বিনষ্ট করা যায় এবং এর পুনরাবৃত্তি না হয়।

**নেপালে এক হয়ে গেল দুই বাম দল।** এ দিন, সিপিএন-ইউএমএল এবং সিপিএন-মাওবাদী সেন্টার এক হয়ে তৈরি হল কমিউনিস্ট পার্টি অব নেপাল। এ দিনই হংকংয়ের এক সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে নেপালের প্রধানমন্ত্রী খড়্গপ্রসাদ ওলি জানালেন, চিনের সঙ্গে ঘনিষ্ঠতা বাড়িয়ে তাদের কাছ থেকে যতটা সম্ভব সুবিধা পাওয়া এবং বেজিংয়ের সঙ্গে ঘনিষ্ঠতাকে ভারতের সামনে তুলে ধরে দিল্লিকে চাপে রাখাই হবে তাঁর কৌশল। তবে ভারত ও নেপালের দীর্ঘদিনের ঘনিষ্ঠ যোগাযোগ ও খোলা সীমান্তের কথা উল্লেখ করে ওলি বলেছেন, 'এই যোগাযোগ আমরা আরও বাড়াব। তবে ভুললে চলবে না দু'টি প্রতিবেশী রয়েছে আমাদের। শুধু একটির ওপর নির্ভর করে থাকতে পারি না।'

**২১ ফেব্রুয়ারি** ভারতকে ৬ উইকেটে হারিয়ে সেঞ্চুরিয়নে টি-টোয়েন্টি সিরিজে ১-১ সমতা ফেরাল দক্ষিণ আফ্রিকা। ভারতের ৪ উইকেটে ১৮৮ রানের জবাবে দক্ষিণ আফ্রিকা ১৮.৪ ওভারে করে ১৮৯-৪। ম্যাচের সেরা হন হেনরিক ক্লাসেন। ৩০ বলে ৬৯ রান করেন তিনি।

**২২ ফেব্রুয়ারি** রাষ্ট্রপুঞ্জের মহাসচিব আন্তোনিও গুতেরেজ যুদ্ধবিধ্বস্ত সিরিয়ার পূর্ব ঘুটাকে 'পৃথিবীর বুকে নরক' বলে অভিহিত করলেন। এই অঞ্চলটিই এখনো সিরিয়ায় বিদ্রোহীদের দখলে রয়েছে। রুশ বাহিনীর সাহায্যে সিরিয়ার বাশার আল আসাদের সরকার টানা বিমান হানা চালিয়ে যাচ্ছে পূর্ব ঘুটায়। ১৮ ফেব্রুয়ারি থেকে সেখানে নির্বিচারে হামলা চালাচ্ছে আসাদের অনুগত সেনা। রাষ্ট্রপুঞ্জের হিসেবে এ দিন পর্যন্ত মৃত্যু হয়েছে ৩৪৬ জনের। গুতেরেজ বলেন, 'আর সময় নেই। আমাদের চোখের সামনে যা ঘটছে, তাকে আটকাতেই হবে। এমন ভয়ানক পরিস্থিতি চলতে দেওয়া যেতে পারে না।' রাষ্ট্রপুঞ্জে মার্কিন দূত নিকি হ্যালিও বলেছেন, 'নৃশংস আসাদ রাজত্ব।' সিরিয়ার পাশে রাশিয়ার অবস্থান নিয়ে আন্তর্জাতিক মহলে প্রশ্ন উঠেছে। যদিও মস্কো জানিয়েছে নিরাপত্তা পরিষদে সিরিয়া নিয়ে আলোচনা হলে তারা সেই আলোচনায় থাকতে রাজি।

## টেনিসে ফের এক নম্বর হয়ে নজির ফেডেরারের



১৭ ফেব্রুয়ারি: ৩৬ বছর বয়সে বিশ্ব র‍্যাঙ্কিংয়ে এক নম্বর হয়ে নজির গড়লেন রজার ফেডেরার। রাফায়েল নাদালকে সরিয়ে বিশ্ব র‍্যাঙ্কিংয়ে ফের এক নম্বর হলেন তিনি। ভাঙলেন সবচেয়ে বেশি বয়সে এক নম্বর হওয়া আন্দ্রে আগাসির রেকর্ড। আগাসি ৩৩ বছর বয়সে এই রেকর্ড করেছিলেন। এ দিন রটারডাম ওপেনে সেমিফাইনালে উঠে এই রেকর্ড গড়লেন ফেডেরার।

## দল গড়লেন কমল হাসান



২১ ফেব্রুয়ারি: তামিল সুপারস্টার কমল হাসান নতুন রাজনৈতিক দল গড়লেন। দলের নাম 'মাক্কল নিধি মাইয়ম' বা 'পিপলস জাস্টিস সেন্টার'। এ দিন সন্ধেয় মাদুরাইয়ের ওথাকাদাই ময়দানে বিরাট জনসভা থেকে রাজনৈতিক জীবন শুরু করলেন তিনি। তাঁর দলের পতাকায় রয়েছে লাল-সাদা হাতের বন্ধন, সাদা তারা। কমল বলেছেন, 'এই দল মানুষের। ডান নয়, বাম নয়, আমরা চলব সোজা পথে।' দলের নাম ঘোষণার সময় সঙ্গে ছিলেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরীবাল। প্রয়াত প্রাক্তন রাষ্ট্রপতি এ পি জে আব্দুল কালামের বাড়ি থেকে এ দিন রাজনৈতিক যাত্রা শুরু করেন কমল। তিনি বলেন, 'সাধারণ জীবনযাত্রার মধ্যে দিয়েই ভাল কিছু করা যায়। সে জন্যই নতুন পথে এগোতে এক মহান মানুষের সাধারণ বাসস্থানকে বেছে নিয়েছি।

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## পি এস সি

☐ *ওয়েস্ট বেঙ্গল পি এস সি-র মাধ্যমে রাজ্য সরকারের এগ্রিকালচার ডিপার্টমেন্টে অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —সোমনাথ মণ্ডল, বর্ধমান সদর (উত্তর)।*

☐☐ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে এগ্রিকালচার ডিপার্টমেন্টে অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর পদে নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচারে স্নাতক। রাজ্যের কৃষিব্যবস্থা সম্পর্কে জ্ঞান থাকলে অগ্রাধিকার। প্রার্থীকে অবশ্যই বাংলায় পড়তে, লিখতে ও বলতে জানা চাই। ৫ মার্চের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in

## ইউ পি এস সি

☐ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত প্রিলিমিনারি পরীক্ষার জন্য আবেদন করেছি। ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস মেন লিখিত পরীক্ষায় কী কী বিষয়ে কত নম্বরের পরীক্ষা হবে? পরীক্ষা কবে নাগাদ হবে? —দেবদত্ত সাঁতরা, সাহাপুর, বীরভূম।*

☐☐ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিসের মেন লিখিত পরীক্ষা ডিসেম্বর মাসে হতে পারে। এই পরীক্ষায় থাকবে মোট ৬টি পেপার। এর মধ্যে দু'টি আবশ্যিক: পেপার ওয়ান জেনারেল ইংলিশ ও পেপার টু জেনারেল নলেজ। প্রতিটি পেপারের নম্বর ৩০০ করে। তালিকা থেকে দু'টি ঐচ্ছিক বিষয় বেছে নিতে হবে। প্রতিটি বিষয়ের দু'টি করে পত্র, মোট চারটি পেপার (পেপার থ্রি থেকে সিক্স)। মোট চারটি পেপারের প্রতিটিতে ২০০ নম্বরের পরীক্ষা হবে। তালিকাভুক্ত বিষয়গুলি হল: এগ্রিকালচার, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, বটানি, কেমিস্ট্রি, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, ফরেস্ট্রি, জিওলজি, ম্যাথমেটিক্স, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ফিজিক্স, স্ট্যাটিস্টিক্স, জুলজি। যে-সব বিষয়ের কম্বিনেশন নেওয়া যাবে না সেগুলি হল: (ক) এগ্রিকালচার ও এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, (খ) এগ্রিকালচার ও অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, (গ) এগ্রিকালচার ও ফরেস্ট্রি, (ঘ) কেমিস্ট্রি ও কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, (ঙ) ম্যাথমেটিক্স ও স্ট্যাটিস্টিক্স। একাধিক ইঞ্জিনিয়ারিং বিষয়ও নেওয়া যাবে না। এ ক্ষেত্রে ডেসক্রিপটিভ টাইপ প্রশ্ন হবে। উত্তর লিখতে হবে ইংরেজিতে। প্রতিটি পত্রের জন্য সময়সীমা ৩ ঘণ্টা করে। লিখিত পরীক্ষায় সফল হলে তবেই পার্সোন্যালিটি টেস্টের জন্য ডাক পাওয়া যাবে। বিস্তারিত সিলেবাসের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

☐ *ইউ পি এস সি আয়োজিত সিভিল সার্ভিস মেন পরীক্ষার ছয় ও সাত নম্বর পেপারের অপশনাল বিষয়গুলি কী কী? —প্রিয়ব্রত মজুমদার, চাঁদেরঘাট, নদিয়া।*

☐☐ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত সিভিল সার্ভিস মেন পরীক্ষার ছয় ও সাত নম্বর পেপারের অপশনাল বিষয়গুলি হল: (১) এগ্রিকালচার, (২) অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, (৩) অ্যানথ্রোপলজি, (৪) বটানি, (৫) কেমিস্ট্রি, (৬) সিভিল ইঞ্জিনিয়ারিং, (৭) কমার্স অ্যান্ড অ্যাকাউন্ট্যান্সি, (৮) ইকনমিক্স, (৯) ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, (১০) জিওগ্রাফি, (১১) জিওলজি, (১২) হিস্ট্রি, (১৩) ল, (১৪) ম্যানেজমেন্ট, (১৫) ম্যাথমেটিক্স, (১৬) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, (১৭) মেডিক্যাল সায়েন্স, (১৮) ফিলোজফি, (১৯) ফিজিক্স, (২০) পলিটিক্যাল সায়েন্স অ্যান্ড ইন্টারন্যাশনাল রিলেশনস, (২১) সাইকোলজি, (২২) পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, (২৩) সোশিওলজি, (২৪) স্ট্যাটিস্টিক্স, (২৫) জুলজি, (২৬) নিম্নলিখিত যে-কোনও একটি ভাষা— অসমিয়া, বাংলা, বড়ো, ডোগরি, গুজরাতি, হিন্দি, কন্নড়, কাশ্মীরি, কোঙ্কনি, মৈথিলী, মালয়ালম, মারাঠি, মণিপুরি, নেপালি, ওড়িয়া, পঞ্জাবি, সংস্কৃত, সাঁওতালি, সিন্ধি, তামিল, তেলুগু, উর্দু, ইংরেজি। ওয়েবসাইট: www.upsc.gov.in

## রেল

☐ *রেলে গ্রুপ 'সি' পদে দরখাস্ত করেছি। প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানাবেন। —মলয় সেন, বাগনান, হাওড়া।*

☐☐ দেশজুড়ে বিভিন্ন রেলে গ্রুপ 'ডি' পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই হবে একটি কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা (সি বি টি), দৈহিক সক্ষমতার পরীক্ষা ও নথিপত্র যাচাইয়ের মাধ্যমে। সবশেষে মেডিক্যাল এগ্জামিনেশন। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। মাধ্যমিক মানের অঙ্ক, জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, জেনারেল সায়েন্স এবং কারেন্ট অ্যাফেয়ার্স-ভিত্তিক জেনারেল অ্যাওয়্যারনেসের প্রশ্ন হবে। সময় দেড়ঘণ্টা। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। সি বি টি-তে সফলদের মেধাতালিকা অনুসারে দৈহিক সক্ষমতা যাচাইয়ের পরীক্ষায় ডাকা হবে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৩৫ কেজি ওজন নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব অতিক্রম এবং ৪ মিনিট ১৫ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়। প্রতিটি ইভেন্টের জন্য একটিই সুযোগ পাওয়া যাবে। খুঁটিনাটি জানতে দেখুন কলকাতা আর আর বি–র ওয়েবসাইট: www.rrbkolkata.gov.in

☐ *রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট, টেকনিশিয়ান এবং গ্রুপ 'সি' পদের ক্ষেত্রে সাধারণ ক্যাটেগরিভুক্ত প্রার্থীদের বয়স ও ফি-এর ক্ষেত্রে কী ধরনের ছাড়ের কথা নতুন করে সংশোধনী প্রকাশ করে ঘোষণা করা হয়েছে জানাবেন। —সুপ্রতীক রায়, বাবুগ্রাম, পুরুলিয়া।*

☐☐ রেলের তরফে নতুন বিজ্ঞপ্তি জারি করে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট, টেকনিশিয়ান এবং গ্রুপ 'সি' পদের ক্ষেত্রে সাধারণ ক্যাটেগরিভুক্ত প্রার্থীদের বয়স ও ফি-এর ক্ষেত্রে কিছু ছাড়ের কথা ঘোষণা করা হয়েছে। বয়সের ক্ষেত্রে উর্ধ্বসীমা ২ বছর বাড়ানো হয়েছে। অর্থাৎ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট ও টেকনিশিয়ান পদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা বাড়িয়ে ২৮ থেকে ৩০ বছর এবং গ্রুপ 'সি'-র ক্ষেত্রে ৩১ থেকে ৩৩ বছর করা হয়েছে। অন্যদিকে, ফি প্রসঙ্গে রেলমন্ত্রী জানিয়েছেন, সবক'টি পদের ক্ষেত্রেই জেনারেল ক্যাটেগরির প্রার্থীদের জন্য আবেদনের ফি বাবদ যে ৫০০ টাকা ধার্য করা হয়েছে, পরীক্ষায় বসলে প্রার্থীরা তার মধ্যে ৪০০ টাকাই ফেরত পেয়ে যাবেন। আগের বিজ্ঞপ্তিতে ফি ফেরত দেওয়ার কথা বলা হয়নি। তবে দরখাস্ত বাতিল হলে ফি-এর অর্থ ফেরত পাওয়া যাবে না।

## কোর্স, ট্রেনিং

☐ *রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে চিনা ভাষা শিখতে চাই। কবে নাগাদ আবেদন করা যাবে? কোর্সটি সম্পর্কে বিস্তারিত জানাবেন। —দিব্যেন্দু প্রধান, সপ্তগ্রাম, হুগলি।*

☐☐ রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে চিনা ভাষার সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য এখনই আবেদন করা যাচ্ছে। এটি একটি সান্ধ্য কোর্স। বিভিন্ন পর্যায়ে প্রশিক্ষণ দেওয়া হবে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা সমতুল। কোর্স ফি: প্রতিটি পর্যায়ের ক্ষেত্রে ২,২০০ টাকা। আবেদন গ্রহণ চলছে। আবেদনপত্র সংগ্রহ করতে হবে প্রতিষ্ঠান থেকে। ঠিকানা: রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, রুম নম্বর ২২৬, ৫৬ এ, বি টি রোড, কলকাতা-৭০০ ০৫০। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৮ মার্চ। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৮৭৪৮২৪৩১৭ (দুপুর ১২টা থেকে বিকেল ৫টা)। ওয়েবসাইট: www.rbu.ac.in

## উচ্চশিক্ষা

☐ *ডাক্তারি কোর্সে ভর্তির সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা 'নিট' কবে হবে? এই পরীক্ষায় বসার জন্য কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —দীপাঞ্জন মান্না, ময়নাপুর, বাঁকুড়া।*

☐☐ দেশের বিভিন্ন মেডিক্যাল ও ডেন্টাল কলেজগুলিতে স্নাতক কোর্সে ভর্তির সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা 'ন্যাশনাল এলিজিবিলিটি-কাম-এন্ট্রান্স টেস্ট' (নিট) নেওয়া হবে ৬ মে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে অবশ্যই ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা বায়োটেকনোলজি পড়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের ১৮০টি মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি (বটানি ও জুলজি) বিষয়ে। পরীক্ষা সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.cbseneet.nic.in

☐ *পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি এবং বেসরকারি কলেজে ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিম্যাল হাজবেন্ড্রি ডিগ্রি কোর্সে ভর্তির পরীক্ষা 'ইভেটস'-এ বসতে চাই। বিস্তারিত জানাবেন। —বোধিসত্ত্ব কর, হেমতাবাদ, উত্তর দিনাজপুর।*

☐☐ ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিম্যাল হাজবেন্ড্রি ডিগ্রি কোর্সে ভর্তির পরীক্ষা 'ইভেটস-২০১৮' আয়োজিত হবে ২৬ মে। পরীক্ষার আয়োজনে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এগ্জামিনেশনস বোর্ড। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি এবং ইংলিশে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ পাশ। তবে প্রতিটি বিষয়েই পাশ নম্বর থাকতে হবে। এ বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। পরীক্ষা নেওয়া হবে দু'টি পত্রে— ফিজিক্স অ্যান্ড কেমিস্ট্রি (১০০ নম্বর) এবং বায়োলজিক্যাল সায়েন্সেস (১০০ নম্বর)। প্রশ্ন হবে মাল্টিপল চয়েস ধরনের। প্রতিটি পত্রে ৫০টি করে প্রশ্ন থাকবে। নেগেটিভ মার্কিং আছে। প্রথম পত্রের পরীক্ষা সকাল ১১টা থেকে দুপুর ১টা এবং দ্বিতীয় পত্রের পরীক্ষা দুপুর ২টো থেকে বিকেল ৪টে পর্যন্ত। ১৪ মার্চের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbjeeb.in ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। অনলাইনে আবেদনপত্র সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। কনফার্মেশন পেজ ডাউনলোড করার শেষ তারিখ ১৭ মার্চ। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

## অন্যান্য চাকরি

☐ *ইন্ডিয়ান অয়েলে পাওয়ার অ্যান্ড ইউটিলিটিস শাখায় জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —পিয়াল কুণ্ডু, নয়াবসত, পশ্চিম মেদিনীপুর।*

☐☐ ইন্ডিয়ান অয়েলে পাওয়ার অ্যান্ড ইউটিলিটিস শাখায় জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। সঙ্গে বয়লার কম্পিটেন্সি সার্টিফিকেট থাকতে হবে। অথবা মাধ্যমিক এবং ফিটার ট্রেডে আই টি আই কোর্স পাশ। সঙ্গে বয়লার কম্পিটেন্সি সার্টিফিকেট থাকতে হবে। অথবা বি এসসি, স্নাতকস্তরে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে এবং বয়লার ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকতে হবে। অথবা অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ মেকানিক্যাল বা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। সঙ্গে কোনও পেট্রোলিয়াম রিফাইনারি বা পেট্রোকেমিক্যালস, ফার্টিলাইজার, হেভি কেমিক্যাল বা পাওয়ার প্ল্যান্টে সংশ্লিষ্ট কাজে কেবল ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়লার কম্পিটেন্সি সার্টিফিকেট থাকলে কোনও অভিজ্ঞতা না থাকলেও আবেদন করা যাবে। ১০ মার্চের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ দরখাস্তের প্রিন্ট আউট ২৪ মার্চের মধ্যে সাধারণ ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Advertiser-IOCL Haldia Refinery, P.O. Box No.1, P.O. Haldia Oil Refinery, District: Purba Medinipur, West Bengal, PIN: 721 606.

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯ ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## মাধ্যমিক শিক্ষাকেন্দ্র ও শিশু শিক্ষাকেন্দ্রের ৬০ হাজার শিক্ষক বেতন কবে পাবে?

আমি শিশু শিক্ষাকেন্দ্রের একজন শিক্ষক। গত তিন মাস কোনও বেতন পাইনি। বিভিন্ন দপ্তরের দাবিদাওয়া পেশ, স্মারকলিপি জমা দেওয়ার পরে বিস্তর শোরগোল হওয়ায় সম্প্রতি এক মাসের বেতন দেওয়া হয়েছে। কিন্তু তা-ও যথাবিহিত পদ্ধতি মেনে হয়নি। আমাদের ক্ষোভ কমাতে দপ্তরের নিজস্ব তহবিল থেকে আপাতত বেতন মেটানো হয়েছে। কিন্তু পরিস্থিতি কবে স্বাভাবিক হবে, তার কোনও উত্তরই কারও কাছে নেই।

রাজ্যে প্রায় ১৬ হাজার শিশু শিক্ষাকেন্দ্র আছে। এখানে চতুর্থ শ্রেণি পর্যন্ত পড়ানো হয়। মাধ্যমিক শিক্ষাকেন্দ্র আছে ১,৯০০টি। এখানে পড়ানো হয় অষ্টম শ্রেণি পর্যন্ত। এই দু'ধরনের প্রতিষ্ঠানে প্রায় ৬০ হাজার শিক্ষক আছেন। আমাদের শেষ বেতন হয়েছে অক্টোবর মাসে। তার পর থেকে কোনও বেতন আমরা পাইনি। বিভিন্ন দপ্তরে দরবার করেও কোনও ফল হয়নি। রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরে আমরা স্মারকলিপি জমা দিই। মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায় শিক্ষা দপ্তরের ওপর যাবতীয় দায় চাপান। তাঁর বক্তব্য, শিক্ষা দপ্তর টাকা না দেওয়ায় বেতন দেওয়া যাচ্ছে না। আবার শিক্ষা দপ্তর থেকে বলা হয়, শিক্ষকদের বেতনের টাকা কেন্দ্রীয় সরকার সর্বশিক্ষা প্রকল্পের মাধ্যমে তাঁদের হাতে দেয়। কিন্তু ডিসেম্বর থেকে সেই টাকা কেন্দ্র দিচ্ছে না বলে বেতন দেওয়া যাচ্ছে না। কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের সর্বশিক্ষা অভিযান বিভাগের কর্তাব্যক্তিরা আমাদের জানান, 'ইউটিলাইজেশন সার্টিফিকেট' সম্পর্কিত কিছু তথ্যগত ত্রুটির জন্য কয়েকটি রাজ্যে এই সমস্যা তৈরি হয়েছে। পশ্চিমবঙ্গ-ও আছে সেই তালিকায়। তাই শিক্ষকরা বেতন পাচ্ছেন না। কারণ যা-ই হোক না কেন, ফল কিন্তু ভুগতে হচ্ছে আমাদেরই। পঞ্চায়েত দপ্তরের নিজস্ব তহবিল থেকে আপাতত এক মাসের বেতন মেটানো হলেও কেন্দ্র কবে রাজ্যকে টাকা পাঠাবে, তার কোনও হদিস নেই। দু'ধরনের স্কুলেই শিক্ষকদের বেতনের টাকা, মিড-ডে মিলের খরচ, বইপত্র, পড়ুয়াদের পোশাক— সব কিছুর জন্যই কেন্দ্রীয় সরকার টাকা দেয় সর্বশিক্ষা প্রকল্পে। ওই টাকা প্রথমে আসে রাজ্য শিক্ষা দপ্তরে। তারা টাকা দেয় সর্বশিক্ষা মিশনে। মিশন আবার সেই টাকা দেয় পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরকে। তার পর জেলাপরিষদের মাধ্যমে শিক্ষকদের বেতন ও আনুষঙ্গিক খরচ স্কুলগুলিকে দেয় পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর। সরকারি ফিতের গেরোয় আটকে আমাদের ভবিষ্যৎ। আবার কবে বেতন পাব, তার ঠিক নেই। মাননীয়া মুখ্যমন্ত্রী-সহ সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী এবং আধিকারিকদের কাছে আমার একান্ত অনুরোধ, পরিস্থিতি স্বাভাবিক করার উদ্দেশ্যে দ্রুত সদর্থক পদক্ষেপ করুন।

**পঞ্চায়েত দপ্তরের নিজস্ব তহবিল থেকে আপাতত এক মাসের বেতন মেটানো হলেও কেন্দ্র কবে রাজ্যকে টাকা পাঠাবে, তার কোনও হদিস নেই। দু'ধরনের স্কুলেই শিক্ষকদের বেতনের টাকা, মিড-ডে মিলের খরচ, বইপত্র, পড়ুয়াদের পোশাক— সব কিছুর জন্যই কেন্দ্রীয় সরকার টাকা দেয় সর্বশিক্ষা প্রকল্পে। ওই টাকা প্রথমে আসে রাজ্য শিক্ষা দপ্তরে। তারা টাকা দেয় সর্বশিক্ষা মিশনে। মিশন আবার সেই টাকা দেয় পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরকে।**

**নাম ও ঠিকানা প্রকাশে অনিচ্ছুক।**

নাম : ..........................

ঠিকানা : ..........................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সহজে শিখুন কম্পিউটার

যে-কোনও পড়াশোনার সঙ্গে সঙ্গে কম্পিউটার শিক্ষা এখন অবশ্যপ্রয়োজনীয় হয়ে দাঁড়িয়েছে। শুধু কম্পিউটার-সংক্রান্ত পেশায় প্রবেশের জন্যই নয়, যে-কোনও কাজ করতে গেলেই জানতে হচ্ছে কম্পিউটারের ব্যবহার। ছাত্র-ছাত্রী এবং চাকরিপ্রার্থীদের প্রয়োজনের কথা মনে রেখেই সহজে কম্পিউটার শেখার এই বিভাগ।

## মাইক্রোসফট এক্সেল

**Formulas → Lookup & Reference → VLOOKUP**

গত সংখ্যায় আমরা Formula লিখে কীভাবে VLOOKUP ফাংশানটি ব্যবহার করা যায় তা শিখেছি। এবার আমরা শিখব, Function Arguments-এর মাধ্যমে VLOOKUP-এর ব্যবহার—

⇨ Formulas → Lookup & Reference → VLOOKUP-এ ক্লিক করুন। Function Arguments-এর ডায়ালগ বক্স আসবে।

⇨ Lookup_value, Table_array, Col_index_num-এর ঘরে নির্দিষ্ট data input করুন।

এখানে,

Lookup_value → 2014 লিখুন অথবা, A4 Cell-এ ক্লিক করুন।

Table array → A2:D5

Col_index_num → 2

⇨ দেখুন Result দেখাচ্ছে।







**=INDEX**

এই সূত্রটির সাহায্যে কোনও নির্দিষ্ট কলাম বা রো-এর ভেদকৃত Cell-এ উল্লিখিত মান নির্ণয় করা হয়।

এই সূত্রটি =HLOOKUP এবং =VLOOKUP সূত্রের ন্যায় সমন্বিত ভাবে কাজ করে। এই Formula-র syntax-টি হল—

=INDEX(Array,Row_num,Column_num)

আমরা নীচের চার্টের তথ্যের ওপর এই Formula-টি প্রয়োগ করতে চাই। ধরুন, আমরা 2013 সালে কত Pencil কেনা হয়েছে, তা বের করতে চাইছি।

| | A | B | C | D |
|---|---|---|---|---|
| 1 | Year | Paper | Pencil | Eraser |
| 2 | 2012 | 23 | 16 | 8 |
| 3 | 2013 | 27 | 19 | 12 |
| 4 | 2014 | 29 | 23 | 14 |
| 5 | 2015 | 33 | 28 | 19 |

C6 Cell-এ এর result বের করব। তাহলে, Formula-টি লিখব—

=INDEX(A1:D5,3,3) এবং 'Enter' press করলে C6 Cell-এ result-টি দেখাবে।

এখানে,

Array → A1:D5

Row_num → 3

Column_num → 3




এবার আমরা Function Arguments-এর মাধ্যমে এই Formula-টির ব্যবহার শিখব।

⇨ Formulas → Lookup & Reference → INDEX-এ ক্লিক করুন।




⇨ Select Arguments-এর একটি ডায়ালগ বক্স আসবে।

⇨ ওই ডায়ালগ বক্সের মধ্যে by default 'array,row_num,column_num' syntax-টি highlighted থাকবে।

⇨ OK করুন।




⇨ Function Arguments-এর ডায়ালগ বক্স আসবে।

⇨ এবার Array ঘরে ক্লিক করে Cell range লিখুন— A1:D5।

⇨ Row_num ঘরে ক্লিক করে 3 লিখুন।

⇨ Column_num ঘরে ক্লিক করে 3 লিখুন।

⇨ দেখুন Result দেখাচ্ছে 19।




ক্রমশ

বাসুদেব চট্টোপাধ্যায়

# কম্পিউটারজিজ্ঞাসা



কম্পিউটারে লিনাক্স অপারেটিং সিস্টেম থাকলে সেখানে এম এস অফিসের কাজ কীভাবে করব? —বিপাশা সিংহ, রাঙামাটি, পশ্চিম মেদিনীপুর।

□□ লিনাক্স অপারেটিং সিস্টেম এম এস অফিসকে সাপোর্ট করে না। লিনাক্স-এ কাজ করলে এম এস অফিসের কাজের জন্য আপনি ওপেন অফিস সফটওয়্যারটি ব্যবহার করে দেখতে পারেন।

অঙ্ক নিয়ে স্নাতক হওয়ার পর কম্পিউটারের একটি ডিপ্লোমা কোর্স করেছি। এখন ডেটা এন্ট্রি অপারেটরের একটি কাজ করছি। এরপর প্রোগ্রামিং এবং ওয়েব ডিজাইনিং শিখতে চাইলে কোথায় শিখতে পারি? —চিন্ময় মন্ডল, আরামবাগ, হুগলি।

□□ কম্পিউটারে অনেক প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ রয়েছে। আপনাকে ঠিক করতে হবে কোন প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজটি আপনি শিখতে চান। আপনি যাদবপুরের ন্যাশনাল ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি-তে যোগাযোগ করতে পারেন। এখানে প্রোগ্রামিং, ওয়েব ডিজাইনিং-সহ কম্পিউটারের বিভিন্ন বিষয়ে কোর্স করানো হয়।

কম্পিউটার চালু করবার সময় পাসওয়ার্ড দেওয়ার পরই মেশিন হ্যাং হয়ে যাচ্ছে। প্রতিবারই কম্পিউটার রিস্টার্ট করতে হচ্ছে। সমস্যাটির সমাধানের বিষয়ে কিছু জানালে উপকৃত হব। —বিশ্বজিৎ বিশ্বাস, কাঁকিনাড়া, উত্তর ২৪ পরগনা।

□□ আপনার সমস্যাটি বিভিন্ন কারণে হতে পারে। ডিস্ক ড্রাইভগুলোতে ভাইরাস থেকে থাকলে এরকম হতে পারে। সেক্ষেত্রে ভালো অ্যান্টিভাইরাস সফটওয়্যার ব্যবহার করতে হবে। এছাড়া আপনার কম্পিউটারে RAM-ও কম থাকতে পারে। সাধারণত কম থাকলে আর বেশি সংখ্যায় সফটওয়্যার ইনস্টল করা থাকলেও কম্পিউটার বার বার হ্যাং হয়ে যেতে পারে। এক্ষেত্রে কম্পিউটারের RAM বাড়ানোর প্রয়োজন হবে।

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*যাঁর যে কাজে ঝোঁক, তাঁর সেই কাজটিই ভালো করে করা উচিত বলে মনে করি। কাজটি খেলাধুলা হতে পারে বা অন্যকিছু। সে-কাজে বিন্দুমাত্র ফাঁকি চলে না। সেখানে ফাঁকি মানে নিজেকে ঠকানো।*
*— শচিন তেন্ডুলকর*
*(প্রবাদপ্রতিম ভারতীয় ক্রিকেটার)*

***✓ ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা করেছি। চাকরির চেষ্টা চলছে। চাকরির খবর জানাবেন।***

*প্রবাল রায়, শ্রীরামপুর, হুগলি।*

☐ ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীদের চাকরির সুযোগ তো এখন বেশ ভালোই। চাকরির পরীক্ষার জন্য নিজেকে প্রস্তুত রাখুন।

***এখনই আবেদন করতে পারেন:*** দেশজুড়ে বিভিন্ন রেলে ১৭,৬৭৩ জন অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট নিয়োগ করা হবে। মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স এবং অটো মোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরাও এই পদে আবেদনের যোগ্য। আগ্রহী হলে এই পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৯ ফেব্রুয়ারি সংখ্যায় 'রেলে ২৬৫০২: দরখাস্ত গ্রহণ শুরু' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গের কলকাতা, মালদা, শিলিগুড়ি-সহ মোট ২১টি রেল রিক্রুটমেন্ট বোর্ড। যে-কোনও একটি রেল রিক্রুটমেন্ট বোর্ডের শূন্যপদে আবেদন করবেন। যে আর আর বি-র শূন্যপদে আবেদন করবেন, তার ওয়েবসাইটের মাধ্যমে অনলাইন আবেদন করতে হবে ৫ মার্চের মধ্যে। 'কর্মক্ষেত্র'-র উপরোক্ত সংবাদে ২১টি আর আর বি-র ওয়েবসাইটের তালিকা পাবেন। তথ্যের জন্য যে-কোনও আর আর বি-র ওয়েবসাইট দেখতে পারেন। কলকাতা আর আর বি-র ওয়েবসাইট: www.rrbkolkata.gov.in

দেশজুড়ে বিভিন্ন রেলে ১৭,৬৭৩ জন অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট নিয়োগ করা হবে। মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স এবং অটো মোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরাও এই পদে আবেদনের যোগ্য। আগ্রহী হলে এই পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৯ ফেব্রুয়ারি সংখ্যায় 'রেলে ২৬৫০২: দরখাস্ত গ্রহণ শুরু' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গের কলকাতা, মালদা, শিলিগুড়ি-সহ মোট ২১টি রেল রিক্রুটমেন্ট বোর্ড। যে-কোনও একটি রেল রিক্রুটমেন্ট বোর্ডের শূন্যপদে আবেদন করবেন।

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। বিদ্যুৎ উৎপাদন ও বিতরণ সংস্থাগুলিতে আবেদন করতে পারবেন। রাইটস লিমিটেড, ইলেক্ট্রনিক্স কর্পোরেশন অব ইন্ডিয়া, ইন্ডিয়ান অয়েল, ও এন জি সি, বিভিন্ন আই আই টি, ভারত হেভি ইলেক্ট্রিক্যালস লিমিটেড, এন এম ডি সি, মেট্রো রেল, ইরকন ইন্টারন্যাশনাল লিমিটেড, পাওয়ার গ্রিড কর্পোরেশন প্রভৃতি সংস্থায় চাকরির সুযোগ আছে।

***✓ বাংলা সাহিত্যে বি এ করেছি। অনার্সে ৫৬ শতাংশ নম্বর আছে। ডিগ্রি সম্পূর্ণ হয়েছে গতবছর। এখন কম্পিউটার অ্যাপ্লিকেশনের একটি সার্টিফিকেট কোর্স করছি। রেলের চাকরিতে বিশেষ আগ্রহ আছে। রেলের কোন কোন পদে আমি আবেদন করতে পারব। কম্পিউটার টাইপিং জানলে কি চাকরি পেতে সুবিধা হবে?***

*সমরেশ ভৌমিক, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

☐ গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদনের যোগ্য। গ্র্যাজুয়েট যোগ্যতার নানা চাকরির পরীক্ষার সিলেবাস দেখুন। কোন কোন চাকরির পরীক্ষায় আপনার কৃতকার্য হওয়ার সম্ভাবনা রয়েছে তার একটা তালিকা তৈরি করে ফেলতে পারেন। এবার সেই তালিকা থেকে পছন্দের কয়েকটি চাকরি বেছে নিয়ে সেগুলির পরীক্ষার জন্য প্রস্তুত হোন। রেলের চাকরির প্রতি আপনার বিশেষ আগ্রহ রয়েছে বলে জানিয়েছেন। সেক্ষেত্রে রেলের চাকরির জন্য বিশেষ প্রস্তুতি নিতে পারেন। ভালো টাইপিং জানা থাকলে চাকরির সুযোগ-সম্ভাবনা বাড়ে।

***এখনই আবেদন করতে পারেন:*** পশ্চিমবঙ্গের আবগারি বিভাগে সাব-ইনস্পেক্টর নেওয়া হবে। আপনি এই পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৯ ফেব্রুয়ারি সংখ্যায় 'রাজ্য পুলিশের আবগারি বিভাগে ১৬১ সাব-ইনস্পেক্টর' শীর্ষক সংবাদে এই চাকরির বিশদ তথ্য জানানো হয়েছে। লিখিত পরীক্ষার সঙ্গে থাকবে দৈহিক সক্ষমতার পরীক্ষা। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৩ মিনিটে ৮০০ মিটার দৌড়। ৪ মার্চ পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.policewb.gov.in অফলাইন দরখাস্ত করার ব্যবস্থাও আছে। তথ্যের জন্য 'কর্মক্ষেত্র'-র ৯ ফেব্রুয়ারি সংখ্যার উল্লিখিত সংবাদটি দেখতে পারেন। তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটেও।

***পরে আবেদন করতে পারবেন:*** রেলের গুডস গার্ড, অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, ট্রাফিক অ্যাসিস্ট্যান্ট, কমার্শিয়াল অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। একটিই পরীক্ষার মাধ্যমে এই চার পদের জন্য প্রার্থী বাছাই করা হয়ে থাকে। এ ছাড়াও রেলের টিকিট এক্সামিনার, ট্রেন'স ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। টাইপিং শিখে নিলে ক্লার্ক, বুকিং ক্লার্ক, টাইম কিপার পদে আবেদন করা যায়। পশ্চিমবঙ্গ সরকারের অফিসার পদে চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেস পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় জুনিয়র অ্যাসোসিয়েট পদে আবেদন করতে পারবেন। ব্যাঙ্কের ক্লার্ক, প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কের অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। আগ্রহ থাকলে ডব্লু বি সি এসের মতো প্রশাসনিক চাকরির পরীক্ষায় বসতে পারবেন। টাইপিং জানা থাকলে কেন্দ্রীয় সরকারের লোয়ার ডিভিশন ক্লার্ক, ডাকবিভাগের পোস্টাল ও সর্টিং অ্যাসিস্ট্যান্ট, পশ্চিমবঙ্গ সরকারের ক্লার্ক পদে আবেদন করা যায়।

***✓ আর্টস শাখায় উচ্চমাধ্যমিক পাশ। আমি কি রেলের গ্রুপ 'ডি' পদে দরখাস্ত করতে পারব? অন্য আর কী কী চাকরির জন্য আমি প্রস্তুতি নিতে পারি?***

*জয়দেব মাইতি, কোন্নগর, হুগলি।*

☐ আপনি রেলের গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন এবং দরখাস্তে পছন্দের ক্রমানুসারে যে-কোনও পদের উল্লেখ করতে পারেন। আপনার শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক বলে ধরা হবে। রেলে সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর ০২/২০১৮-য় জানানো হয়েছিল মাধ্যমিক যোগ্যতায় গ্রুপ 'ডি'-র পাঁচটি ক্যাটেগরির পদে আবেদন করা যাবে। কিন্তু ২১ ফেব্রুয়ারি রেলমন্ত্রী পীযূষ গোয়েল ঘোষণা করেন। মাধ্যমিক যোগ্যতায় গ্রুপ 'ডি'-র যে-কোনও পদেই আবেদন করা যাবে। যে-কোনও একটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের শূন্যপদে আবেদন করবেন। রেলের উল্লিখিত বিজ্ঞপ্তি অনুসারে অনলাইন দরখাস্ত করার শেষ দিন ১২ মার্চ। তবে আবেদনের সময়সীমা আরও বাড়বে বলেই রেল-সূত্রের খবর।

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারের মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। রেলের টিকিট এক্সামিনার ও ট্রেন'স ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে সহায়ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন সংস্থা ও আঞ্চলিক প্রশাসনে গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন।

***✓ ক্লাস ইলেভেন পর্যন্ত পড়াশোনা করেছি। তারপর বিয়ে হয়ে যায়। একটা চাকরির ব্যবস্থা হওয়া খুবই দরকার। বয়স ২৪ বছর। চাকরির খবর দেবেন।***

*শুক্লা দাশ, ঠাকুরপুকুর, মহেশতলা, দক্ষিণ ২৪ পরগনা।*

☐ মাধ্যমিক যোগ্যতায় কয়েকটি চাকরির সুযোগ আছে। সেই সব চাকরির পরীক্ষায় বসার জন্য পড়াশোনা করে নিজেকে প্রস্তুত করে নিতে হবে আগে।

***এখনই আবেদন করতে পারেন:*** রেলে গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৬ ফেব্রুয়ারি সংখ্যায় 'রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি: কীভাবে দরখাস্ত করবেন' শীর্ষক সংবাদে এই চাকরি বিষয়ে বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ১২ মার্চের মধ্যে। তবে দরখাস্ত করার সময়সীমা আরও বাড়ার সম্ভাবনা রয়েছে। যে আর আর বি-র শূন্যপদে আবেদন করবেন, তার ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত করতে হবে। তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.rrbkolkata.gov.in

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন সংস্থা ও আঞ্চলিক গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতিতে সহায়ক পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন।

## একটু পরিকল্পনা করে চাকরির পরীক্ষার প্রস্তুতি নিতে হবে



**হরিশ দে**
প্রাক্তন সচিব, পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামোদ্যোগ পর্ষদ

প্রচুর ছেলেমেয়ে সরকারি চাকরি করবেন বলে মনস্থ করেন। সরকারি চাকরি পাওয়ার জন্য প্রতিযোগিতামূলক পরীক্ষায় উত্তীর্ণ হতে হয়। তীব্র সেই প্রতিযোগিতা মোকাবিলার জন্য যথাযথ পরিকল্পনা অনুসারে পড়াশোনা করে প্রস্তুতি নিতে হয়। আর সেই পড়াশোনাটা নিয়মানুবর্তিতার সঙ্গে করতে হয়। কোনও একটি চাকরির জন্য ভালো প্রস্তুতি সেই নির্দিষ্ট চাকরিটি ছাড়াও অন্যান্য চাকরির জন্য কাজে লাগে। একটু সময় নিয়ে ধৈর্য সহকারে প্রস্তুতি নেওয়ার সুবিধা অনেক। লেগে থাকার মানসিকতা থাকলে সফল না হওয়ার কারণ নেই।

আমি পশ্চিমবঙ্গ সরকারের ক্লার্কশিপের পরীক্ষা দিয়ে প্রথম চাকরিটি পেয়েছিলাম। এরপরে পশ্চিমবঙ্গ সরকারের মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষা দিয়ে চাকরি পাই। চাকরি করতে করতেই ডব্লু বি সি এস পরীক্ষার প্রস্তুতি নিয়েছিলাম। সফল হয়েছিলাম।

নিজের অভিজ্ঞতা থেকে বলতে পারি যে, প্রস্তুতির প্রক্রিয়াটা যদি নিরবচ্ছিন্ন হয়, মনযোগ সহকারে হয়, তবে দেখবেন পড়াশোনা করা, আরও জানার নেশাটা একটা অভ্যাসে পরিণত হয়ে যায়। তখন নিজেকে পরীক্ষাগুলোর মধ্য দিয়ে পরখ করার তীব্র একটা ইচ্ছা তৈরি হয়। ওই ইচ্ছেটা অত্যন্ত জোরালো হয়ে উঠলে জানবেন আপনি সাফল্যের দোরগোড়ায় পৌঁছেছেন। তখন একটা চাকরি পেলেও মন ভরে না, তুলনামূলক কঠিন আরেকটি পরীক্ষায় বসে সফল হওয়ার ইচ্ছেটা প্রবল হয়ে ওঠে। তখন তো অনেকটাই তৈরি হয়ে গেছেন এ ধরনের পরীক্ষার জন্য। তখন একাধিক চাকরি পাওয়ার জোরটা তৈরি হয়ে যায়।

পরিকল্পনাটা খুব জরুরি। কীভাবে প্রস্তুত হবেন, তার একটা রূপরেখা ছকে নেওয়ার দরকার রয়েছে। প্রস্তুতির পদ্ধতিটা একেক জনের কাছে একেক রকম হতে পারে। কিন্তু, পরিকল্পনাটা থাকতেই হবে।

ডব্লু বি সি এসের পরীক্ষায় বসার জন্য আমি আগে ১০ বছরের প্রশ্নপত্র সংগ্রহ করেছিলাম। বিষয় অনুসারে প্রশ্নের ধাঁচটা বুঝে নিতে চেয়েছিলাম। বলা ভালো, বইপত্র পড়বার আগে ১০ বছরের প্রশ্নপত্র পড়েছিলাম। তারপর প্রশ্নের রকম অনুসারে প্রচুর নোট তৈরি করেছিলাম। সেই নোটগুলিই ছিল মূল রিডিং মেটেরিয়াল। সাধারণ জ্ঞান, কারেন্ট অ্যাফেয়ার্সের প্রস্তুতির জন্য দৈনিক খবরের কাগজ পড়ার অভ্যাস গড়ে তুলতে হবে।

যথেষ্ট ধৈর্যের দরকার হবে। একটি পরীক্ষায় কৃতকার্য না হতে পারলে হতাশ হয়ে পড়লে চলবে না। বরং কী ধরনের প্রশ্নে আপনি সমস্যায় পড়েছেন, সেগুলো নির্দিষ্ট করে তার সঠিক উত্তর জেনে নিন। সমস্যাগুলোকে সমস্যার আকারেই থাকতে দেবেন না। সমস্যাগুলোর সমাধানের ওপর জোর দিন। দেখবেন, শুধু সেই চাকরির পরীক্ষায় নয়, অন্য চাকরির পরীক্ষাতেও আপনার সুবিধা হবে।

পরিশ্রম তো একটু হবেই। তাতে অনীহা থাকলে চলবে না। অনেকটা পড়ে তারপর একটা নোট তৈরি করতে হবে। সেই অনেকটা পড়ার পরিশ্রমকে তো স্বীকার করে নিতেই হবে। কোনও প্রশ্নের উত্তরে যদি দু'টো পয়েন্ট বেশি লিখতে পারেন, তবে সেটা আপনার কৃতিত্ব। কৃতিত্ব অর্জন করে নিতে হয়। সেজন্যই একটু পরিশ্রম করার দরকার হয়। সেই পরিশ্রমের মূল্যও পাওয়া যায়।

যাঁরা অনেক টাকাপয়সা খরচ করে প্রতিযোগিতামূলক চাকরির পরীক্ষার প্রস্তুতি নিতে পারছেন না, তাঁদের হতোদ্যম হওয়ার কারণ দেখি না। একটু খেটেখুটে নিজেই প্রস্তুতি নেওয়া যায়। সিলেবাস ধরে পড়াশোনা করবেন। বিচার-বিবেচনা করে কোন কোন বিষয়ের কোন কোন দিকে বিশেষ নজর দিতে হবে, সেটা ঠিক করে নেবেন। তারপর পড়াশোনা, অনুশীলন। যথার্থ তাগিদ থাকলে অবশ্যই সফল হবেন।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন?
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। নথিপত্রের কপি পাঠাবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



নিখরচায় একগুচ্ছ বৃত্তিমূলক প্রশিক্ষণ ...পৃঃ ১২

কর্মক্ষেত্র

# জীবিকার আটঘাট

স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার প্রতি মাসেই ৫০০০ টাকা
পুরস্কৃত প্রবন্ধ ১১ পাতায়

## রেলে ৯০ হাজার চাকরি জেনে নিন পরীক্ষার খুঁটিনাটি

**পৃথিবীর বৃহত্তম নিয়োগের প্রক্রিয়া চলছে ভারতীয় রেলে। প্রায় ৯০ হাজার শূন্যপদে প্রার্থী সংখ্যা বিপুল। প্রতিযোগিতাও তীব্র। দরখাস্তের প্রক্রিয়া শেষ হলেই কম্পিউটারভিত্তিক পরীক্ষার জন্য কোমর বাঁধতে হবে। সিলেবাস ধরে পড়াশোনা করে প্রস্তুতি নিতে হবে। এখানে কম্পিউটারভিত্তিক পরীক্ষার ধরন ও সিলেবাস সম্পর্কে খুঁটিনাটি জানানো হল।**



**নিজস্ব প্রতিনিধি:** রেলের গ্রুপ 'সি' (লেভেল-ওয়ান, লেভেল-টু) পদগুলিতে আবেদনের পালা চলছে এখন। বহু প্রার্থী অনলাইন দরখাস্ত করেও ফেলেছেন।

ইতিমধ্যে লেভেল-ওয়ান তথা পূর্বতন গ্রুপ 'ডি'-র পদগুলির শিক্ষাগত যোগ্যতায় কিছু পরিবর্তন ঘটেছে। এখন কেবল মাধ্যমিক পাশ হলেই গ্রুপ 'সি' (লেভেল-ওয়ান)-র সমস্ত ক্যাটেগরিতে আবেদন করা যাচ্ছে। পাশাপাশি, লেভেল-ওয়ান ও লেভেল-টু'র সবক'টি পদেই আবেদনের বয়সের উর্ধ্বসীমা ২ বছর বেড়েছে। ফলে আরও বহু প্রার্থী গ্রুপ 'সি' (লেভেল-ওয়ান) এবং অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট ও টেকনিশিয়ান পদে আবেদন করতে পারবেন। এ পর্যন্ত পৃথিবীর সর্ববৃহৎ নিয়োগের প্রক্রিয়ায় দেশজুড়ে অংশগ্রহণ করবেন বিপুল সংখ্যক প্রার্থী। তীব্র প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে সাফল্য করায়ত্ত করতে হবে।

অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট ও টেকনিশিয়ান (লেভেল-টু ) পদদু'টির প্রার্থীদের দু'টি কম্পিউটারভিত্তিক পরীক্ষায় সফল হতে হবে। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় বসার ডাক পাওয়া যাবে। অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের প্রার্থীদের ক্ষেত্রে সেইসঙ্গে থাকবে সাইকোলজিক্যাল অ্যাপ্টিটিউড টেস্ট। দুই পর্বের কম্পিউটারভিত্তিক পরীক্ষায় সফল হলে নেওয়া হবে এই পরীক্ষা। গ্রুপ 'সি' (লেভেল-ওয়ান) প্রার্থীদের ক্ষেত্রে থাকবে একটিই কম্পিউটারভিত্তিক পরীক্ষা। সফল হলে দৈহিক সক্ষমতার পরীক্ষা।

প্রতিযোগিতা তীব্র। ফলে কম্পিউটারভিত্তিক পরীক্ষার জন্য নিখুঁত প্রস্তুতির দরকার রয়েছে। অন্যথায় প্রতিযোগিতা থেকে ছিটকে যাওয়ার প্রবল সম্ভাবনা।

রেলের বিভিন্ন পদগুলির ক্ষেত্রে লিখিত বা কম্পিউটারভিত্তিক পরীক্ষার নির্দিষ্ট সিলেবাস প্রার্থীর চোখের সামনে থাকার দরকার। সিলেবাস পর্যালোচনা করলে প্রার্থী বুঝবেন, কোন কোন বিষয়ে তিনি এগিয়ে বা পিছিয়ে রয়েছেন। সিলেবাস ধরে পড়াশোনা ও প্র্যাক্টিসটাও সেইসঙ্গে খুব জরুরি। নীচে পরীক্ষার ধরনধারণ এবং পদ অনুসারে কম্পিউটারভিত্তিক পরীক্ষার নির্দিষ্ট সিলেবাস জানানো হল।

### অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট ও টেকনিশিয়ান: পরীক্ষার ধরন

দু'টি পদের ক্ষেত্রেই থাকবে দুই পর্বের কম্পিউটারভিত্তিক পরীক্ষা।

**প্রথম পর্বের পরীক্ষা:** এটি কম্পিউটারভিত্তিক স্ক্রিনিং টেস্ট। শিক্ষাগত ও টেকনিক্যাল যোগ্যতা অনুসারে প্রশ্ন হবে। মাল্টিপল চয়েস অবজেক্টিভ টাইপ ৭৫টি প্রশ্ন থাকবে অঙ্ক, জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, জেনারেল সায়েন্স এবং জেনারেল অ্যাওয়্যারনেস ও কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ে। সময় ১ ঘণ্টা। এই পরীক্ষায় উত্তীর্ণরা দ্বিতীয় দফার পরীক্ষা দেওয়ার ডাক পাবেন।

**দ্বিতীয় পর্বের পরীক্ষা:** এই পরীক্ষায় থাকবে দু'টি পার্ট— পার্ট 'এ' এবং পার্ট 'বি'। পার্ট 'এ'-র পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে অঙ্ক, জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, বেসিক সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং এবং কারেন্ট অ্যাফেয়ার্সভিত্তিক জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে। সময় দেড়ঘণ্টা। পার্ট 'বি' পরীক্ষায় মোট ৭৫টি প্রশ্ন থাকবে। সময় ১ ঘণ্টা। এক্ষেত্রে আই টি আই ট্রেড-সংক্রান্ত প্রশ্ন হবে সংশ্লিষ্ট ট্রেডের সিলেবাস থেকে। অঙ্ক ও ফিজিক্স নিয়ে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীদের ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক্স মেকানিক এবং ওয়্যারম্যানের মধ্যে থেকে কোনও একটি ট্রেড বেছে নিতে হবে পার্ট 'বি'র পরীক্ষার জন্য। উল্লেখ্য, ফিজিক্স ও ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা টেকনিশিয়ান গ্রেড-থ্রি (সিগন্যাল) ও টেকনিশিয়ান গ্রেড-থ্রি (টেলিকমিউনিকেশন) পদে আবেদনের যোগ্য।

*এরপর চোদ্দোর পাতায়*

## ওষুধপত্র বিশ্লেষণের নতুন পেশা



**কোনও ওষুধের কার্যকারিতা বিচারের জন্য সেই ওষুধে নির্দিষ্ট উপাদানগুলি সঠিক পরিমাণে ব্যবহৃত হয়েছে কিনা তা বিশ্লেষণ করে দেখেন ফার্মাসিউটিক্যাল টেকনিক্যাল অ্যানালিসিসের পেশাদাররা। এটি একটি নতুন পেশা। বিষয়টি পড়া যাচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারে।**

**নিজস্ব প্রতিনিধি:** কোনও জীবনদায়ী ওষুধে কোনও একটি উপাদান মাত্রাতিরিক্ত ব্যবহার করা হলে তাতে রোগীর জীবন সংশয় হতে পারে। আবার উপাদানটির ঘাটতি হলে ওষুধটির কার্যকারিতা নিশ্চিতভাবেই কমে যায়। সেজন্যই একটি ওষুধে নির্দিষ্ট উপাদানগুলি সঠিক পরিমাণে রয়েছে কিনা তা বিশ্লেষণ করে দেখার প্রয়োজন রয়েছে। কিন্তু ধরা যাক, ৫০০ মিলিগ্রামের একটি প্যারাসিটামল ট্যাবলেটে প্রকৃতই ৫০০ মিলিগ্রাম প্যারাসিটামল রয়েছে কিনা সেটা পরীক্ষা করে দেখবে কে? উপাদানটির বেশি-কমে রোগীর ক্ষতি। সেইসঙ্গে এতে সেন্ট্রাল ড্রাগস স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশনের বিধি ভঙ্গও হয়। ওষুধ প্রস্তুতকারক সংস্থার ক্ষেত্রে এই বিধিভঙ্গ একটি মারাত্মক অপরাধ।

এই প্রয়োজন থেকেই উঠে এসেছে একটি নতুন পেশা— ফার্মাসিউটিক্যাল টেকনিক্যাল অ্যানালিসিস। ওষুধপত্রের কার্যকারিতার সূক্ষ্মাতিসূক্ষ্ম বিচার-বিশ্লেষণ করে দেখার দায়িত্ব যাঁদের, তাঁরা হলেন ফার্মাসিউটিক্যাল টেকনিক্যাল অ্যানালিস্ট।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারের ডিরেক্টর ডঃ তপনকুমার চট্টোপাধ্যায় জানাচ্ছেন, ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিতে ওষুধ বিশ্লেষণের পেশাদারদের ভালো চাহিদা আছে এখন। কাজের পদ্ধতিটা ভালো করে জানা থাকলে চাকরির অভাব নেই।

### কোথায় পড়বেন

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারে ফার্মাসিউটিক্যাল টেকনিক্যাল অ্যানালিসিসের ৯ মাসের সার্টিফিকেট কোর্স পড়া যাচ্ছে। গুরু নানক ইনস্টিটিউট অব

*এরপর চোদ্দোর পাতায়*



কলেজে পড়তে পড়তেই নিয়মিত পড়ুন
পেশাপ্রবেশ
আর স্নাতক হয়েই যে কোনও চাকরির পরীক্ষা দিন নিশ্চিন্তে

- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয় সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।

ঘরে বসে নিয়মিত 'পেশাপ্রবেশ' পেতে ২৩০ (ক্যুরিয়ারে ৪৯০) টাকার চেক/ড্রাফট নীচের ঠিকানায় পাঠিয়ে বার্ষিক গ্রাহক হোন:

Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-19
Phone: 2283-2320 □ E-mail: info@swarnakshar.in

অনলাইনেও গ্রাহক হওয়া যায় ▸ www.swarnakshar.in

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# বিমান শিল্পে কেরিয়ার

**যাত্রী বা পণ্য নিয়ে এক এয়ারপোর্ট থেকে অন্য এয়ারপোর্টে নিরাপদে ও সুষ্ঠুভাবে বিমান উড়িয়ে নিয়ে যাওয়ার নেপথ্যে পাইলট ছাড়াও থাকেন বিভিন্ন বিভাগের বহু উড়ানকর্মী। উড়ানযাত্রাকে সব অর্থনৈতিক স্তরের মানুষের মধ্যে জনপ্রিয় করে তোলার উদ্যোগ নিয়েছে কেন্দ্রীয় সরকার। এর ফলে দেশে বিমান পরিবহণের পরিসর বাড়বে। বাড়বে উড়ান পরিষেবা-সংক্রান্ত নানা কাজে দক্ষ কর্মীদের চাহিদা। দেশের বেশ কয়েকটি প্রতিষ্ঠান বিমান পরিষেবা-সংক্রান্ত প্রশিক্ষণ দিয়ে থাকে।**



**নিজস্ব প্রতিনিধি:** পৃথিবীর চতুর্থ সর্ববৃহৎ অসামরিক বিমান পরিবহণের বাজার ভারতে। পরিসংখ্যান বলছে, ২০১৬ সালে এ দেশে ১৩১ মিলিয়ন যাত্রী বিমানে যাতায়াত করেছেন এবং এই যাত্রীদের মধ্যে ১০০ মিলিয়নই ভারতীয়। এ বছর বাজেট পেশ করতে গিয়ে কেন্দ্রীয় অর্থমন্ত্রী অরুণ জেটলিও মন্তব্য করেছেন, গত তিন বছরে দেশের বিভিন্ন শহরে উড়ানে যাতায়াতকারী যাত্রীর সংখ্যা প্রায় ১৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

এই তথ্যকে সামনে রেখেই ভারতে বিমান পরিবহণের বাণিজ্যকে আরও প্রসারিত করতে চাইছে কেন্দ্রীয় সরকার। ইতিমধ্যেই সাধারণ মানুষকে বিমানযাত্রার প্রতি আকৃষ্ট করতে 'UDAN' (উড়েগা দেশ কা আম নাগরিক) প্রকল্পের সূচনা করেছে সরকার। পিছিয়ে নেই দেশের উড়ান সংস্থাগুলিও। ইতিমধ্যেই বিমান নির্মাণকারী সংস্থাগুলির কাছে এ দেশ থেকে ৯০০টি অসামরিক বিমান তৈরির বরাত গিয়েছে। অসামরিক বিমান পরিবহণ শিল্পে বরাদ্দ অনেকটা বাড়িয়ে কেন্দ্রীয় অর্থমন্ত্রী বাজেট বক্তৃতায় জানিয়েছেন বিভিন্ন রাজ্যের প্রায় ৫৬টি বিমানবন্দর ও ৩১টি হেলিপ্যাডকে বিমান পরিষেবার আওতাভুক্ত করার প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছে।

সন্দেহ নেই অসামরিক উড়ান পরিবহণক্ষেত্রে এই বিপুল সরকারি-বেসরকারি উদ্যোগ গ্রহণের জেরে পাইলট থেকে শুরু করে গ্রাউন্ড স্টাফ পর্যন্ত প্রচুর দক্ষ কর্মীর প্রয়োজন হবে। বিমান পরিষেবার সঙ্গে যুক্ত বেশ কিছু বিভাগে চাকরি পাওয়া যেতে পারে উচ্চমাধ্যমিক পাশের পরই। মাধ্যমিক যোগ্যতাতেই পাইলটের প্রশিক্ষণ নেওয়া যায়। বিমান পরিষেবা-সংক্রান্ত কিছু চাকরি নিয়ে এখানে আলোচনা করা হল।

## পাইলট

যাত্রী বা পণ্যবাহী বিমান চালানোর জন্য নিতে হয় বিশেষ প্রশিক্ষণ। অসামরিক বিমান চালানোর জন্য স্টুডেন্ট পাইলট লাইসেন্স (এস পি এল) বা প্রাইভেট পাইলট লাইসেন্স (পি পি এল) বা কমার্শিয়াল পাইলট লাইসেন্স (সি পি এল) দরকার হয়। অসামরিক বিমান চালানোর জন্য লাইসেন্স দিয়ে থাকে কেন্দ্রের ডিরেক্টোরেট জেনারেল অব সিভিল এভিয়েশন (ডি জি সি এ)।

### কোথায় শিখবেন

দেশের বিভিন্ন সরকারি-বেসরকারি এভিয়েশন ইনস্টিটিউট ও ফ্লাইংক্লাবগুলি বিমান চালানোর প্রশিক্ষণ দেয়। এগুলির মধ্যে উল্লেখযোগ্য— ●গভর্নমেন্ট এভিয়েশন ট্রেনিং ইনস্টিটিউট, ডিরেক্টোরেট অব এভিয়েশন, ওড়িশা, সিভিল এরোড্রোম, ভুবনেশ্বর। ওয়েবসাইট: www.flywithgati.com ●দি বম্বে ফ্লাইং ক্লাব, জুহু এয়ারপোর্ট। ওয়েবসাইট: www.thebombayflyingclub.com ●রাজীব গান্ধি অ্যাকাডেমি ফর এভিয়েশন টেকনোলজি, কেরল। ওয়েবসাইট: www.rajivgandhiacademyforaviationtechnology.org ●ইন্দিরা গান্ধি রাষ্ট্রীয় উড়ান অ্যাকাডেমি, উত্তরপ্রদেশ। ওয়েবসাইট: www.igrua.gov.in ●গভর্নমেন্ট ফ্লাইং ট্রেনিং স্কুল, জাক্কুর, বেঙ্গালুরু। ওয়েবসাইট: www.gfts.kar.nic.in

উপরোক্ত প্রতিষ্ঠানগুলি ছাড়াও ডিরেক্টোরেট জেনারেল অব সিভিল এভিয়েশন কর্তৃক স্বীকৃত আরও প্রতিষ্ঠানের তালিকা পাবেন এই ওয়েবসাইটে: www.dgca.nic.in

**আকাশে প্রতিটি বিমান যাতে নিজস্ব রুট ধরে উড়ে যেতে পারে কিংবা একটি বিমানের সঙ্গে অন্য বিমানের সংঘর্ষের পরিস্থিতি যাতে তৈরি না হয়, তা দেখার দায়িত্ব এয়ার ট্রাফিক কন্ট্রোলারের। সঠিক রুট ধরে বিমান চালিয়ে নিয়ে যাওয়ার জন্য পাইলটকে সময়ে সময়ে পরামর্শ দিয়ে থাকেন তাঁরা।**

### কারা শিখবেন

স্টুডেন্ট ও প্রাইভেট পাইলট লাইসেন্স প্রশিক্ষণ নেওয়ার জন্য প্রার্থীকে অন্তত মাধ্যমিক উত্তীর্ণ হতে হয়। ফিজিক্স ও ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক পাশ হলে নেওয়া যায় কমার্শিয়াল পাইলট লাইসেন্স প্রশিক্ষণ।

স্টুডেন্ট পাইলট লাইসেন্স ও প্রাইভেট পাইলট লাইসেন্স পাওয়ার ক্ষেত্রে প্রার্থীর বয়স হতে হয় যথাক্রমে অন্তত ১৬ বছর ও ১৭ বছর। কমার্শিয়াল পাইলট লাইসেন্স প্রশিক্ষণ নেওয়ার জন্য বয়স অন্তত ১৮ বছর হতে হয়। সব ক্ষেত্রেই প্রার্থীর শারীরিক সক্ষমতা বা ফিটনেস থাকা জরুরি। এর পাশাপাশি ইংরেজি ভাষায় সাবলীল হওয়া প্রয়োজন।

কমার্শিয়াল পাইলট লাইসেন্স কোর্সে ভর্তির জন্য এভিয়েশন প্রতিষ্ঠানগুলি প্রার্থী বাছাই করে থাকে লিখিত পরীক্ষা, পাইলট অ্যাপ্টিটিউড টেস্ট, সাইকোমেট্রিক টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রশিক্ষণ শেষে ডি জি সি এ আয়োজিত ওরাল এক্সামিনেশন ও প্রযোজ্য ক্ষেত্রে প্র্যাক্টিক্যাল পরীক্ষায় পাশ করলে তবেই লাইসেন্স পাওয়া যায়।

## বিমান পরিষেবা

যাত্রীদের টিকিট ইস্যু করা, বিমানের গতিবিধি নিয়ন্ত্রণ, যাত্রী পরিষেবা ও স্বাচ্ছন্দ্য, বিমানের মেরামতি ও রক্ষণাবেক্ষণ— এসবই বিমান পরিষেবার অন্তর্গত। শুধু যাত্রী পরিবহণই নয়, চিঠিপত্র পরিবহণ, দেশি ও বিদেশি পণ্য আমদানি-রপ্তানির জন্যও বিমান এখন অন্যতম প্রধান মাধ্যম। সুষ্ঠুভাবে এই সমস্ত পরিষেবা প্রদানের জন্য নিয়োগ করা হয় দক্ষ পেশাদারদের।

বিমান পরিষেবার যেসব ক্ষেত্রে চাকরি হতে পারে সেগুলি হল—

### কেবিন ক্রু এবং ফ্লাইট স্টুয়ার্ড

বিমানের মধ্যে যাত্রীস্বাচ্ছন্দ্য ও নিরাপত্তা বজায় রাখা, আপৎকালীন অবস্থায় কীভাবে যাত্রীরা নিজেদের রক্ষা করতে পারেন সেসব বিষয়ের দায়িত্বে থাকেন কেবিন ক্রুরা। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। অথবা যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং টেকনোলজি বা ট্রাভেল অ্যান্ড ট্যুরিজমে তিন বছর মেয়াদের ডিগ্রি বা ডিপ্লোমা। ইংরেজি ও হিন্দি ভাষায় দক্ষতা থাকতে হবে। এই পদে সাধারণত অবিবাহিত পুরুষ ও মহিলাদের নিয়োগ করা হয়।



### সপ্রতিভ হওয়ার সঙ্গেই দরকার উপস্থিতবুদ্ধি

**গৌরব সরকার**
*কাস্টমার সার্ভিস এক্সিকিউটিভ, ইন্ডিগো*

বিমানবন্দরে যাত্রীদের প্রবেশের পর তাঁদের নিরাপদে ও সুষ্ঠুভাবে নির্দিষ্ট গন্তব্যে পৌঁছে দেওয়ার কাজটি শুনতে সহজ মনে হলেও, প্রক্রিয়াটি ততটা সহজ নয়। এর মধ্যে রয়েছে সঠিক নির্দেশ ও নিয়মানুসারে কাজ করে চলা বহু কর্মীর সম্মিলিত প্রচেষ্টা। চাহিদা বাড়ার ফলে উড়ানের সংখ্যা অতি দ্রুত বাড়ছে। তাই এই শিল্পে দক্ষ তরুণ-তরুণীদের প্রয়োজনীয়তাও বাড়ছে। মনে রাখতে হবে এ পেশায় শুধু শিক্ষাগত যোগ্যতা থাকলেই হবে না, প্রার্থীকে সপ্রতিভ ও স্বতঃস্ফূর্ত হওয়ার পাশাপাশি উপস্থিত বুদ্ধির অধিকারীও হতে হবে। এছাড়া ইংরেজি ভাষায় সাবলীলতা থাকা জরুরি।

### এয়ারপোর্ট অপারেশনস

বিমান ওড়ার আগে পর্যন্ত ফ্লাইট-সংক্রান্ত সমস্ত খুঁটিনাটি তথ্য, আবহাওয়া দপ্তর থেকে পাওয়া সাম্প্রতিক তথ্য বিমান সংস্থার সিস্টেমে আপডেট করার পাশাপাশি এয়ার ট্রাফিক কন্ট্রোল বিভাগের সঙ্গে সংযোগ রক্ষার কাজ করেন এই বিভাগের কর্মীরা। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স ও ম্যাথমেটিক্স-সহ বি এসসি, সঙ্গে এম এস অফিস ও কম্পিউটারের ব্যবহারিক জ্ঞান থাকতে হবে।

### এয়ার ট্রাফিক কন্ট্রোলার

আকাশে প্রতিটি বিমান যাতে নিজস্ব রুট ধরে উড়ে যেতে পারে কিংবা একটি বিমানের সঙ্গে অন্য বিমানের সংঘর্ষের পরিস্থিতি যাতে তৈরি না হয়, তা দেখার দায়িত্ব এয়ার ট্রাফিক কন্ট্রোলারের। সঠিক রুট ধরে বিমান চালিয়ে নিয়ে যাওয়ার জন্য পাইলটকে সময়ে সময়ে পরামর্শ দিয়ে থাকেন তাঁরা। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স ও ম্যাথমেটিক্স-সহ বি এসসি অথবা ইলেক্ট্রনিক্স বা টেলিকমিউনিকেশন বা রেডিও ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্সে স্পেশ্যালাইজেশন-সহ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। অথবা, ওয়্যারলেস কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স বা রেডিও ফিজিক্স বা রেডিও ইঞ্জিনিয়ারিংয়ে এম এসসি। সব ক্ষেত্রেই ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

### এয়ার ওয়ার্দিনেস অফিসার

কোনও বিমান এরোড্রাম থেকে আকাশে ওড়ার মত অবস্থায় আছে কি না সে বিষয়ে নিশ্চিত হয়ে বিমানকে ছাড়পত্র দিয়ে থাকেন তাঁরা। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স বা ম্যাথমেটিক্সে স্নাতক। অথবা মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স এবং এরোনটিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়ে বি ই বা বি টেক।

### কমিউনিকেশন, নেভিগেশন, সার্ভেইল্যান্স

বিমান ওড়ার সময় এ টি সি-র সঙ্গে সমন্বয় রক্ষার কাজ করেন এই বিভাগের কর্মীরা। বিমানের ওড়া ও অবতরণের জন্য ব্যবহৃত প্রয়োজনীয় যন্ত্রপাতি খারাপ হলে সেই সব যন্ত্র মেরামতির কাজ করে থাকেন তাঁরা। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স বা কমিউনিকেশন বা এরোনটিক্যাল টেলিকমিউনিকেশন মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক।

### বিমান রক্ষণাবেক্ষণ, মেরামতি

বিমানের জটিল যন্ত্রপাতি নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য এয়ারক্রাফট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার ও এয়ারক্রাফট টেকনিশিয়ানদের প্রয়োজন পড়ে। এয়ারক্রাফট টেকনিশিয়ানের শিক্ষাগত যোগ্যতা: এয়ারক্রাফট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা বা সার্টিফিকেট। এয়ারক্রাফট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারের শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা এরোনটিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা টেলিকমিউনিকেশন বা ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক।

উপরোক্ত ক্ষেত্রগুলি ছাড়াও নিয়োগ করা হয় বিভিন্ন বিভাগে। যেমন ফিনান্স, হিউম্যান রিসোর্স, আর্কিটেকচার, ল্যান্ড ম্যানেজমেন্ট, কার্গো হ্যান্ডলিং, ল, পার্সোনেল ম্যানেজমেন্ট, হ্যান্ডিম্যান, কাস্টমার এজেন্ট সার্ভিস।

বিমান পরিষেবা সংক্রান্ত নানা কোর্স পড়ানো হয় দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে—

●এস সি এম এয়ার টেকনিক্যাল ট্রেনিং ইনস্টিটিউট, কলকাতা।
ওয়েবসাইট: www.scmatti.org
●ভারত ইনস্টিটিউট অব এরোনটিক্স, পাটনা।
ওয়েবসাইট: www.iiagroup.co.in
●কলেজ অব এরোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, গুয়াহাটি। ওয়েবসাইট: www.caeg.in
●উৎকল এরোস্পেস অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ভুবনেশ্বর।
ওয়েবসাইট: www.shashibgroup.org
●এরোনটিক্যাল ট্রেনিং ইনস্টিটিউট, লখনউ। ওয়েবসাইট: www.cadup.gov.in
●ইন্ডিয়ান ইনস্টিটিউট অব এয়ারক্রাফট ইঞ্জিনিয়ারিং, দেরাদুন।
ওয়েবসাইট: www.iiaedehradun.org
●ইন্ডিয়ান এরোস্পেস অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, মুম্বই।
ওয়েবসাইট: www.indianaerospaceandengineering.com
●হিন্দুস্তান এরোস্পেস অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, পুনে।
ওয়েবসাইট: www.haepune.org
●পবন হংস হেলিকপ্টার ট্রেনিং ইনস্টিটিউট, মুম্বই।
ওয়েবসাইট: www.pawanhans.co.in
●রাজীব গান্ধি এভিয়েশন অ্যাকাডেমি, সেকেন্দ্রাবাদ।
ওয়েবসাইট: www.rgaviation.com

এই প্রতিষ্ঠানগুলি ছাড়াও ডিরেক্টোরেট জেনারেল অব সিভিল এভিয়েশন কর্তৃক স্বীকৃত অন্যান্য প্রতিষ্ঠানের তালিকা পাবেন এই ওয়েবসাইটে: www.dgca.nic.in

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার

ফেব্রুয়ারি মাসের প্রতিযোগিতায় বিজয়ী তাপসকুমার আদক ও শ্যামাপদ মাহাত

দু'জনেই পেলেন ২,৫০০ টাকা পুরস্কার



বিচার করেছেন এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের ডিরেক্টর এবং বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের ডেপুটি সেক্রেটারি এম এন মাইতি



## ব্রয়লার খরগোশ পালন

**তাপসকুমার আদক**, শ্যামসুন্দরপুর-ডেবরা বাজার, পশ্চিম মেদিনীপুর

**বিচারক:** খরগোশের মাংসের চাহিদা দিন দিন বাড়ছে। প্রকল্পটি সুন্দর ও সরল ভাবে লিখেছেন। ৩ মাসে কত ওজন হবে, বাজারে কত দামে বিক্রি হচ্ছে ইত্যাদি তথ্য দিলে ভালো হতো। খরগোশের বাচ্চা ফার্ম থেকে কিনে ৩ মাস পরে এইসব ফার্মেই বিক্রি করে দেওয়ার পরিকল্পনা ভালো। বাজারজাত করার সমস্যা কম থাকে। তবে ওঁরা লাভজনক দরে কিনবেন, এটা নিশ্চিত করতে হবে।

### কেন খরগোশ পালন

সাধারণ ভাবে লোকের ধারণা খরগোশ শুধুমাত্র শৌখিন গৃহপালিত প্রাণী। কিন্তু খরগোশের পরিকল্পিত প্রতিপালন খুবই লাভজনক ব্যবসা। তার কারণগুলি হল :—

- খরগোশের মাংসের চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে, কারণ এই মাংসে প্রোটিন, ভিটামিন ও মিনারেল বেশি মাত্রায় পাওয়া যায় এবং এতে কোলেস্টেরল ও ফ্যাট কম থাকে। স্বাস্থ্যসচেতন মানুষ ক্রমশ এই মাংসের প্রতি বেশি করে আগ্রহী হচ্ছেন।
- খরগোশ খাঁচায় প্রতিপালন করা যায়, ফলে অল্প জায়গা লাগে।
- অল্প বিনিয়োগে এই ব্যবসা শুরু করা যায়।
- খরগোশ খুব দ্রুত বেড়ে ওঠে।
- খরগোশ পালনে পরিশ্রম কম।

### রক্ষণাবেক্ষণ

- খরগোশকে সময়মতো খাবার ও জল দিতে হবে। দিনে দু'বার দানাখাদ্য ও একবার সবুজ শাকসবজি, পাতা, ঘাস দিতে হবে।
- প্রতিদিন প্রতিটি খরগোশের জন্য ২০০ গ্রাম দানাখাদ্য লাগবে।
- খাবার পাত্র ও খাঁচা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
- সময়মতো কৃমির ওষুধ খাওয়াতে হবে।
- বছরে একবার প্রতিষেধক ভ্যাকসিন দিতে হবে।
- পচা বা বাসি শাকসবজি বা বেশি খাবার দেওয়া যাবে না।
- সাপ, কুকুর, ভামবেড়াল ইত্যাদি থেকে খরগোশদের রক্ষার যথাযথ ব্যবস্থা করতে হবে। এছাড়াও এদের পর্যবেক্ষণে রাখতে হবে যাতে কোনওরকম অসুবিধার সৃষ্টি না হয়।

### ব্যবসার পরামর্শ

স্থানীয় বা আঞ্চলিক বাজারের মাংসের দোকানে অর্ডার অনুযায়ী খরগোশ জোগান দেওয়া যেতে পারে। সেক্ষেত্রে আগে থেকে ওইসব দোকানে যোগাযোগের মাধ্যমে বিক্রি নিশ্চিত করতে হবে। অথবা, নিজস্ব উদ্যোগে জনবহুল এলাকায় মাংসের দোকান খোলা যেতে পারে। এছাড়াও, এখনকার বড় বড় ফার্মে এরকম ব্যবস্থা আছে যে, তাদের ফার্ম থেকে বাচ্চা কিনলে, পরিণত খরগোশ ওইসব ফার্মেই ন্যায্য দামে বিক্রি করা যায়।

### আয়-ব্যয়ের হিসাব (একটি চক্র = তিন মাস)

**প্রয়োজনীয় মূলধন (তিন ইউনিট)**

| | |
|---|---|
| **স্থায়ী মূলধন** | |
| খাঁচা | ৪,৫০০ টাকা |
| খাবার দেওয়ার পাত্র | ৫০০ " |
| মোট | ৫,০০০ টাকা |
| **কার্যকরী মূলধন** | |
| খরগোশ | ১৮,০০০ টাকা |
| দানা খাদ্য | ৮,১০০ " |
| মজুরি বাবদ | ৯,০০০ " |
| মোট | ৩৫,১০০ টাকা |

মোট ব্যয় (৩৫,১০০ + ৫০০০) = ৪০,১০০ টাকা।

### লাভের হিসাব

একটি ইউনিটে সাতটি মহিলা ও তিনটি পুরুষ খরগোশ থাকে। সুতরাং তিন ইউনিটে মহিলা খরগোশের সংখ্যা = ৭ × ৩ = ২১টি।

একটি খরগোশ থেকে গড়ে পাঁচটি বাচ্চা পাওয়া যাবে। সুতরাং ২১টি খরগোশ থেকে বাচ্চা পাওয়া যাবে ২১ × ৫ = ১০৫টি।

একটি খরগোশের দাম ৬০০ টাকা হিসেবে মোট আয় হবে (৬০০ × ১০৫) = ৬৩,০০০ টাকা।

অতএব, মোট লাভ (৬৩,০০০-৪০,১০০) = ২২,৯০০ টাকা। যেহেতু খরগোশ বিক্রয়যোগ্য করতে সময় লাগে তিন মাস, সেহেতু প্রতি মাসে লাভ হবে (২২,৯০০ ÷ ৩) = ৭,৬৩৩ টাকা।

এই ব্যবসায় আগ্রহীরা আমার সঙ্গে ইমেলে যোগাযোগ করতে পারেন। আমার ইমেল আই ডি- tapaskumaradak 2013@gmail.com



## বাঁধাকপি চাষ

**শ্যামাপদ মাহাত**, ধাদকি-লৌলাড়া, পুরুলিয়া

**বিচারক:** উনি পুরুলিয়া জেলার কৃষক পরিবারের সদস্য। বর্তমানে বাঁধাকপি চাষের সঙ্গে যুক্ত। নিজের অভিজ্ঞতার কথা খুব ভালো লিখেছেন। মোটামুটি আয়-ব্যয়ের হিসাব দিয়ে ব্যবসাটি লাভজনক দেখিয়েছেন। 'চারা তৈরির পদ্ধতি' এবং 'চারা রোপণ পদ্ধতি' বিস্তৃত ভাবে বলেছেন। আরও অনেক জমিতে বাঁধাকপি ও ফুলকপির চাষ করতে চান। ওঁর অভিজ্ঞতার কথা অন্যদেরও সাহায্য করতে পারে।



গত চারবছর ধরে আমি 'কর্মক্ষেত্র' পত্রিকার নিয়মিত পাঠক। এই পত্রিকায় প্রকাশিত ব্যবসা-সংক্রান্ত লেখাগুলি খুব মন দিয়ে পড়ি। আমি পুরুলিয়া জেলার পুঞ্চা থানার অন্তর্গত ধাদকি গ্রামের বাসিন্দা। কৃষক পরিবারের ছেলে, চাষবাসে আগ্রহী। পারিবারিক আধবিঘে জমি ও একটি পুকুর থাকায় প্রত্যেকবছর দু'ধরনের বাঁধাকপি চাষ করে থাকি।

> কৃষক পরিবারের ছেলে, চাষবাসে আগ্রহী। পারিবারিক আধবিঘে জমি ও একটি পুকুর থাকায় প্রত্যেকবছর দু'ধরনের বাঁধাকপি চাষ করে থাকি। এই চাষ খুব লাভজনক। কম পরিশ্রমে, কম খরচে, কম সময়ে বেশি লাভবান হওয়া যায়। বিশেষ করে পূজাপার্বণ, বিয়ে, পিকনিকের সময় বাঁধাকপির চাহিদা বাড়ে।

### কেন এই চাষ

এই চাষ খুব লাভজনক। কম পরিশ্রমে, কম খরচে, কম সময়ে বেশি লাভবান হওয়া যায়। বিশেষ করে পূজাপার্বণ, বিয়ে, পিকনিকের সময় বাঁধাকপির চাহিদা বাড়ে। বাঁধাকপি দু'রকমভাবে বিক্রি হয়— পিস অনুসারে ও কেজি দরে।

### চাষের উপকরণ

জমি ও জলাশয় ছাড়াও বাঁধাকপির চাষের জন্য দরকার :—

●ভালো মানের বীজ (গ্রিন এক্সপ্রেস / রেয়ারবল/ বায়োসম্রাট) ●লাঙল ●মই ●ঝারি ●পুরনো শুকনো গোবর ●কোদাল ●ভিটামিন (মিরাকুলান) ●কীটনাশক (রকেট) ●ডাইথেন/ পাস (চারার ধসা রোগের জন্য) ●সার (ডি এ পি) ●ট্রাসকোথইল ●ব্রোন (কপির সাইজ বড় করার জন্য) ●নাইলনের দড়ি ●ফেরাডল ●স্প্রে মেশিন।

### চারা তৈরি করার পদ্ধতি

প্রথমে বাজার থেকে উন্নত মানের বীজ কিনে আনতে হবে। যে-জায়গায় বীজ বুনবেন সেটি ছায়ায় হলে চলবে না, অর্থাৎ গাছপালা যেন না থাকে। প্রথমে মাটি ঝুরঝুরে করে তার ওপর হালকা সুফলা সার ও ফেরাডল ছড়িয়ে কোদাল দিয়ে মাটিকে চটাতে হবে। তারপর লেবেল করে তার ওপর সারিবদ্ধ ভাবে গর্ত করে নিতে হবে। এরপর বীজের প্যাকেটের ভেতর এক চিমটে ধসার ওষুধ দিয়ে নেড়ে, প্রতি গর্তে একটি করে দিয়ে, ঝারি দিয়ে জল দিতে হবে। চারার বেডের মধ্যে যে আগাছাগুলি বার হবে সেগুলিকে তুলে ফেলতে হবে। চারা বের হওয়ার পনেরো দিন পর পুনরায় ধসার ওষুধ জলে গুলে স্প্রে করতে হবে। চারা হতে মোটামুটি ৩৫ থেকে ৪০ দিন সময় লাগবে।

### চারা রোপণ পদ্ধতি

প্রথমে মাটি তিন থেকে চারবার কর্ষণ করে মই দিয়ে লেবেল করে নিতে হবে। এরপর লেবেল করা জমির ওপর লাইন সোজা করবার নাইলন দড়ি টান দিয়ে এক ফুট অন্তর ছোট ছোট ডুবলি কাটতে হবে। সেই ডুবলি কাটার কাজ শেষ হলে ডুবলির ভেতর পুরনো শুকনো গোবর দিতে হবে। এরপর বিকেল তিনটের পর চারা লাগাতে হবে। সকালবেলায় চারা লাগালে মরে যাওয়ার সম্ভাবনা থাকে। চারা লাগাবার সঙ্গে সঙ্গে কলসি বা বালতি ও মগে করে জল দিতে হবে। তার পরদিন থেকে সকাল ও বিকেল জল দিতে হবে। মোট ৪-৫ দিন জল দিতে হবে। চারা যখন ৪-৬ পাতা হবে তখন ট্রাসকোথইল মিশ্রিত ১০.২৬.২৬ সার দিয়ে কোদাল দিয়ে কুঁড় দিতে হবে। একদিন পর পুরো জমিকে সেচ দিয়ে ভিজিয়ে ৬-৮ দিন পর কোদাল দিয়ে ভেলি বেঁধে দিতে হবে। এইভাবে মোট ৫-৬ বার সেচ দিতে হবে (জমি অনুসারে)।

### আয়-ব্যয় ও লাভের হিসাব

| | |
|---|---|
| **প্রাথমিক মূলধন** | |
| জমি কর্ষণ | ৮০০ টাকা |
| কোদাল | ১২০ " |
| স্প্রে মেশিন | ৭০০ " |
| ঝারি | ১৫০ " |
| শ্রমিক | ৩,০০০ " |
| নাইলন দড়ি | ১০০ " |
| অন্যান্য | ১,০০০ " |
| মোট খরচ | ৫,৮৭০ টাকা |
| **কার্যকরী মূলধন** | |
| বীজ (গ্রিন এক্সপ্রেস ৩ প্যাকেট ১৭০ × ৩) | ৫১০ টাকা |
| সার ডি এ পি ৫ কেজি | ১২৫ " |
| সার ১০.২৬.২৬ ৫ কেজি | ১২৫ " |
| ধসার ঔষধ | ৫০ " |
| ভিটামিন | ২৫০ " |
| গোবর | ৩০০ " |
| কীটনাশক (রকেট) | ১৫০ |
| অন্যান্য | ৫০০ " |
| মোট খরচ | ২,০১০ টাকা |

সর্বমোট খরচ (প্রাথমিক মূলধন + কার্যকরী মূলধন) = ৫,৮৭০ + ২,০১০ টাকা = ৭,৮৮০ টাকা।

### লাভের হিসাব

আধবিঘে জমিতে ৩০ গ্রাম বাঁধাকপি বীজে ৩,০০০ চারা হবে এবং জমিতে ২,৫০০ চারা বসবে। বাকি চারাগুলি বেডে সঞ্চয় করে রাখব যে-চারাগুলি মরে যাবে সেই জায়গায় বসানোর জন্য। প্রতিটি বাঁধাকপির পাইকারি দর যদি ১০ টাকা পিস হয়, তাহলে ২,৫০০ পিস বাঁধাকপির দাম হবে ২,৫০০ × ১০ = ২৫,০০০ টাকা।

সুতরাং মোট লাভ = ২৫,০০০ - ৭,৮৮০ টাকা = ১৭,১২০ টাকা।

### ভবিষ্যৎ পরিকল্পনা

আগামী বছর আমার আধবিঘে জমিতে বাঁধাকপির সঙ্গে ফুলকপি (মাধুরী) চাষ করব বলে মনস্থির করেছি।


## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

## আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**এপ্রিল-এর প্রতিযোগিতার জন্য মার্চ মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ এপ্রিল-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:

**সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।**

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

# স্বনিযুক্তির হাজারো কাজ গ্রামেই

**নিজের অঞ্চলের বিভিন্ন প্রাকৃতিক সম্পদকে কাজে লাগিয়ে স্বনির্ভর হতে পারেন গ্রামাঞ্চলের তরুণরা। কাজের সুযোগ তৈরি করে দিতে পারেন আরও অনেকের জন্য। নাবার্ড ও ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার সহায়তায় প্রশিক্ষণ দিচ্ছে রামকৃষ্ণ মিশন সমাজসেবক শিক্ষণ মন্দির। প্রশিক্ষণ শেষে কাজ শুরু করার জন্য ব্যাঙ্কের সহায়তা পাওয়া যেতে পারে। ১০ মাসের আবাসিক কোর্সে পড়া-থাকা-খাওয়ার খরচ ৫০০ টাকা। এখনই আবেদন করা যাচ্ছে।**






**নিজস্ব প্রতিনিধি:** গ্রামাঞ্চলে ছড়িয়ে থাকা অজস্র প্রাকৃতিক সম্পদকে কাজে লাগিয়ে নিজের অঞ্চলেই অর্থনৈতিক ভাবে লাভজনক নানা কাজ করা যায়। নিজের সঙ্গে আরও অনেকের উপার্জনের ব্যবস্থাও করা যায়।

একা কিংবা দল বেঁধে গোটা গ্রাম জুড়েই চলতে পারে আপনাদের কর্মকাণ্ড। পড়ে থাকা পুকুর সংস্কার করে মাছের চাষ হতে পারে। ছোট ডোবাটিও ফেলনা নয়। ছোট ডোবায় শিঙি, মাগুরের মতো জিওল মাছের চাষ ভালো হয়। এইসব মাছের দামও প্রচুর। পুকুরপাড়ে হলুদের চাষ হতে পারে। আম, জাম, নারকেল বাগানের জমিতে করা যায় ফুলের চাষ। রুক্ষ অঞ্চল হলে সেখানকার মাটিতে ছোট আকৃতির গোলাপের চাষ ভালো হয়। সম্প্রতি বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়ার মতো রুক্ষ এলাকায় মুসাম্বি, আঙুর, বেদানা চাষের উদ্যোগ নেওয়া হচ্ছে। বাঁকুড়া, পুরুলিয়ায় টিলার ঢালে বড় আকারে ভেষজ উদ্ভিদ স্টিভিয়ার চাষও হতে পারে। স্টিভিয়ার নির্যাস থেকে তৈরি চিনি সাধারণ চিনির তুলনায় ৩০০ গুণ বেশি মিষ্টি। প্রবল চাহিদা আছে বাজারে। চাহিদা তৈরি হয়েছে রাসায়নিক সার ও কীটনাশকবিহীন, জৈব পদ্ধতিতে উৎপন্ন সবজিরও। গ্রামে হামেশাই হেলাফেলায় পড়ে থাকে ঝোপঝাড়ের জমি। ঝোপঝাড় পরিষ্কার করে সেখানে জৈব পদ্ধতিতে সবজির চাষ করা যায়।

> **টেঁকিছাঁটা দেশি চাল প্যাকেটবন্দি করে শহরাঞ্চলে বিপণন করা যায়। গ্রামে উৎপন্ন টম্যাটো, আম, পেয়ারা থেকে স্থানীয়ভাবেই সস, জ্যাম, জেলি, আচার ইত্যাদি তৈরি করা যায়। এমনকী, গ্রামবাংলার নিজস্ব মিষ্টি— মোয়া, নাড়ু, গুড় এবং ইউরিয়া-বর্জিত মুড়ির ভালো বাজার আছে এ রাজ্যে এবং রাজ্যের বাইরে।**

আরও নানাভাবে ব্যবহার করা যায় বাংলার গ্রামীণ রসদকে। টেঁকিছাঁটা দেশি চাল প্যাকেটবন্দি করে শহরাঞ্চলে বিপণন করা যায়। ইদানীং শপিং মলগুলিতে এরও যথেষ্ট চাহিদা। বিকোয়ও বেশি দামে। গ্রামে উৎপন্ন টম্যাটো, আম, পেয়ারা থেকে স্থানীয়ভাবেই সস, জ্যাম, জেলি, আচার ইত্যাদি তৈরি করা যায়। এমনকী, গ্রামবাংলার নিজস্ব মিষ্টি— মোয়া, নাড়ু, গুড় এবং ইউরিয়া-বর্জিত মুড়ির ভালো বাজার আছে এ রাজ্যে এবং রাজ্যের বাইরে। তেমন নিখুঁত ব্যবসায়িক পরিকল্পনা থাকলে আন্তর্জাতিক বাজারে পৌঁছনোটাও অসম্ভব নয়।

চাষের পাশাপাশি চলতে পারে হাঁস, মুরগি, ছাগল, শূকর পালনের প্রকল্প, একা বা কয়েকজন মিলে। সুন্দরবন বা মুর্শিদাবাদের নদীর চরায় বেঙ্গল ভ্যারাইটির ছাগল পালন তুলনামূলকভাবে অনেক বেশি সাফল্য পাবে। কারণ নদীর চরের ধানীঘাস এই প্রজাতির ছাগলের প্রিয় খাদ্য।

এভাবেই আধুনিক পদ্ধতিতে কৃষিকাজ, বাগান তৈরি, জৈব সার তৈরি, মাছ চাষ, পশুপালন, খাদ্য প্রক্রিয়াকরণের মতো বহুবিধ কাজের মাধ্যমে গ্রামাঞ্চলে প্রচুর কাজের সুযোগ তৈরি হতে পারে। উদ্যোগী হলে নিজের পায়ে দাঁড়ানোর পাশাপাশি আরও অনেককে উপার্জনের দিশা দেখাতে পারেন। এই উদ্যোগ নেওয়ার ক্ষেত্রে সবচেয়ে বড় সুবিধা, এ কাজের উপযোগী জায়গা ও রসদ গ্রামেই রয়েছে। তবে সেগুলিকে কীভাবে ব্যবহার করতে হবে সে সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা দরকার। কাজে নামার আগে আধুনিক প্রযুক্তি এবং কাজগুলো পরিচালনার নিয়মকানুন জানাটা জরুরি। গ্রামে স্বনিযুক্তিতে আগ্রহীদের সহায়তা দেওয়ার বিষয়ে এখন সরকারও যথেষ্ট সচেষ্ট। এর জন্য কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারগুলির বিভিন্ন প্রকল্প রয়েছে।

## কোথায় প্রশিক্ষণ

কৃষি, পশুপালন, মাছের চাষ, খাদ্য প্রক্রিয়াকরণ ইত্যাদির সম্মিলিত গ্রামীণ বৃত্তিমূলক বিষয়ে প্রশিক্ষণ দেয় রামকৃষ্ণ মিশন সমাজসেবক শিক্ষণ মন্দির। নাবার্ড ও ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার সঙ্গে যৌথ উদ্যোগে প্রশিক্ষণ দেওয়া হয়। পরবর্তী ব্যাচের কোর্স শুরু হবে ১৫ মে। এটি একটি আবাসিক কোর্স। কোর্সের মেয়াদ ১০ মাস।

## কী শিখবেন

গ্রামে ছড়িয়ে থাকা বিভিন্ন মূল্যবান উপকরণকে চিনতে এবং সেগুলিকে বাণিজ্যিক সম্পদে রূপান্তরের পদ্ধতি শেখানো হয় এই কোর্সে। শেখা যাবে বীজ উৎপাদন, মাটি পরীক্ষা, কেঁচো সার তৈরি, পশুপালন, উদ্যানবিদ্যা, মাছের চাষ, কৃত্রিম প্রজনন, হাঁস-মুরগি পালন, মাশরুম চাষ, মৌমাছি পালন, খাদ্য-প্রক্রিয়াকরণ (জ্যাম, জেলি, স্কোয়াশ, আচার, সস ইত্যাদি তৈরি) ও সংরক্ষণ, বিদেশের পাখি পালন ইত্যাদি। এই কাজগুলো করতে হলে সামাজিক বিভিন্ন বিষয় সম্পর্কে অবহিত থাকতে হয়। তাই এই কোর্সে একইসঙ্গে সমাজবিদ্যার প্রশিক্ষণও দেওয়া হয়। প্রশিক্ষিতরা আরও অনেককে কাজের দিশা দেখাতে পারেন। ব্যক্তিগত উদ্যোগের পাশাপাশি স্বনির্ভর গোষ্ঠী এবং সমবায়ও তৈরি করা যায়।

## কারা শিখবেন

শুধু ছেলেরা এই কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশ হলেই প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করা যাবে। তবে গ্র্যাজুয়েট ও উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা অগ্রাধিকার পাবেন। ১-৪-২০১৮ তারিখে বয়স হতে হবে ১৮-৩৫ বছরের মধ্যে।

## শেখার খরচ

এটি ১০ মাসের আবাসিক কোর্স। কোর্স চলাকালীন থাকা, খাওয়া ও পড়াশোনা বাবদ ১০ মাসের খরচ ৫০০ টাকা। কশান ডিপোজিট বাবদ ২০০ টাকা জমা রাখতে হয়। কোর্স শেষে কশান ডিপোজিট ফেরত পাওয়া যায়।

## ভর্তির পদ্ধতি

আগ্রহীরা ২০১৮ ব্যাচের কোর্সে ভর্তির জন্য এখনই আবেদন করতে পারেন। প্রতিষ্ঠানের অফিস থেকে ৩০ এপ্রিল পর্যন্ত আবেদনের ফর্ম সংগ্রহ করা যাবে। ফর্ম ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকেও: www.rkmsssm.org/redp পূরণ করা আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখও ৩০ এপ্রিল।

## কাজের সুযোগ

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, ব্যবসায় আগ্রহীরা প্রতিষ্ঠান থেকেই প্রোজেক্ট তৈরি করিয়ে নিতে পারেন। স্বনিযুক্তিতে আগ্রহীদের ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়ার ব্যাপারেও সাহায্য করবে প্রতিষ্ঠান। তাছাড়া উদ্যোগীরা ইউনাইটেড ব্যাঙ্ক ও নাবার্ড থেকেও নানাভাবে সহায়তা পেয়ে থাকেন।

রামকৃষ্ণ মিশন সমাজসেবক শিক্ষণ মন্দিরের অধ্যক্ষ স্বামী শিবকরানন্দ জানালেন, এই প্রশিক্ষণ নেওয়ার পর শুধু যে নিজের পায়ে দাঁড়ানোর দিশা পাওয়া যায় এমনটা নয়, আরও পাঁচজনকে সঙ্গে নিয়ে চলার শিক্ষা পাওয়া যায়, আরও অনেককে সুস্থভাবে বাঁচার পথ দেখানো যায়। ফলে কাজের মাধ্যমে আনন্দও পাওয়া যায়। তিনি জানান, প্রশিক্ষিত অনেক ছাত্রই নিজেরা স্বনির্ভর হয়ে ওঠার পাশাপাশি আরও অনেকের উপার্জনের ব্যবস্থা করে দিয়েছেন।

## কোথায় যোগাযোগ

ভর্তির ফর্ম সংগ্রহ ও জমা দিতে এবং অন্য যে-কোনও তথ্যের জন্য যোগাযোগ করতে হবে প্রতিষ্ঠানের এই ঠিকানায়: রামকৃষ্ণ মিশন সমাজসেবক শিক্ষণ মন্দির, পোঃ বেলুড় মঠ, হাওড়া-৭১১ ২০২। প্রয়োজনে সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে ফোন করতে পারেন এই নম্বরে: (০৩৩)২৬৫৪-৮৯০৮।

স্বনির্ভরতার নানা পথ

# নিখরচায় একগুচ্ছ বৃত্তিমূলক প্রশিক্ষণ

**হাতের কাজের প্রশিক্ষণ নিয়ে স্বনির্ভর হওয়ার সুযোগ। নিখরচায় একগুচ্ছ বৃত্তিমূলক প্রশিক্ষণ দিচ্ছে রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির। প্রশিক্ষণ আয়োজিত হবে বিভিন্ন জেলায়। পুরুষ-মহিলা উভয়েই প্রশিক্ষণ নিতে পারেন।**






**নিজস্ব প্রতিনিধি:** পড়াশোনা বিশেষ করতে পারেননি? অনেক টাকা খরচ করে হাতের কাজের ট্রেনিং নেওয়ার সামর্থ্য নেই? হতাশ হবেন না। অর্থকরী নানা কাজের প্রশিক্ষণ নিয়ে নিজের পায়ে দাঁড়াতে পারেন। নিখরচায় বিভিন্ন কাজের প্রশিক্ষণ দেবে রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির। নাবার্ড ও ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার সঙ্গে যৌথ উদ্যোগে প্রশিক্ষণ দেওয়া হবে। বিষয় অনুসারে ৪-১২ সপ্তাহের প্রশিক্ষণ। পুরুষ-মহিলা উভয়েই প্রশিক্ষণ নিতে পারবেন।

প্রশিক্ষণের বিষয়: মুরগি পালন (পোল্ট্রি), ছাগল পালন, মাশরুম চাষ, মাছ চাষ, ফুল-সবজি-ফলের বাণিজ্যিক চাষ, ভেজিটেবল নার্সারি ম্যানেজমেন্ট ও চাষ, টেলারিং (শুধু মহিলাদের জন্য), বিউটি পার্লার ম্যানেজমেন্ট।

টেলারিং ও বিউটি পার্লার ম্যানেজমেন্টের প্রশিক্ষণের মেয়াদ ১২ সপ্তাহ। অন্যান্য প্রশিক্ষণের মেয়াদ ৪ সপ্তাহ। কোনও ক্ষেত্রেই প্রশিক্ষণ নেওয়ার জন্য কোনও ফি দিতে হবে না।

প্রশিক্ষণ আয়োজিত হবে বিভিন্ন জেলায়। প্রশিক্ষণের বিষয় অনুসারে প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা: **মুরগি পালন:** (১) অভিরামপুর রামকৃষ্ণ সেবা আশ্রম, উদয়নারায়ণপুর, হাওড়া। ফোন: ৯৭৩২৬-৯৪৫১১। (২) বাজারবেড়িয়া বিবেকানন্দ স্মৃতি সংঘ, সিতারামপুর, কাকদ্বীপ, দক্ষিণ ২৪ পরগনা। ফোন: ৯৭৩২৭-০৫২৬১। (৩) বরুণহাট শ্রী রামকৃষ্ণ সেবা কেন্দ্র, হাসনাবাদ, উত্তর ২৪ পরগনা। ফোন: ৭০৭৪৯-০০৬৬৫, ৯৮০০০-৬৮৪৫৬। (৪) বগছড়ি শ্রী শ্রী রামকৃষ্ণ সেবা সংঘ, বগছড়ি, চন্দ্রকোনা-১, পশ্চিম মেদিনীপুর। ফোন: ৯৪৭৮৯-৫০৪৩০।

**ছাগল পালন:** (১) মা সারদা স্বনির্ভর দল, ডুমুরদহ, বলাগড়, হুগলি। ফোন: ৭৬০২৬-০৬৭৬৯, ৮০১৬০-১৩০৬৪। (২) পারাতল অঞ্চল বিবেকানন্দ সেবাশ্রম, পারাতল, জামালপুর, বর্ধমান। ফোন: ৯৪৩৪৬-৭৫০৬৪। (৩) বীরভূম নারী ও শিশু কল্যাণ সমিতি, মোহম্মদ বাজার, বীরভূম। ফোন: ৯৯৩৩৫-০৬১৬৫।

*এরপর চোদ্দোর পাতায়*

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সাহসী তরুণ-তরুণীদের সুযোগ রয়েছে ইন্ডিয়ান এয়ারফোর্সে

**ভারতীয় সামরিক বাহিনীর তিনটি শাখা। তার মধ্যে অন্যতম ভারতীয় বিমানবাহিনী। প্রায় সারা বছরই বিভিন্ন পদে কর্মী নিয়োগ করে ইন্ডিয়ান এয়ারফোর্স। উচ্চমাধ্যমিক যোগ্যতাতেও চাকরির সুযোগ রয়েছে এই বাহিনীতে। প্রার্থী বাছাই করা হয় জাতীয় স্তরের পরীক্ষার মাধ্যমে। দেশসেবায় নিয়োজিত হতে চাইলে এখনই প্রস্তুতি নিতে শুরু করুন।**






*ভারতীয় বিমানবাহিনীর ফ্লাইং অফিসার অবনী চতুর্বেদী। জামনগরে যুদ্ধবিমান মিগ-২১ বাইসনের চালকের আসনে বসতে চলেছেন। অবনী দেশের প্রথম মহিলা হিসেবে ১৯ ফেব্রুয়ারি একা কোনও যুদ্ধবিমান চালালেন।*

**নিজস্ব প্রতিনিধি:** ভারতীয় বিমানবাহিনী পাইলট, টেকনিক্যাল অফিসার, এয়ার ট্রাফিক কন্ট্রোলার-সহ বিভিন্ন পদে তরুণ-তরুণীদের নিয়োগ করে থাকে। অতীতে মহিলাদের বিমানবাহিনীর অন্যান্য শাখায় প্রশিক্ষণ নেওয়ার ক্ষেত্রে বাধা না থাকলেও যুদ্ধবিমান চালানোর প্রশিক্ষণে বাধা ছিল। সেই নিয়ম উঠে যাওয়ার ফলে শুধু ট্রান্সপোর্ট বা হেলিকপ্টার পাইলটই নয়, ফাইটার পাইলট প্রশিক্ষণও নিতে পারছেন মহিলারা।

কর্মজীবনে রোমাঞ্চের অনুভব পেতে আর দেশের নিরাপত্তারক্ষার কাজে নিয়োজিত হতে চাইলে যোগ দিতে পারেন বিমানবাহিনীতে। উচ্চমাধ্যমিকে বিজ্ঞানের শাখার ছাত্রছাত্রীদের এই চাকরিতে সুযোগ বেশি। তবে, পড়াশোনায় ভালো হওয়ার পাশাপাশি দৃঢ় মানসিকতা ও চূড়ান্ত শারীরিক দক্ষতা ও সক্ষমতা থাকাটা সমান জরুরি।

ভারতীয় বিমানবাহিনীতে চাকরি হয় সাধারণত কমিশন্ড অফিসার হিসেবে। প্রার্থী বাছাই করা হয় এয়ারফোর্স কমন অ্যাডমিশন টেস্ট (AFCAT) ও ইঞ্জিনিয়ারিং নলেজ টেস্টের (EKT) মাধ্যমে। বাছাই করা প্রার্থীদের ট্রেনিং দিয়ে ফ্লাইং, গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল) শাখায় পার্মানেন্ট (পুরুষ) ও শর্ট সার্ভিস কমিশনে (পুরুষ ও মহিলা) নিয়োগ করা হয়। এখন গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) ব্রাঞ্চের অর্ন্তভুক্ত এডুকেশন ও অ্যাকাউন্টস বিভাগে মহিলাদেরও পার্মানেন্ট কমিশনে নিয়োগ করা হচ্ছে। গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল)-এর ক্ষেত্রে নিয়োগ করা হয় ইলেক্ট্রনিক্স ও মেকানিক্যাল ব্রাঞ্চে।

## শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা

শাখা অনুযায়ী বিভিন্ন ব্রাঞ্চের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা, দৈহিক মাপজোক ও অন্যান্য যোগ্যতাগুলি এরকম—

### ফ্লাইং ব্রাঞ্চ

নিয়োগ করা হয় ফাইটার পাইলট, হেলিকপ্টার পাইলট ও ট্রান্সপোর্ট পাইলট পদে।

- শিক্ষাগত যোগ্যতা— মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ কোনও স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে-কোনও শাখায় ৩ বছরের স্নাতক। উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। অথবা, মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ৪ বছরের বি ই বা বি টেক ডিগ্রি। অথবা, মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়া বা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সের (ইন্ডিয়া) অ্যাসোসিয়েট মেম্বারশিপের সেকশন এ, বি পাশ।
- বয়স— ২০ থেকে ২৪ বছরের মধ্যে।
- দৈহিক মাপজোক— উচ্চতা ১৬২.৫ সেমি। পায়ের দৈর্ঘ্য হতে হবে ৯৯ থেকে ১২০ সেমির মধ্যে। থাইয়ের দৈর্ঘ্য সর্বাধিক ৬৪ সেমি। বসে থাকা অবস্থায় উচ্চতা হতে হবে ৮১.৫ থেকে ৯৬ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে।
- দৃষ্টিশক্তি— ন্যূনতম দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। হাইপারমেট্রোপিয়া থাকলে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য।

### গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) ব্রাঞ্চ

নিয়োগ করা হয় টেকনিক্যাল অফিসার ও এয়ারক্রাফট মেইন্টেন্যান্স অফিসার পদে।

- শিক্ষাগত যোগ্যতা— ইলেক্ট্রনিক্স এবং মেকানিক্যাল, উভয়

এরপর চোদ্দোর পাতায়

## ইউ পি এস সি-র পরীক্ষার মাধ্যমে নিয়োগ

ভারতীয় বিমানবাহিনী কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন এবং ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি এক্সামিনেশনের মাধ্যমেও নিয়োগ করে থাকে। এই দু'টি পরীক্ষাই নেয় ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। পরীক্ষায় বসতে পারেন কেবল ছেলেরা। প্রতি বছর দু'বার করে এই দু'টি পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করে ইউ পি এস সি। বিজ্ঞপ্তি প্রকাশিত হয় কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশনের ক্ষেত্রে নভেম্বর ও অগস্টে এবং ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি পরীক্ষার ক্ষেত্রে জানুয়ারি ও জুনে। সফল প্রার্থীদের ট্রেনিং দিয়ে ভারতীয় বিমানবাহিনীতে অফিসার র‍্যাঙ্কে নিয়োগ করা হয়।

### কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন

- শিক্ষাগত যোগ্যতা—যে-কোনও শাখার স্নাতক। উচ্চমাধ্যমিকে অবশ্যই ফিজিক্স এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদন করতে পারেন।
- বয়স— ২০ থেকে ২৪ বছরের মধ্যে। ২৫ বছরের কমবয়সি প্রার্থীদের অবশ্যই অবিবাহিত হতে হবে। কমার্শিয়াল পাইলট লাইসেন্সধারীদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ২৬ বছর।

### ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি এক্সামিনেশন

- শিক্ষাগত যোগ্যতা—ফিজিক্স এবং ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ।
- বয়স— সাড়ে ১৬ থেকে সাড়ে ১৯। অবিবাহিত হতে হবে।

**প্রার্থী বাছাই পদ্ধতি:** ইউ পি এস সি-র লিখিত পরীক্ষায় সফল হলে ইন্টেলিজেন্স টেস্ট ও পার্সোন্যালিটি টেস্ট নেয় এয়ারফোর্স সিলেকশন বোর্ড। দুই পর্যায়ে বিভক্ত এই পরীক্ষার প্রথম পর্যায়ে থাকে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট ও পিকচার পারসেপশন ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক ও সাইকোলজি টেস্ট। সফল প্রার্থীদের প্রথমে ৩ বছরের ট্রেনিং দেওয়া হয়। এরপর উইং অনুসারে ১ বছরের ট্রেনিং শেষে বি টেক ডিগ্রি পাওয়া যায়। স্নাতক প্রার্থীদের এরপর হায়দরাবাদের এয়ারফোর্স অ্যাকাডেমিতে দেড় বছরের ফ্লাইং ট্রেনিং দেওয়া হয়। ট্রেনিং শেষে নিয়োগ করা হয় ফ্লাইং অফিসার পদে।

পরীক্ষার ধরন, প্রার্থী বাছাই পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

স্বর্ণাক্ষরের সব বই
নীচের ঠিকানায় পাওয়া যায়

অমরেন্দ্র চক্রবর্তীর নতুন বই
চোখে দেখা গল্প ₹১৫০
মোঙ্গোলিয়ায় যাযাবরদের তাঁবুতে, সিরিয়ায় মরুভূমিতে বেদুইনদের সঙ্গে, আফ্রিকার জঙ্গলে গরিলাদের মুখোমুখি, শ্রীলংকায় ভেলায় চড়ে ভারত মহাসাগর। চোখে দেখা সব সত্যি গল্প।

অমরেন্দ্র চক্রবর্তীর ছোটদের বই
হীরু ডাকাত ₹১০০

| সঙ্গে বিনামূল্যে | হীরু ডাকাতের অখণ্ড MP3 সিডি |
|---|---|

এছাড়াও: গরিলার চোখ সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত ₹৮০ শাদা ঘোড়া ভারত ও বিশ্বের নানা ভাষায় অনূদিত ₹৬০
ঋষিকুমার ₹২০ আমাজনের জঙ্গলে ₹৭০
পাখির খাতা ₹৪০ বরফের বাগান ₹১২০
গৌর যাযাবর ₹১২০ মাতলাগাঙের ভূত ₹৭৫
আমার বনবাস ₹১২ লিচুবাগানের চৌকিদার ₹৮০ ছেঁড়াকাঁথার গল্প ₹৭৫
তালগাছের ডোঙা ₹২০ ভূতের বাঁশি ₹৪০
টিয়াগ্রামের ফিঙেনদী ₹১৫
কানাইলাল চক্রবর্তীর চলো দেখে আসি ₹২০
কুমির হয়ে জলে গেল ₹৩০ চড়ুইয়ের সঙ্গে ₹১৫
মহাশ্বেতা দেবীর তুতুল ₹৬০
পূর্ণেন্দু পত্রীর আমার ছেলেবেলা ₹১৮
পবিত্র সরকারের কথামালা: ছড়ায় ঢালা ₹১৫
মৈত্রেয়ী নাগের আষাঢ়ে গল্প ₹৬০



অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
এক ছবি: অনেক গল্প
সাদা ক্যানভাসে কাঠকয়লার আঁকিবুকি। তা থেকে একটা ছবি। সেই ছবি দেখে গল্প লিখেছেন:
শৈলেন ঘোষ নবনীতা দেব সেন দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায় বাণী বসু বলরাম বসাক শেখর বসু অমর মিত্র রতনতনু ঘাটী কালীকৃষ্ণ গুহ রমানাথ রায় রত্নেশ্বর হাজরা সমীর রক্ষিত তপন বন্দ্যোপাধ্যায় বীথি চট্টোপাধ্যায় মীরাতুন নাহার যুধাজিৎ সেনগুপ্ত ও আরও অনেকে।
ছবি দেখে কবিতা লিখেছেন:
নীরেন্দ্রনাথ চক্রবর্তী ও অমরেন্দ্র চক্রবর্তী।
২২৫ টাকার বই এখন মাত্র ১৫০ টাকায়

আরও বই
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
কবিতা-পরিচয় ₹২৫০
কালীকৃষ্ণ গুহর গ্রিক কথামৃত ₹১৫০
ক্ষণকথক বিরচিত ক্ষণের বচন ₹৪৫
অমিতাভ চৌধুরির মহাজনসঙ্গ ₹১২০
অমরেন্দ্র চক্রবর্তীর উপন্যাস বিষাদগাথা ₹২০০
অমরেন্দ্র চক্রবর্তীর গল্পসংকলন নিমফুলের মধু ₹৬০
অমরেন্দ্র চক্রবর্তীর কবিতার বই
ভূমিকম্পের রাত ₹১০০
মৃত্যুর অধিক এই মেরে ফেলা ₹৬০
নদী জানে, কটি নিমপাতারাও জানে ₹৩০

স্বর্ণাক্ষরের বই সারা বছর পাবেন
স্বর্ণাক্ষর ☎ ৯৮৩৬৩-০৯১৭০
অভিযান বুক স্টোর, ১০/২এ, রমানাথ মজুমদার স্ট্রিট, কলকাতা-৯ ☎ ৮০১৭০ ৯০৬৫৫ দে বুক স্টোর (আদি), দে বুক স্টোর (দীপু), বলাকা বুক স্টল ইত্যাদি।
বাংলাদেশে চট্টগ্রাম ও ঢাকায় 'বাতিঘর'
(☎ +৮৮০-১৯১১৫০৯৬৯৬/০১৭১৩৩০৪৩৪৪)-এ

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# রেলে ৯০ হাজার: জেনে নিন পরীক্ষার খুঁটিনাটি

*নয়ের পাতার পর*

### অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট ও টেকনিশিয়ান: সিলেবাস

**অঙ্ক:** থাকবে পাটিগণিতের অঙ্ক, পরিমিতি, ত্রিকোণমিতি, জ্যামিতি, অ্যালজেব্রা-র প্রবলেমস। থাকবে ভগ্নাংশ, উৎপাদক, লসাগু-গসাগু, প্রাথমিক স্তরের সংখ্যাতত্ত্ব, অনুপাত, শতাংশ নির্ণয়, নাম্বার সিস্টেম, বডমাস, সময় ও কাজ, সরল ও যৌগিক সুদ, লাভ-ক্ষতি, বর্গ, বয়স নির্ণয়, ক্যালেন্ডার ও ঘড়ি এবং পাইপ ও চৌবাচ্চার অঙ্ক প্রভৃতি। মাধ্যমিক মানের প্রশ্ন হবে।

**জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং:** কোডিং-ডিকোডিং, অ্যালফাবেটিক্যাল ও নাম্বার সিরিজ, ম্যাথমেটিক্যাল অপারেশন, সিলোজিজম (অনুমান), অ্যানালজিস (তুলনা), জাম্বলিং, ভেন ডায়াগ্রাম, ডেটা ইন্টারপ্রিটেশন ও সাফিশিয়েন্সি, সিদ্ধান্ত গ্রহণ, সাদৃশ্য-বৈসাদৃশ্য, অ্যানালিটিক্যাল রিজনিং, ক্লাসিফিকেশন, ডিরেকশন, স্টেটমেন্ট-আর্গুমেন্ট ও অ্যাজাম্পশন।

**জেনারেল সায়েন্স:** এক্ষেত্রে মাধ্যমিক মানের প্রশ্ন হবে ফিজিক্স, কেমিস্ট্রি ও প্রাণবিজ্ঞান সম্পর্কে।

**জেনারেল অ্যাওয়্যারনেস:** এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ঘটনাপ্রবাহ থেকে প্রশ্ন হবে এইসব বিষয় সম্পর্কে: বিজ্ঞান-প্রযুক্তি, খেলাধুলা, অর্থনীতি, রাজনীতি, সংস্কৃতি।

**বেসিক সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং (দ্বিতীয় পর্ব, পার্ট 'এ'):** এই অংশে থাকবে ইঞ্জিনিয়ারিং ড্রইং (প্রোজেকশন, ভিউ, ড্রইং ইনস্ট্রুমেন্ট, লাইন, জিওমেট্রিক ফিগার, সিম্বলিক রিপ্রেজেন্টেশন), ইউনিট, মেজারমেন্ট, মাস ওয়েট ও ডেনসিটি, ওয়ার্ক পাওয়ার ও এনার্জি, স্পিড ও ভেলোসিটি, হিট ও টেম্পারেচার, বেসিক ইলেক্ট্রিসিটি, লিভার ও সরল মেশিন, পরিবেশ, কম্পিউটার (আই টি লিটারেসি), পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য-সংক্রান্ত প্রশ্ন।

**ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক্স মেকানিক এবং ওয়্যারম্যান (দ্বিতীয় পর্ব, পার্ট 'বি'):** এইসব আই টি আই ট্রেডের সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www.dget.nic.in

### গ্রুপ 'সি' (লেভেল-ওয়ান): পরীক্ষার ধরন

লেভেল-ওয়ান তথা পূর্বতন গ্রুপ 'ডি' পদগুলির ক্ষেত্রে একটিই কম্পিউটারভিত্তিক পরীক্ষা হবে। পরীক্ষায় অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস ১০০টি প্রশ্ন হবে। সময় দেড়ঘণ্টা। প্রশ্ন হবে অঙ্ক, জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, জেনারেল সায়েন্স ও জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে।

### গ্রুপ 'সি' (লেভেল-ওয়ান): সিলেবাস

**অঙ্ক:** থাকবে পাটিগণিতের অঙ্ক এবং পরিমিতি, ত্রিকোণমিতি, জ্যামিতি, অ্যালজেব্রা। থাকবে ভগ্নাংশ, উৎপাদক, লসাগু-গসাগু, প্রাথমিক স্তরের সংখ্যাতত্ত্ব, অনুপাত, শতাংশ নির্ণয়, নাম্বার সিস্টেম, বডমাস, সময় ও কাজ, সরল ও যৌগিক সুদ, লাভ-ক্ষতি, বর্গ, বয়স নির্ণয়, ক্যালেন্ডার ও ঘড়ি এবং পাইপ ও চৌবাচ্চার অঙ্ক। মাধ্যমিক মানের প্রশ্ন হবে।

**জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং:** কোডিং-ডিকোডিং, অ্যানালজিস, অ্যালফাবেটিক্যাল ও নাম্বার সিরিজ, ম্যাথমেটিক্যাল অপারেশন, সিলোজিজম (অনুমান), অ্যানালজিস (তুলনা), জাম্বলিং, ভেন ডায়াগ্রাম, ডেটা ইন্টারপ্রিটেশন ও সাফিশিয়েন্সি, সিদ্ধান্ত গ্রহণ, সাদৃশ্য-বৈসাদৃশ্য, অ্যানালিটিক্যাল রিজনিং, ক্লাসিফিকেশন, ডিরেকশন, স্টেটমেন্ট-আর্গুমেন্ট ও অ্যাসাম্পশন।

**জেনারেল সায়েন্স:** এক্ষেত্রে মাধ্যমিক মানের প্রশ্ন হবে ফিজিক্স, কেমিস্ট্রি ও প্রাণবিজ্ঞান সম্পর্কে।

**জেনারেল অ্যাওয়্যারনেস:** এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ঘটনাপ্রবাহ থেকে প্রশ্ন হবে এইসব বিষয় সম্পর্কে: বিজ্ঞান-প্রযুক্তি, খেলাধুলা, অর্থনীতি, রাজনীতি, সংস্কৃতি।

যে-কোনও পদের ক্ষেত্রেই কম্পিউটারভিত্তিক পরীক্ষায় ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে।

# সাহসী তরুণ-তরুণীদের সুযোগ রয়েছে ইন্ডিয়ান এয়ারফোর্সে

*তেরোর পাতার পর*



ব্রাঞ্চের ক্ষেত্রেই স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ৪ বছরের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। অথবা, ইন্টিগ্রেটেড পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি। উভয় ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও অঙ্কে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

ইলেক্ট্রনিক্স ব্রাঞ্চের ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সের (ইন্ডিয়া) অ্যাসোসিয়েট মেম্বারশিপ অথবা অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়ার সেকশন এ, বি পাশ হলে, অথবা, ৬০ শতাংশ নম্বর-সহ এই বিষয়গুলির যে-কোনও একটিতে ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার্সের গ্র্যাজুয়েট মেম্বারশিপ এক্সামিনেশন পাশ করা থাকলেও আবেদন করা যাবে। বিষয়গুলি হল: কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লিকেশন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি, ইলেক্ট্রনিক্স সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (মাইক্রোওয়েভ), ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি।

মেকানিক্যাল ব্রাঞ্চের ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ এই বিষয়গুলির যে-কোনও একটিতে অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়া অথবা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সের (ইন্ডিয়া) অ্যাসোসিয়েট মেম্বারশিপের সেকশন এ, বি পাশ। বিষয়গুলি হল: অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, এয়ারক্রাফট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অটোমেশন, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (রিপেয়ার অ্যান্ড মেইন্টেন্যান্স), মেকাট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং।

- বয়স—২০ থেকে ২৬ বছরের মধ্যে। ২৫ বছরের কমবয়সি প্রার্থীদের অবশ্যই অবিবাহিত হতে হবে।
- দৈহিক মাপজোক— উচ্চতা ১৫৭.৫ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫২ সেমি)। গোর্খা প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে।
- দৃষ্টিশক্তি—উভয় চোখে ৬/৯ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা সি পি-টু মানের হতে হবে।

### গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) ব্রাঞ্চ

নিয়োগ করা হয় অ্যাডমিনিস্ট্রেশন (এয়ার ট্রাফিক কন্ট্রোলার ও ফাইটার কন্ট্রোলার), অ্যাকাউন্টস, লজিস্টিক্স, এডুকেশন এবং মেটিওরোলজি বিভাগে।

- বিভাগ অনুসারে শিক্ষাগত যোগ্যতা— **অ্যাডমিনিস্ট্রেশন এবং লজিস্টিক্স-এর ক্ষেত্রে** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। অথবা, মোট অন্তত ৬০ শতাংশে নম্বর-সহ অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়া বা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সের (ইন্ডিয়া) অ্যাসোসিয়েট মেম্বারশিপের সেকশন এ, বি পাশ। **অ্যাকাউন্টস-এর ক্ষেত্রে** মোট অন্তত ৬০ শতাংশে নম্বর-সহ বি কম। **এডুকেশন-এর ক্ষেত্রে** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে এম এ বা এম এসসি। বিষয়গুলি হল: ইংলিশ, ফিজিক্স, ম্যাথমেটিক্স, কেমিস্ট্রি, স্ট্যাটিস্টিক্স, ইন্টারন্যাশনাল স্টাডিজ, ডিফেন্স স্টাডিজ, সাইকোলজি, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট, এম সি এ, এম বি এ, মাস কমিউনিকেশন, জার্নালিজম, পাবলিক রিলেশনস ও ইন্টারন্যাশনাল রিলেশনস। স্নাতকস্তরে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **মেটিওরোলজির ক্ষেত্রে** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ নিম্নলিখিত বিষয়গুলির যে-কোনওটিতে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি। বিষয়গুলি হল: বিজ্ঞানের যে-কোনও শাখা, ম্যাথমেটিক্স, স্ট্যাটিস্টিক্স, জিওগ্রাফি, কম্পিউটার অ্যাপ্লিকেশনস, এনভায়রনমেন্টাল সায়েন্স, অ্যাপ্লায়েড ফিজিক্স, ওশানোগ্রাফি, এগ্রিকালচারাল মেটিওরোলজি, ইকোলজি অ্যান্ড এনভায়রনমেন্ট, জিও-ফিজিক্স, এনভায়রনমেন্টাল বায়োলজি। স্নাতকে অঙ্ক ও ফিজিক্স পড়ে থাকতে হবে এবং উভয় বিষয়েই ৫৫ শতাংশ করে নম্বর পেয়ে থাকতে হবে।
- বয়স— ২০ থেকে ২৬ বছরের মধ্যে। ২৫ বছরের কমবয়সিদের অবিবাহিত হতে হবে।
- দৈহিক মাপজোক— উচ্চতা ১৫৭.৫ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫২ সেমি)। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে।
- দৃষ্টিশক্তি— **অ্যাডমিনিস্ট্রেশন-এর ক্ষেত্রে** উভয় চোখে ৬/৯, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা সি পি-ওয়ান মানের হতে হবে। **লজিস্টিক্স, অ্যাকাউন্টস ও এডুকেশন-এর ক্ষেত্রে** ভাল চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/১৮ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা সি পি-থ্রি মানের হতে হবে। **মেটিওরোলজি ব্রাঞ্চের ক্ষেত্রে** প্রার্থীর চশমা থাকলে ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/১৮ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা সি পি-টু মানের হতে হবে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.careerairforce.nic.in

# ওষুধপত্র বিশ্লেষণের নতুন পেশা

*নয়ের পাতার পর*



ফার্মাসিউটিক্যাল সায়েন্স অ্যান্ড টেকনোলজির সঙ্গে যৌথ উদ্যোগে পড়ানো হবে কোর্সটি। কোর্স ফি ৬০ হাজার টাকা।

### কী পড়বেন

ডঃ তপনকুমার চট্টোপাধ্যায় জানালেন, ওষুধপত্র বিশ্লেষণের প্রকরণ-পদ্ধতিগুলো হাতেকলমে শেখানো হবে এই কোর্সে। শিল্প সংস্থাগুলিতে কী পদ্ধতিতে কাজটি করা হয়, তা দেখানোর জন্য থাকবে ইন্ডাস্ট্রি ভিজিট। এছাড়া থিওরিটিক্যাল পড়াশোনা তো আছেই।

### কারা পড়বেন

সায়েন্স গ্র্যাজুয়েটরা কোর্সটি পড়ার জন্য আবেদন করতে পারবেন। ডঃ চট্টোপাধ্যায় জানান, ফার্মাসির স্নাতক ও স্নাতকোত্তর ছাত্রছাত্রীরা এই কোর্সটি করে নিলে চাকরির ক্ষেত্রে অনেক এগিয়ে থাকবেন।

### কীভাবে ভর্তি

ভর্তির প্রক্রিয়া শুরু হবে মার্চ মাসে। আগ্রহীরা মর্চে যোগাযোগ করবেন এই ঠিকানায়: ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার, ফার্মাসিউটিক্যাল টেকনোলজি বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়।

# নিখরচায় একগুচ্ছ বৃত্তিমূলক প্রশিক্ষণ

*বারোর পাতার পর*

**মাশরুম চাষ:** (১) নবগ্রাম স্বামী বিবেকানন্দ সেবাশ্রম, শ্যামপুর, হাওড়া। ফোন: ৯১৬৩৮-৮১১৮৮। (২) মা সারদা স্বনির্ভর দল, ডুমুরদহ, বলাগড়, হুগলি। ফোন: ৭৬০২৬-০৬৭৬৯, ৮০১৬০-১৩০৬৪। কোতুলপুর শ্রীমা সার্বিক পল্লিমঙ্গল, কোতুলপুর, বাঁকুড়া। ফোন: ৯৪৭৪৭-৪৪৬৩১, ৭৪০৭৯-৮২০৬৮। (৪) আরহা বিবেকানন্দ যুব সংঘ, আরহা, আরশা, পুরুলিয়া। ফোন: ৯০০২৯-১০৮৮০, ৯৯৩২৪-৮৯৬৩৮, ৯৬৭৯৯-৮২৭৬৩।

**মাছ চাষ:** (১) মিলন তিথি সংঘ, রাধাপুর, শ্যামপুর-১, হাওড়া। ফোন: ৯৭৩৩৫-৩৫৯৪৪। (২) স্বামীজি সর্বোদয় সংঘ, বিরুলিয়া, নন্দীগ্রাম-২, পূর্ব মেদিনীপুর। ফোন: ৯৭৭৫৫-১৫৫৩০। (৩) বড়জোড়া বিবেকানন্দ আত্ম বিকাশ কেন্দ্র, বড়জোড়া, বাঁকুড়া। ফোন: ৭৪০৭২-৯৫৩৫৩, ৯৭৩২১-৯৬২৮৬। (৪) সান্ডেলেরবিল শ্রী রামকৃষ্ণ সেবাশ্রম, সান্ডেলেরবিল, হিঙ্গলগঞ্জ, উত্তর ২৪ পরগনা। ফোন: ৯৯৩২৫-৬১৩২৮, ৮৯২৬৭-৬৪২৮৩।

**কমার্শিয়াল হর্টিকালচার:** (১) রামকৃষ্ণ আশ্রম, কুমরুল, ধনিয়াখালি, হুগলি। ফোন: ৯৬০৯৫-০৬৯৭২, ৯৯৩২৬-৪২২৮৬। (২) বাদিনান খুরিগাছি রামকৃষ্ণ বিবেকানন্দ সেবা সংঘ, সিনখেত, দাদপুর, হুগলি। ফোন: ৯৬৩৫১-৯৩২৫২। (৩) রামকৃষ্ণ যোগাশ্রম, কোয়ালপাড়া, কোতুলপুর, বাঁকুড়া। ফোন: ৯৪৭৪৭-৪৪৬৩১, ৭৪০৭৯-৮২০৬৮।

**ভেজিটেবল নার্সারি ম্যানেজমেন্ট ও চাষ:** (১) দেউলপুর শ্রী শ্রী রামকৃষ্ণ সেবাব্রত সংঘ, পাঁচলা, হাওড়া। ফোন: ৯০৮৮৬-৯৫৩৯৯। (২) নদিয়া জেলা ফার্মাস ডেভেলপমেন্ট অর্গানাইজেশন, বীরনগর, নদিয়া। ফোন: ৯৮৩২৬-৬৩৫৮৮, ৭০৩১০-২২২৬৪।

**টেলারিং (শুধু মহিলাদের জন্য):** (১) রামকৃষ্ণ মিশন সেবাশ্রম, তমলুক, পূর্ব মেদিনীপুর। ফোন: ৯১৫৩৬-২৯০৯৯, ৯৪৩২৩-২৬৫৬৬। (২) বেলপুকুর শ্রী শ্রী রামকৃষ্ণ পাঠচক্র, বেলপুকুর, শ্যামপুর-২, হাওড়া। ফোন: ৯৭৩২৬-৮১৪২৯। (৩) বামনপুকুর রামকৃষ্ণ সেবাশ্রম, মিনাখা, উত্তর ২৪ পরগনা। ফোন: ৯৪৩২৩-৭৭৯২৭, ৮৮২০০-৫৫৬২০। (৪) বগছড়ি শ্রী শ্রী রামকৃষ্ণ সেবা সংঘ, বগছড়ি, চন্দ্রকোনা-১, পশ্চিম মেদিনীপুর। ফোন: ৯৪৭৪৯-৫০৪৩০।

**বিউটি পার্লার ম্যানেজমেন্ট:** উত্তরণ চ্যারিটেবল ট্রাস্ট, পুরান্দরপুর, কান্দি, মুর্শিদাবাদ। ফোন: ৮০০১০-৩৯১১৩।

প্রশিক্ষণ নিতে আগ্রহীরা জীবনপঞ্জি-সহ আবেদনপত্র জমা দিতে পারেন যে-কেন্দ্রে প্রশিক্ষণ নিতে চান তার ঠিকানায়।

আবেদনপত্র জমা দিতে পারেন এই ঠিকানাতেও: রামকৃষ্ণ মিশন সমাজ সেবক শিক্ষণ মন্দির, বেলুড় মঠ, হাওড়া-৭১১ ২০২। ফোন: (০৩৩)২৬৫৪-৮৯০৮। তথ্যের জন্য ফোনে যোগাযোগ করতে পারেন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে। তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.rkmsssm.org/sdi আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৩০ এপ্রিল।

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# বৈজ্ঞানিক গবেষণাধর্মী স্নাতক কোর্স

**উচ্চমাধ্যমিকের পর বৈজ্ঞানিক গবেষণামুখী ডিগ্রি কোর্স পড়তে চাইলে ভর্তি হতে পারেন ব্যাচেলর অব সায়েন্স (রিসার্চ) প্রোগ্রামে। ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, ম্যাথমেটিক্স-সহ বিজ্ঞানের মোট ৬টি শাখায় ৪ বছর মেয়াদের ডিগ্রি কোর্স পড়ানো হয় বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্সে। দরখাস্ত গ্রহণ চলছে।**



**নিজস্ব প্রতিনিধি:** পৃথিবী জুড়ে বিজ্ঞানের নানা শাখায় পরীক্ষানিরীক্ষা হয়ে চলেছে নিরন্তর। এ দেশে সাধারণভাবে বিজ্ঞানের যে-কোনও শাখায় গবেষণার সুযোগ পেতে পেরোতে হয় অন্তত স্নাতকোত্তর ডিগ্রির গণ্ডি। তবে বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্সের ব্যাচেলর অব সায়েন্স (রিসার্চ) প্রোগ্রামে স্নাতক ডিগ্রির পাশাপাশি হাতেকলমে গবেষণার সুযোগ পাওয়া যায়। দেশের প্রথম সারির শিক্ষাপ্রতিষ্ঠানগুলির মধ্যে অন্যতম এই প্রতিষ্ঠানে বায়োলজি, ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স-সহ বিজ্ঞানের মোট ছ'টি শাখায় পড়ানো হয় ব্যাচেলর অব সায়েন্স (রিসার্চ) প্রোগ্রাম। পিওর সায়েন্স নিয়ে উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা আবেদন করতে পারেন এখনই। ২০১৮ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। তবে জয়েন্ট এন্ট্রান্স-মেন বা অ্যাডভান্সড পরীক্ষায় র‍্যাঙ্ক করে থাকতে হবে।

## কোথায় পড়বেন

চার বছর মেয়াদের ব্যাচেলর অব সায়েন্স (রিসার্চ) প্রোগ্রাম পড়ানো হয় বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্সে। এই প্রোগ্রামে বিজ্ঞানের মুখ্য শাখা বায়োলজি, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স ও ফিজিক্স ছাড়াও পড়ানো হয় আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্স এবং মেটেরিয়ালস সায়েন্স। সফলভাবে কোর্স শেষ করার পর এই প্রতিষ্ঠানে আরও ১ বছর পড়াশোনা করে মাস্টার অব সায়েন্স ডিগ্রি লাভের সুযোগও রয়েছে।

## কী পড়বেন

ব্যাচেলর অব সায়েন্স (রিসার্চ) প্রোগ্রামের প্রথম তিনটি সেমেস্টারে উপরোক্ত সবক'টি বিষয় সম্পর্কেই প্রাথমিক ধারণা দেওয়া হয়। তিনটি সেমেস্টার সফলভাবে সম্পূর্ণ করার পর ছাত্রছাত্রীরা তাঁদের পছন্দের বিষয়ে স্পেশ্যালাইজেশন করতে পারেন।

চতুর্থ শিক্ষাবর্ষে অভিজ্ঞ অধ্যাপকদের তত্ত্বাবধানে প্রতিটি ছাত্রছাত্রীকে তৈরি করতে হয় একটি রিসার্চ প্রোজেক্ট। গবেষণার বিষয় বেছে নিতে পারেন ছাত্রছাত্রীরা নিজেরাই। বিগত বছরে যে-বৈজ্ঞানিক তত্ত্ব বা থিওরি তাঁরা পড়েছেন তা কার্যক্ষেত্রে প্রয়োগ করে দেখতে পারবেন উন্নতমানের ল্যাবরেটরিতে। যেমন, মেটেরিয়ালস সায়েন্স শাখার ছাত্রছাত্রীরা নিজস্ব চিন্তাভাবনাকে মেলে ধরতে গবেষণার বিষয় হিসেবে বেছে নিতে পারেন মেটেরিয়াল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ও ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের মতো বিষয়। উদ্ভাবন করতে পারেন নতুন কোনও মিশ্র পদার্থের যার ব্যবহার উন্নতি ঘটাতে পারে পরিকাঠামো, পরিবহণ-সহ আরও অন্যান্য ক্ষেত্রে। আবার আর্থ অ্যান্ড এনভায়রনমেন্ট সায়েন্সের বিস্তৃত প্রায়োগিক ক্ষেত্র থেকে ছাত্রছাত্রীরা গবেষণার জন্য বেছে নিতে পারেন পরিবেশ রক্ষায় চিরায়ত প্রযুক্তি বা সাস্টেনেবল টেকনোলজির ব্যবহার, এনভায়রনমেন্টাল কেমিস্ট্রি, আর্থ সায়েন্স বা অ্যাটমোস্ফেরিক সায়েন্স। এছাড়াও কেমিস্ট্রি, বায়োলজি, ম্যাথমেটিক্স ও ফিজিক্সের মতো পিওর সায়েন্সের বিভিন্ন শাখায় গবেষণার জন্য অসংখ্য বিষয় রয়েছে।

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, এই বিষয়গুলি নিয়েই পরবর্তী পর্যায়ে দেশ-বিদেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে নানা দিকে পড়াশোনা ও গবেষণার ক্ষেত্রে এই প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা অগ্রাধিকার পেয়ে থাকেন। এছাড়া ক্যাম্পাসিংয়ের মাধ্যমে চাকরির সুযোগ পান ছাত্রছাত্রীরা। সংশ্লিষ্ট শাখানুসারে চাকরি পাওয়া যায় সায়েন্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, মেটিওরোলজি, ফার্মাসিউটিক্যাল, ফিনান্সিয়াল সার্ভিস, পেট্রোকেমিক্যাল, ম্যানুফ্যাকচারিং ও ইনফ্রাস্ট্রাকচার ক্ষেত্রে।

## কারা পড়বেন

ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স এবং বায়োলজি বা স্ট্যাটিস্টিক্স বা ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার সায়েন্স-সহ উচ্চমাধ্যমিকে অন্তত ৬০ শতাংশ নম্বর (তফসিলিদের ক্ষেত্রে পাশ নম্বর) পেয়ে থাকলে ভর্তির আবেদন করতে পারেন। সেইসঙ্গে আই আই টি-জে ই ই মেন বা অ্যাডভান্সড অথবা ন্যাশনাল এলিজিবিলিটি-কাম-এন্ট্রান্স টেস্ট (আন্ডার-গ্র্যাজুয়েট) পরীক্ষায় অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। কিশোর বৈজ্ঞানিক ফেলোশিপের জন্য মনোনীত প্রার্থীরাও আবেদনের যোগ্য।

ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও আবেদন করতে পারেন। ২০১৭-র আগে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করবেন না।

সব ক'টি বিষয় মিলিয়ে মোট আসনসংখ্যা ১২০টি। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

কোর্স ফি ৭৫,৮০০ টাকা। এর মধ্যে ১৫,০০০ টাকা ফেরতযোগ্য। কিস্তিতে ফি দেওয়ার সুযোগ রয়েছে। তফসিলিদের কোনও টিউশন ফি লাগবে না।

## কীভাবে আবেদন

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iisc.ac.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের সময় প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় একটি অ্যাপ্লিকেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ফি দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং, ভিসা বা মাস্টার ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


জীবনে আমি চাকরি পাইনি ব'লে দুঃখ ছিল। ফলে, 'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি পেতে যে এলেম দরকার আমার তা নেই। প্রশ্নোত্তরগুলো রপ্ত করার চেষ্টা করি। পরে বুঝি, খুব দেরি ক'রে ফেলেছি। কী করব, আমাদের বয়সকালে তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি। স্বনিযুক্তি প্রকল্পগুলো আত্মস্থ ক'রে তবু লাখপতি হওয়ার স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো একবার কপাল ঠুকে দেখা যেতে পারে। তার চেয়েও বড় কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে কাজ না দিলেও অনেক কিছু শেখায় পড়ায়।






বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

ইন্টারনেটে কর্মক্ষেত্র: www.ekarmakshetra.com

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

শেষ মুহূর্তের মহড়া

পি এস সি-র মাধ্যমে

# মিসলেনিয়াস প্রিলিমিনারি

## পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

**পরীক্ষা ৩ মার্চ**

### প্রথম সেট

1. চক্ষু দানের ক্ষেত্রে দাতার চোখের কোন অংশ প্রতিস্থাপিত হয়?
(a) কর্নিয়া (b) লেন্স (c) রেটিনা (d) সম্পূর্ণ চোখ
2. প্রকৃতিজাত রাবার কোন যৌগের পলিমার?
(a) ইথিলিন (b) প্রোপিন (c) ক্লোরোপিন (d) আইসোপ্রিন
3. অ্যাসকারিস বা গোলকৃমি পাওয়া যায়:
(a) মানুষের পাকস্থলীতে (b) মানুষের ক্ষুদ্রান্ত্রে (c) মানুষের বৃহদন্ত্রে (d) সবক'টিতে
4. গ্যাসোলিনের অক্টেন বৃদ্ধিকারক হিসেবে ব্যবহৃত হয়:
(a) মিথাইল অ্যালকোহল (b) টি-বিউটাইল অ্যালকোহল (c) মিথাইল টি-বিউটাইল ইথার (d) সবক'টি
5. অর্ধপ্রবেশ্য ঝিল্লির ভেতর দিয়ে প্রবাহিত হতে পারে:
(a) দ্রাব্য (b) দ্রাবক (c) a এবং b দু'টোই (d) কোনওটিই নয়
6. ইথিলিন একটি অস্বাভাবিক হরমোন, কারণ এটি:
(a) একটি বায়বীয় পদার্থ (b) অনড় (c) জাইলেম সংবাহিত (d) ফ্লোয়েম সংবাহিত
7. প্রেশার কুকারে দ্রুত রান্না হওয়ার কারণ:
(a) স্ফুটনাঙ্কের বৃদ্ধি (b) স্ফুটনাঙ্কের হ্রাস (c) প্রেশার কুকার যে ধাতুর তৈরি তার গুণ (d) রান্নার মাধ্যমে
8. অ্যামোনিয়াকে শুষ্ক করা যায়:
(a) গাঢ় $H_2SO_4$ দিয়ে (b) গলিত $CaCl_2$ দিয়ে (c) পোড়া চুন দিয়ে (d) ফসফরাস পেন্টঅক্সাইড দিয়ে
9. বিবর্তনের তত্ত্ব 'অর্জিত বৈশিষ্ট্যের বংশানুসরণ' কার মতবাদ?
(a) ডারউইন (b) ল্যামার্ক (c) ওয়ালেস (d) মেন্ডেল
10. করোটির স্নায়ুর সংখ্যা (মানব দেহে):
(a) 12টি স্নায়ু (b) 12 জোড়া স্নায়ু (c) 31টি স্নায়ু (d) 31 জোড়া স্নায়ু
11. জলে ডুবে থাকা কোনও দর্শকের চোখে জলপৃষ্ঠ কীরকম মনে হয়?
(a) বৃত্তাকার ছিদ্রযুক্ত দর্পণ (b) উপবৃত্তাকার ছিদ্রযুক্ত দর্পণ (c) ছিদ্রহীন দর্পণ (d) বর্গাকার ছিদ্রযুক্ত দর্পণ
12. $4\,{}^{1}_{1}H^{+} \rightarrow {}^{4}_{2}He^{2+} + 2e^{+} + 26$ Mev সমীকরণটি প্রকাশ করে:
(a) B ক্ষয় (b) γ ক্ষয় (c) সংযোজন (d) বিভাজন
13. তাপের সুপরিবাহী তরলের উদাহরণ হল:
(a) জল (b) অ্যালকোহল (c) পারদ (d) অ্যাসিড, ক্ষারক বা লবণের জলীয় দ্রবণ
14. চাপ স্থির রেখে তাপমাত্রা বাড়লে কোনও গ্যাসের ঘনত্ব:
(a) একই থাকে (b) হ্রাস পায় (c) বৃদ্ধি পায় (d) গ্যাসভেদে বৃদ্ধি বা হ্রাস পায়
15. স্থিতিস্থাপক গুণাঙ্কের একক হল:
(a) ডাইন সেমি$^{-3}$ (b) ডাইন সেমি$^{-2}$ (c) ডাইন সেমি$^{-1}$ (d) ডাইন সেমি
16. জেট ইঞ্জিনের কার্যনীতির ভিত্তি হল:
(a) ভরের নিত্যতাসূত্র (b) শক্তির নিত্যতাসূত্র (c) রৈখিক ভরবেগের নিত্যতাসূত্র (d) কৌণিক ভরবেগের নিত্যতাসূত্র
17. পারমাণবিক চুল্লিতে শৃঙ্খল বিক্রিয়াকে নিয়ন্ত্রণ করার জন্য নিউট্রন শোষক হিসেবে ব্যবহৃত হয়:
(a) ক্যাডমিয়াম (b) ডয়টেরন (c) ভারী জল (d) ইউরেনিয়াম কার্বাইড
18. বন্ধন ছিন্ন করার শক্তি কোনটির পরিবর্তনের সঙ্গে সমান:
(a) অন্তরশক্তি (b) এনথ্যালপি (c) মুক্তশক্তি (d) এনট্রপি
19. $P^H = 10$ মানসম্পন্ন একটি দ্রবণের $OH^-$ আয়নের গাঢ়ত্ব হবে:
(a) $10^{-4}$ মোল লিটার$^{-1}$ (b) $10^{-6}$ মোল লিটার$^{-1}$ (c) $10^{-60}$ মোল লিটার$^{-1}$ (d) $10^{-8}$ মোল লিটার$^{-1}$
20. কোন হ্যালাইড আয়নটি দন্তক্ষয় নিবারণে সাহায্য করে?
(a) $F^-$ (b) $Cl^-$ (c) $Br^-$ (d) $I^-$
21. নীচের কোনটি অ্যালুমিনিয়ামের আকরিক নয়?
(a) বক্সাইট (b) অ্যানহাইড্রাইট (c) ডায়াস্পোর (d) কোরানডাম
22. সবুজ গ্রন্থি কার রেচন অঙ্গের নাম?
(a) কেঁচো (b) মশা (c) কাঁকড়াবিছা (d) চিংড়ি
23. রেসারপিন উপক্ষার পাওয়া যায়:
(a) সিঙ্কোনা (b) আফিং গাছ (c) সর্পগন্ধা (d) বেলেডোনা
24. সিলিয়া গমনাঙ্গ কার?
(a) হাইড্রা (b) তারামাছ (c) প্যারামেসিয়াম (d) অ্যামিবা
25. চাঁদের পৃষ্ঠে পেন্ডুলামের দোলনকাল কীরূপ হবে?
(a) শূন্য (b) বাড়বে (c) একই থাকবে (d) কমবে
26. একটি সুষম বহুভুজের প্রতিটি অন্তঃকোণের পরিমাণ 144°, বহুভুজটির বাহুসংখ্যা নির্ণয় করুন:
(a) 8 (b) 16 (c) 10 (d) 12
27. একটি গ্রামে 15 জন এক সপ্তাহে 10 বিঘা জমি চাষ করতে পারেন। একই সময়ে কতজন 18 বিঘা জমি চাষ করতে পারবেন?
(a) 20 জন (b) 25 জন (c) 27 জন (d) 18 জন
28. যদি দু'টি নল দিয়ে খালি চৌবাচ্চা আলাদা আলাদাভাবে যথাক্রমে 12 মিনিট ও 15 মিনিটে পূর্ণ হয়, তবে দু'টি নল একসঙ্গে খুলে দিলে অর্ধেক ভর্তি চৌবাচ্চাটা কতক্ষণে পূর্ণ হবে?
(a) 3 মিনিটে (b) $3\frac{1}{3}$ মিনিটে (c) $6\frac{2}{3}$ মিনিটে (d) 6 মিনিটে
29. কর্ডলাইনে হাওড়া থেকে বর্ধমানের দূরত্ব 85 Km. কিন্তু মেইন লাইনে সেই দূরত্ব 5% বেশি। মেইন লাইনে হাওড়া থেকে বর্ধমানের দূরত্ব কত?
(a) 80 km (b) 89.25 km (c) 105 km (d) 80.25 km
30. আমিনা বিবির বেতন প্রথমে 20% বৃদ্ধি পেয়ে পরে 20% হ্রাস পেল। আমিনা বিবির বেতন শতকরা কত পরিবর্তন হল?
(a) 4% বৃদ্ধি পেল (b) 4% হ্রাস পেল (c) কোনও পরিবর্তন হয়নি (d) 6% বৃদ্ধি পেল
31. $\sqrt{5+\sqrt{11+\sqrt{19+\sqrt{29+\sqrt{49}}}}} = ?$
(a) 3 (b) 9 (c) 7 (d) 5
32. ক্রয়মূল্য এবং বিক্রয়মূল্যের অনুপাত 5 : 6 লভ্যাংশের শতকরা মান কত?
(a) 20 (b) $33\frac{1}{3}$ (c) 25 (d) 30
33. রমার কাছে 450টি হলুদ বোতাম আছে। রমা বোতামগুলিকে বর্গাকারে সাজানোর পরেও 9টি হলুদ বোতাম পড়ে রইল। প্রতি সারিতে কতগুলি হলুদ বোতাম আছে?
(a) 20 (b) 21 (c) 22 (d) 25
34. A এবং B একত্রে একটি কাজ 12 দিনে করতে পারে। B ও C একত্রে 15 দিনে এবং C ও A 20 দিনে করতে পারে। A একা কাজটি কতদিনে করবে?
(a) 20 দিনে (b) 60 দিনে (c) 30 দিনে (d) 10 দিনে
35. কোনও ব্যবসায় A এবং B-এর মূলধনের অনুপাত 3 : 2, মোট লভ্যাংশের 5% দান করা হয় এবং A-এর প্রাপ্ত লভ্যাংশের পরিমাণ 855 টাকা হলে মোট লভ্যাংশের পরিমাণ কত?
(a) Rs. 15.76 (b) Rs. 1537.50 (c) Rs. 1425 (d) Rs. 1500
36. 80 থেকে 100-এর মধ্যে মৌলিক সংখ্যা ক'টি?
(a) 3টি (b) 4টি (c) 5টি (d) 2টি
37. কোনও সংখ্যার $\frac{1}{3}$ থেকে সেই সংখ্যার $\frac{1}{4}$ বিয়োগ করলে বিয়োগফল হয় 12। সংখ্যাটি কত?
(a) 144 (b) 120 (c) 72 (d) 63
38. $\frac{17.23}{100} = ?$
(a) 172.3 (b) 1.723 (c) .1723 (d) 1723
39. যদি $\left(1-\frac{1}{2}\right)\left(1-\frac{1}{3}\right)\left(1-\frac{1}{4}\right)\ldots\left(1-\frac{1}{70}\right) = \frac{x}{70}$ এখানে x-এর মান কত?
(a) 4 (b) 2 (c) 3 (d) 1
40. $\sqrt{\frac{0.00001225}{0.00005329}} = ?$
(a) $\frac{25}{77}$ (b) $\frac{35}{73}$ (c) $\frac{35}{77}$ (d) $\frac{25}{73}$
41. $A = \frac{1}{4}B$ এবং $B = \frac{1}{2}C$ হলে A : B : C = ?
(a) 8 : 4 : 1 (b) 1 : 4 : 8 (c) 4 : 2 : 1 (d) 1 : 2 : 4
42. এক ব্যক্তি 2500 টাকায় একটি বাড়ি ক্রয় করেছেন। 10 শতাংশ লাভ করতে হলে বাড়িটির বিক্রয়মূল্য কত হবে?
(a) 2500 টাকা (b) 2700 টাকা (c) 2750 টাকা (d) 2750.50 টাকা
43. কত বছরে 10 শতাংশ বার্ষিক চক্রবৃদ্ধি সুদের হারে 500 টাকা বৃদ্ধি পেয়ে হয় 605 টাকা?
(a) 3 বছর (b) 2 বছর (c) 4 বছর (d) 5 বছর
44. কোন সংখ্যাটি ক্ষুদ্রতম?
(a) $(0.5)^2$ (b) $\sqrt{0.49}$ (c) $\sqrt[3]{0.008}$ (d) 0.23
45. যদি $\sqrt{4^n} = 1024$ হয়, তাহলে n-এর মান কত?
(a) 8 (b) 5 (c) 10 (d) 12
46. কিছু টাকা সরল সুদে বিনিয়োগ করলে 2 বছরে সুদে-আসলে 825 টাকা হয় এবং একই হারে বিনিয়োগ করলে 4 বছরে সুদে-আসলে 900 টাকা হয়। সুদের বাৎসরিক হার:
(a) 5% (b) 6% (c) 4% (d) 8%
47. 10500 থেকে যে ক্ষুদ্রতম ধনাত্মক পূর্ণসংখ্যা বিয়োগ করলে বিয়োগফল একটি পূর্ণবর্গ হবে তা:
(a) 74 (b) 84 (c) 88 (d) 96
48. একটি নলদ্বারা একটি জলাধার 15 মিনিটে পূর্ণ হয় এবং অপর একটি নলদ্বারা ওই জলাধার 20 মিনিটে নিঃশেষ হয়। জলাধারটি অর্ধজলপূর্ণ অবস্থায় দু'টি নল একসঙ্গে খোলা হলে জলাধারটি জলপূর্ণ হতে সময় নেবে:
(a) 30 মিনিট (b) 32 মিনিট (c) 36 মিনিট (d) 40 মিনিট
49. $\frac{1}{5}(3.65 \times 3.65 - 1.35 \times 1.35)$-এর সরল মান:
(a) 2.3 (b) 2.5 (c) 4.0 (d) 4.5
50. দু'টি ধনাত্মক সংখ্যার অনুপাত 3 : 5 এবং তাদের গুণফল 2160, ক্ষুদ্রতর সংখ্যাটি হবে:
(a) 30 (b) 36 (c) 45 (d) 48
51. কোন বাঙালি নাট্যকার 'এবং ইন্দ্রজিৎ' লেখেন:
(a) মনোজ মিত্র (b) শম্ভু মিত্র (c) বাদল সরকার (d) উৎপল দত্ত
52. ওস্তাদ আমজাদ আলি খাঁন কোন বাদ্যযন্ত্রের জন্য বিখ্যাত?
(a) সন্তুর (b) সরোদ (c) বেহালা (d) সানাই
53. 'মেঘে ঢাকা তারা' চলচ্চিত্রটির পরিচালক কে?

এরপর উনিশের পাতায়

# রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি

মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা। গণিত, রিজনিং, সাধারণ জ্ঞান ও বিজ্ঞানের প্রশ্ন আসবে। 'কর্মক্ষেত্র'-র পাঠকদের জন্য সমাধান-সহ নমুনা প্রশ্ন প্রস্তুত করেছেন SCERT প্রশিক্ষিত স্কুলশিক্ষক কামাল হোসেন।

1. যে বিষয়বস্তু অধ্যয়ন করলে অতীত যুগের উদ্ভিদের জীবন সম্বন্ধে সম্যক জ্ঞানলাভ করা যায়, তাকে বলে:
(a) ইতিহাস চর্চা (b) ঐতিহাসিক বিদ্যা (c) প্রত্নোদ্ভিদবিদ্যা (d) উদ্ভিদ শারীরবিদ্যা
2. প্রাণী বা উদ্ভিদ প্রাগৈতিহাসিক কাল থেকে বর্তমান সময় পর্যন্ত কোনও পরিবর্তন ছাড়াই বেঁচে থাকলে তাকে বলে:
(a) জীবিত জীবাশ্ম (b) মৃত জীবাশ্ম (c) জীবাশ্ম (d) শুধু জীবাশ্ম
3. অণুবীক্ষণ যন্ত্রের সাহায্য না নিয়ে যদি জীবাশ্ম পরীক্ষা-নিরীক্ষা করা যায়, তখন তাদের বলে:
(a) মাইক্রো ফসিল (b) মেগা ফসিল (c) ইনডেক্স ফসিল (d) ফসিল
4. নীচের কোন ধাতুটি জলে ভাসে?
(a) সোডিয়াম (b) পারদ (c) সিলিকন (d) জার্মেনিয়াম
5. নীচের কোনটি উচ্চতা পরিমাপক যন্ত্র?
(a) ভোল্টমিটার (b) অ্যালটিমিটার (c) রিখটার স্কেল (d) ম্যানোমিটার
6. নীচের কোন ধাতুগুলি ক্ষার ধাতু?
(a) পটাশিয়াম ও সোডিয়াম (b) পটাশিয়াম ও বোরন (c) সোডিয়াম ও সিলিকন (d) সিলিকন ও বোরন
7. নীচের ধাতুগুলির মধ্যে কোনটি অপধাতু/উপধাতু?
(a) আয়োডিন (b) মার্কারি (c) ইউরেনিয়াম (d) আর্সেনিক
8. অ্যান্টিমনি কী জাতীয় মৌল?
(a) নিষ্ক্রিয় গ্যাস (b) উপধাতু (c) অধাতু (d) তরল ধাতু
9. নীচের কোন রক্তের গ্রুপকে 'সর্বজনীন গ্রহীতা' বলা হয়?
(a) A (b) B (c) AB (d) O
10. নীচের কোন ভিটামিনটি ফ্যাটে দ্রবীভূত হয়?
(a) ভিটামিন-C (b) ভিটামিন-B (c) ভিটামিন-A (d) ভিটামিন-P
11. নীচের কোন ধাতুগুলি নরম ধাতু?
(a) লেড ও অ্যালুমিনিয়াম (b) সোডিয়াম ও পটাশিয়াম (c) ক্যালশিয়াম ও জিঙ্ক (d) প্ল্যাটিনাম ও ইউরেনিয়াম
12. স্বাভাবিক অবস্থায় নীচের কোন ধাতুটি তরল অবস্থায় থাকে?
(a) লিথিয়াম (b) রেডিয়াম (c) থোরিয়াম (d) মার্কারি
13. নীচের কোন ধাতুগুলি তরল ধাতু?
(a) গ্যালিয়াম ও টাইটেনিয়াম (b) ফ্রান্সিয়াম ও সিজিয়াম (c) থোরিয়াম ও বেরিয়াম (d) মার্কারি ও ক্যাডমিয়াম
14. নীচের কোনটি ভাইরাসঘটিত রোগ নয়?
(a) পোলিও (b) জলাতঙ্ক (c) এইডস (d) ডিপথেরিয়া
15. ইলেকট্রনের আবিষ্কর্তা হলেন:
(a) ডালটন (b) নিউটন (c) আইনস্টাইন (d) থমসন
16. নিউমোনিয়া হল একটি:
(a) ভাইরাসঘটিত রোগ (b) প্রোটোজোয়াঘটিত রোগ (c) ছত্রাকঘটিত রোগ (d) ব্যাক্টেরিয়াঘটিত রোগ
17. বিভিন্ন দেশের মাথাপিছু আয়ের মধ্যে তুলনা করার জন্য কী ব্যবহৃত হয়?
(a) APP ডলার (b) PPP ডলার (c) আমেরিকান ডলার (d) কোনওটিই নয়
18. ভারতের সরকারি ঋণের একটি বৈদেশিক উৎস কী?
(a) ভারতীয় বাণিজ্যিক ব্যাঙ্ক (b) ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (c) বিশ্ব ব্যাঙ্ক (d) কোনওটিই নয়
19. কী থেকে কোম্পানির শেয়ার হোল্ডারগণ উপার্জন করে?
(a) সুদ (b) সুদ এবং লভ্যাংশ (c) লভ্যাংশ (d) কোনওটিই নয়
20. মোট স্থির ব্যয়রেখার আকৃতি কেমন হবে:
(a) অনুভূমিক (b) ঊর্ধ্বমুখী (c) উত্তল (d) অবতল
21. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে কত ক্রেতা ও বিক্রেতা থাকে?
(a) 10 (b) 20 (c) অসংখ্য (d) 50
22. খানুয়ার যুদ্ধ কত খ্রিস্টাব্দে হয়েছিল?
(a) 1525 খ্রিস্টাব্দে (b) 1526 খ্রিস্টাব্দে (c) 1527 খ্রিস্টাব্দে (d) 1528 খ্রিস্টাব্দে
23. প্রাচীন গান্ধার রাজ্যের রাজধানী তক্ষশীলার বর্তমান নাম কী?
(a) হাতক (b) রাওয়ালপিন্ডি (c) রাজপুর (d) বাহিস্তান
24. আভরণ, ওড়না, শিভারণ কোন যুগে পুরুষদের প্রধানতম পোশাক ছিল?
(a) হর্ষঙ্ক (b) বৈদিক (c) বৌদ্ধ (d) ষোড়শ মহাজনপদ
25. আলেকজান্ডার কখন ভারত আক্রমণ করেন?
(a) 350 অব্দে (b) 329 অব্দে (c) 229 অব্দে (d) 325 অব্দে
26. গঙ্গা, শোন ও চম্পা নদীবেষ্টিত কোন রাজ্য ছিল অতি সুরক্ষিত?
(a) পাটলিপুত্র (b) রাজগৃহ (c) মগধ (d) মিথিলা
27. হরপ্পা সভ্যতা কোন যুগের সমসাময়িক সভ্যতা ছিল?
(a) প্রাচীন প্রস্তর যুগ (b) মধ্য প্রস্তর যুগ (c) নব্য প্রস্তর যুগ (d) তাম্র-প্রস্তর যুগ

এরপর উনিশের পাতায়

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি-র মাধ্যমে
## মিসলেনিয়াস প্রিলিমিনারি
### পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

*আঠারোর পাতার পর*

(a) গৌতম ঘোষ (b) বিমল রায় (c) মৃণাল সেন (d) ঋত্বিক ঘটক
54. বাংলা সাহিত্যে কালকূট হলেন?
(a) শংকর (b) সুনীল গঙ্গোপাধ্যায় (c) সমরেশ বসু (d) রাজশেখর বসু
55. দুঃসময় নাটকটি কার রচনা?
(a) সোমনাথ চট্টোপাধ্যায় (b) বুদ্ধদেব ভট্টাচার্য (c) অনিল বিশ্বাস (d) প্রিয়রঞ্জন দাসমুন্সি
56. লুসি গ্রের স্রষ্টা হলেন:
(a) রবার্ট বার্নস (b) স্যামুয়েল টেলর কোলারিজ (c) উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থ (d) ওয়াল্টার স্কট
57. বিহু কোন রাজ্যের লোকনৃত্য?
(a) অসম (b) মণিপুর (c) মিজোরাম (d) ত্রিপুরা
58. 'ভুবন সোম'-এর রচয়িতা হলেন:
(a) নীললোহিত (b) বনফুল (c) মানিক বন্দ্যোপাধ্যায় (d) রঞ্জন
59. 'অ্যাডোনাইস'-এর রচয়িতা হল:
(a) লর্ড উনিসন (b) পি বি শেলি (c) জন কিটস (d) মিলটন
60. 'ইহুদি মেনুহিন' যে বাজনা বাজিয়ে বিখ্যাত:
(a) পিয়ানো (b) গিটার (c) বেহালা (d) তবলা
61. 2020 সামার অলিম্পিক হবে:
(a) বেজিং (b) টোকিও (c) সিওল (d) স্পেন
62. পি সি চন্দ্র পুরস্কার 2017 সালে কে পেয়েছেন?
(a) গিরধর যাদব (b) সৃপর্ণনন্দ বসু (c) কৈলাস সত্যার্থী (d) শীর্ষেন্দু মুখোপাধ্যায়
63. খেলো ইন্ডিয়া স্কুল গেমস 2018 কোন শহরে অনুষ্ঠিত হয়েছে?
(a) পুনে (b) দিল্লি (c) আমেদাবাদ (d) চেন্নাই
64. 2017 ICC মহিলা ক্রিকেট চ্যাম্পিয়ন কোন দেশ?
(a) ইংল্যান্ড (b) ওয়েস্ট ইন্ডিজ (c) ভারত (d) পাকিস্তান
65. 2017 জ্ঞানপীঠ পুরস্কার বিজয়ী হলেন:
(a) শঙ্খ ঘোষ (b) কৃষ্ণা সবতি (c) নন্দকিশোর (d) সুরেন্দ্র বার্মা
66. দেশের প্রথম সৌর ট্রেন চালু হল:
(a) কলকাতা (b) দিল্লি (c) মুম্বই (d) হায়দরাবাদ
67. 2018 FIFA পুরুষ বিশ্বকাপ ফুটবল কোন দেশে অনুষ্ঠিত হবে?
(a) ইংল্যান্ড (b) জার্মানি (c) কাতার (d) রাশিয়া
68. WHO-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) জেনেভা (b) ভিয়েনা (c) রোম (d) প্যারিস
69. 15th অর্থ কমিশনের চেয়ারম্যানের নাম কী?
(a) Y V Reddy (b) N K Singh (c) V Kelkar (d) Rajanish Kumar
70. পশ্চিমবঙ্গের ২২তম জেলার নাম কী?
(a) ঝাড়গ্রাম (b) কালিম্পং (c) পূর্ব বর্ধমান (d) পশ্চিম বর্ধমান
71. সংবিধানের কোন অনুচ্ছেদে সংবিধান সংশোধন করার ক্ষমতা দেয়?
(a) 360 (b) 368 (c) 390 (d) 348
72. হাইকোর্টের মুখ্য বিচারপতি কে নিয়োগ করেন?
(a) রাজ্যপাল (b) রাষ্ট্রপতি (c) সুপ্রিম কোর্টের বিচারপতি (d) মুখ্যমন্ত্রী
73. রাজ্যসভার প্রতিনিধিত্ব করার ন্যূনতম বয়স হল:
(a) 30 (b) 32 (c) 35 (d) 25
74. কোন অনুচ্ছেদের ভিত্তিতে রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারি হয়?
(a) 352 (b) 356 (c) 360 (d) 354
75. পার্লামেন্টের যুগ্ম অধিবেশনে কে সভাপতিত্ব করেন?
(a) রাষ্ট্রপতি (b) উপরাষ্ট্রপতি (c) প্রধানমন্ত্রী (d) স্পিকার
76. দিলওয়ারা মন্দির কোথায় অবস্থিত?
(a) উত্তরপ্রদেশ (b) রাজস্থান (c) মহারাষ্ট্র (d) মধ্যপ্রদেশ
77. বিশ্বের কোন নদীর মোহানা বৃহত্তম?
(a) আমাজন (b) মিসিসিপি (c) টেমস (d) ওব
78. বিক্রমাদিত্য কাদের বিরুদ্ধে যুদ্ধ জয় করে 'বিক্রম সম্বত' নামক নতুন অব্দ চালু করেন?
(a) গ্রিক (b) শক (c) প্রতিহার (d) কুষাণ
79. ভারতের জনঘনত্ব কত?
(a) 382 (b) 385 (c) 395 (d) 400
80. অজন্তা গুহা কোন রাজ্যে অবস্থিত?
(a) মহারাষ্ট্র (b) তামিলনাড়ু (c) পশ্চিমবঙ্গ (d) গুজরাট
81. আমেরিকা যুক্তরাষ্ট্রের ডেট্রয়েট শহর কোন শিল্পের জন্য বিখ্যাত?
(a) ক্যামেরা (b) মোটরগাড়ি (c) পশুখাদ্য (d) চশমা
82. কবে গণপরিষদ ভারতীয় সংবিধান গ্রহণ করে?
(a) 17 October,1949 (b) 14 November, 1949 (c) 26 November, 1949 (d) 26 January, 1950
83. আটাকামা মরুভূমি কোন দেশে অবস্থিত?
(a) কানাডা (b) ব্রাজিল (c) চিলি (d) আর্জেন্টিনা
84. দাক্ষিণাত্যের সবচেয়ে বড় নদী-অববাহিকা কোনটি?
(a) কৃষ্ণা (b) মহানদী (c) কাবেরী (d) গোদাবরী .
85. কৌটিল্যের অর্থশাস্ত্র গ্রন্থের বিষয়বস্তু কী?
(a) অর্থনীতি (b) রাজনীতি (c) ধর্ম (d) বাণিজ্য
86. ভারতের আয়তন পৃথিবীর আয়তনের কত শতাংশ?
(a) 2.4% (b) 3.4% (c) 4.4 % (d) 5.4 %
87. Indian Institute of Science কোথায় অবস্থিত?
(a) কেরল (b) চেন্নাই (c) বেঙ্গালুরু (d) দিল্লি
88. ইয়ারলুং সাংপো নদী ভারতে কী নামে পরিচিত?
(a) গঙ্গা (b) সিন্ধু (c) ব্রহ্মপুত্র (d) মহানদী
89. কোন রেখা ভারতকে প্রায় দু'টি সমানভাগে ভাগ করেছে?
(a) নিরক্ষরেখা (b) অক্ষ অক্ষরেখা (c) কর্কটক্রান্তি রেখা (d) মকরক্রান্তি রেখা
90. 'ভারতবর্ষ' নামের উল্লেখ প্রথম কোথায় পাওয়া যায়?
(a) ঋগ্বেদ (b) মুণ্ডক উপনিষদ (c) কল্পসূত্র (d) অথর্ববেদ
91. দিল্লির কোন সুলতানের শাসনকালে দাক্ষিণাত্যে বাহমনি সাম্রাজ্যের উত্থান ঘটেছিল?
(a) ইলতুৎমিস (b) রাজিয়া (c) ইব্রাহিম লোদি (d) মহম্মদ বিন তুঘলক
92. সিংহাসন আরোহণের আগে ঔরঙ্গজেবের নাম কী ছিল?
(a) জাহির উদ্দিন মহম্মদ (b) মহি উদ্দিন মহম্মদ (c) শাহরিয়ার (d) আলমগির
93. ভারতের কোন রাজ্যে 'গাদ্দিস' উপজাতি বাস করে?
(a) অসম (b) হিমাচল প্রদেশ (c) অরুণাচল প্রদেশ (d) দিল্লি
94. মাথাভাঙা নদী কোন দু'টি দেশের আন্তর্জাতিক সীমারেখা তৈরি করেছে?
(a) ভারত এবং বাংলাদেশ (b) ভারত এবং নেপাল (c) ভারত এবং ভুটান (d) ভারত এবং মেয়ানমার
95. কে, কত সালে 'ডিভাইড & কুইট' স্লোগান দেন?
(a) গান্ধী, 1943 (b) নেতাজি, 1943 (c) জিন্নাহ, 1943 (d) মাউন্টব্যাটেন, 1943
96. কোথায় বিশ্বের বৃহত্তম তৈল শোধনাগার তৈরি হতে চলেছে?
(a) আকোলা (b) অমরাবতী (c) লাটুর (d) রত্নগিরি
97. নীচের কোন অভয়ারণ্যে একশৃঙ্গ গন্ডার পাওয়া যায়?
(a) বেতলা (b) পালামৌ (c) পেরিয়ার (d) কাজিরাঙ্গা
98. ভারতের কোন অঞ্চলটি সুন্দাল্যান্ড হটস্পটের অন্তর্গত?
(a) কেরল (b) উত্তর-পূর্ব ভারত (c) আন্দামান ও নিকোবর (d) সিকিম
99. প্রাণী ও উদ্ভিদসমূহ সর্বাপেক্ষা সুরক্ষিত থাকে নীচের কোন স্থানে?
(a) ন্যাশনাল পার্ক (b) স্যাংচুয়ারি (c) বোটানিক্যাল গার্ডেন (d) চিড়িয়াখানা
100. কোন প্রাণী World Wildlife Fund for Nature (WWF)-এর লোগো চিহ্ন হিসেবে ব্যবহৃত হয়?
(a) লাল পাণ্ডা (b) মেরু ভাল্লুক (c) জায়ান্ট পাণ্ডা (d) বাঘ

### উত্তর

1(a), 2(d), 3(b), 4(a), 5(b), 6(a), 7(b), 8(c), 9(b), 10(b), 11(a), 12(c), 13(c), 14(b), 15(b),16(c), 17(a), 18(b) 19(a), 20(a), 21(b), 22(d), 23(c), 24(c), 25(b), 26(c), 27(c), 28(b), 29(b), 30(b), 31(a), 32(a), 33(b), 34(c), 35(d), 36(a), 37(a), 38(c), 39(d), 40(b), 41(b), 42(c), 43(b), 44(c), 45(c), 46(a), 47(d), 48(a), 49(a), 50(b), 51(c), 52(b), 53(d), 54(c), 55(b), 56(c), 57(a), 58(b), 59(b), 60(c), 61(b), 62(c), 63(b), 64(a), 65(b), 66(b), 67(d), 68(a), 69(b), 70(a), 71(b), 72(b), 73(a), 74(b), 75(d), 76(b), 77(d), 78(b), 79(a), 80(a), 81(b), 82(c), 83(c), 84(d), 85(b), 86(a), 87(c), 88(c), 89(c), 90(a), 91(d), 92(b), 93(b), 94(a), 95(c), 96(d), 97(d), 98(c), 99(a), 100(c).

### দ্বিতীয় সেট

1. ভারতীয় সংবিধানের কোন অনুচ্ছেদ সংসদকে সংবিধান সংশোধন করার ক্ষমতা দেয়?
(a) 348 নম্বর (b) 360 নম্বর (c) 368 নম্বর (d) 390 নম্বর
2. তড়িৎপ্রবাহ দ্বারা ধাতুতে তাপ উৎপন্ন হয়। এটি হল:
(a) সিবেক প্রক্রিয়া (b) জুল প্রক্রিয়া (c) পেল্টিয়ার প্রক্রিয়া (d) জুল-থমসন প্রক্রিয়া
3. একটি ঘড়ির স্প্রিংকে গুটালে কী ধরনের শক্তি কাজ করে?
(a) তড়িৎশক্তি (b) গতিশক্তি (c) চুম্বকশক্তি (d) স্থিতিশক্তি
4. ভারতের রাজ্য ও কেন্দ্রের মধ্যে ক্ষমতা বণ্টনের তালিকাগুলোর মধ্যে শিক্ষা কোন তালিকায় পড়ে?
(a) রাজ্য তালিকায় (b) কেন্দ্রীয় তালিকায় (c) যুগ্ম তালিকায় (d) কোনও তালিকায় নয়
5. লাক্ষাদ্বীপ কী দ্বারা গঠিত?
(a) লবণাক্ত জলাভূমি (b) নিমজ্জিত পর্বত (c) প্রবাল (d) মৃত আগ্নেয়গিরি
6. কোন রাস্তাটিকে NH-2 বলা হয়:
(a) দিল্লি রোড (b) গ্র্যান্ড ট্রাঙ্ক রোড (c) বম্বে রোড (d) বারাকপুর ট্রাঙ্ক রোড
7. 'টোয়েন্টি থাউজ্যান্ড লিগস আন্ডার দি সি'-র রচয়িতা কে?
(a) জুলে ভার্ন (b) হ্যারল্ড রবিন্স (c) ড্যান ব্রাউন (d) হ্যারল্ড পিন্টার
8. পূর্ণ স্বরাজ দিবস প্রথম পালিত হয়েছিল:
(a) 26 জানুয়ারি, 1930 (b) 15 অগস্ট, 1947 (c) 15 অগস্ট, 1930 (d) 26 জানুয়ারি, 1950
9. তত্ত্ববোধিনী সভা প্রতিষ্ঠা করেছিলেন:
(a) স্বামী বিবেকানন্দ (b) দেবেন্দ্রনাথ ঠাকুর (c) ডিরোজিও (d) রামমোহন রায়
10. প্রবাল কোন ধরনের জলে জন্মায়?
(a) কর্দমাক্ত (b) উষ্ণ (c) স্বচ্ছ (d) শীতল
11. প্যাঙ্গোলিন কোথায় দেখতে পাওয়া যায়?
(a) এশিয়া (b) আফ্রিকা (c) অস্ট্রেলিয়া (d) a এবং b উভয়েই
12. কলকাতা মাদ্রাসা-র প্রতিষ্ঠাতা হলেন:
(a) রাজা রামমোহন রায় (b) লর্ড কর্নওয়ালিশ (c) ওয়ারেন হেস্টিংস (d) রাজা রাধাকান্ত দেব
13. তালিকোটার যুদ্ধ হয়েছিল:
(a) 1526 (b) 1556 (c) 1192 (d) 1191
14. Shorea robusta কার বৈজ্ঞানিক নাম?
(a) চন্দন (b) সেগুন (c) শিশু (d) শাল
15. আর্যদের প্রাচীনতম গ্রন্থ:
(a) অথর্ববেদ (b) যজুর্বেদ (c) ঋগ্বেদ (d) সামবেদ
16. গ্যালভানাইজেশনে ব্যবহৃত ধাতুটি হল:
(a) তামা (b) দস্তা (c) লোহা (d) রুপো
17. ফেরাস সালফাইড থেকে হাইড্রোজেন সালফাইড প্রস্তুতিতে ব্যবহৃত হয়:
(a) গাঢ় $HNO_3$ (b) গাঢ় $H_2SO_4$ (c) লঘু HCl (d) লঘু $H_2SO_4$

## রেলে ৬২৯০৭
## গ্রুপ-ডি

*আঠারোর পাতার পর*

28. 'লিজিয়ন অব অনার' খেতাব কোন বিষয়ের ওপর দেওয়া হয়?
(a) বিজ্ঞানচর্চার ওপর (b) রাষ্ট্রের প্রতি সেবার পুরস্কারস্বরূপ (c) ধর্মীয় যাজকদের প্রতি (d) শিক্ষার প্রতি
29. কাকে 'নব ইতালির আত্মা' বলা হয়?
(a) মাৎসিনি (b) গ্যারিবল্ডি (c) কাভুর (d) মুসোলিনী
30. ইংরেজ ও শিখদের মধ্যে ঘটে যাওয়া চিলিয়ানওয়ালা বাগ-এর যুদ্ধ কবে হয়েছিল?
(a) 1845 সালে (b) 1849 সালে (c) 1850 সালে (d) 1848 সালে
31. কাকে 'ঐশ্বর্যের ইন্দ্রপুরী' বলা হয়?
(a) ভার্সাইয়ের রাজপ্রাসাদ (b) বাস্তিল দুর্গ (c) স্টেটস জেনারেল (d) টুইলারিস রাজপ্রাসাদ
32. New Lamps for the Old কার লেখা?
(a) বিপিনচন্দ্র পাল (b) অরবিন্দ ঘোষ (c) বালগঙ্গাধর তিলক (d) মোতিলাল নেহরু
33. ভারত ছাড়ো আন্দোলন সম্পর্কে লেখা 'The Quit India Movement' গ্রন্থটির কার লেখা?
(a) অরুণচন্দ্র ভুঁইয়া (b) ডঃ অম্বা প্রসাদ (c) ফ্রান্সিস হাটচিনস (d) ডি এন পাণিগ্রাহী

### উত্তর

1(c), 2(a), 3(b), 4(a), 5(b), 6(a), 7(d), 8(b), 9(c), 10(c), 11(b), 12(d), 13(b), 14(d), 15(d), 16(d), 17(b), 18(c), 19(c), 20(a), 21(c), 22(c), 23(b), 24(d), 25(b), 26(c), 27(d), 28(b), 29(a), 30(b), 31(a), 32(b), 33(a).

এরপর আগামী সংখ্যায়

**ভ্রম সংশোধন:** গত সপ্তাহে প্রকাশিত 'রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি'-র নমুনা প্রশ্নে 3 নম্বর প্রশ্নের উত্তর হবে (a)।

18. ডায়াবেটিস রোগীর মূত্রে কোনটি বেশি মাত্রায় পাওয়া যায়?
(a) অ্যালবুমিন (b) শর্করা (c) ইউরিক অ্যাসিড (d) ইউরিয়া
19. কাচের সরঞ্জাম তৈরি হয়:
(a) ফিরোজাবাদ (b) কানপুর (c) বেঙ্গালুরু (d) গোয়ালিয়র
20. বঙ্গদেশের কোন কবির উপাধি ছিল গুণরাজ খাঁ?
(a) মালাধর বসু (b) বিপ্রদাস (c) শ্রীধর নন্দী (d) বিজয়গুপ্ত
21. নীচের কোন স্থানটি কর্কটক্রান্তি রেখার নিকটতম?
(a) ঝাঁসি (b) গোয়ালিয়র (c) আগ্রা (d) দিল্লি
22. কেঁচোর গমনাঙ্গের নাম কী?
(a) ক্ষণপদ (b) কর্ষিকা (c) ফ্লাজেলা (d) সিটা
23. প্রথম লোক আদালত আয়োজিত হয়েছিল:
(a) 1988 (b) 1985 (c) 1986 (d) 1987
24. কার আমলে নানাঘাট শিলালিপি খোদিত হয়েছিল?
(a) সমুদ্রগুপ্ত (b) দ্বিতীয় কদফিসিস (c) অশোক (d) প্রথম সাতকর্ণী
25. 'জৈন কল্পসূত্র' রচনা করেন:
(a) হেমচন্দ্র (b) ভদ্রবাহু (c) বিষ্ণুগুপ্ত (d) ভীমবাহু
26. নীচের কোনটি প্রত্যক্ষ কর নয়?
(a) কর্পোরেশন (b) সেলস (c) ওয়েলথ ট্যাক্স (d) এস্টেট
27. বিম্বিসার কোথাকার শাসক ছিলেন?
(a) কম্বোজ (b) অযোধ্যা (c) মগধ (d) গান্ধার
28. তড়িৎলেপনের একটি উদ্দেশ্য হল:
(a) বস্তুর সৌন্দর্য বৃদ্ধি করা (b) তড়িতের অপচয় কমানো (c) বস্তুকে আরও ভারী ও মোটা করা (d) কোনওটাই নয়
29. নীচের কোন যৌগটি অ্যামাইনো অ্যাসিড নয়?
(a) লুইসিন (b) অ্যালিলিন (c) গ্লাইসিন (d) গ্লুকোজ
30. চম্পারণ সত্যাগ্রহ শুরু হয়েছিল:
(a) 1915 সালে (b) 1917 সালে (c) 1919 সালে (d) 1930 সালে
31. ভারতীয় উচ্চাঙ্গসংগীত 'খেয়াল'-এর উদ্ভাবক কে?
(a) ওঙ্কারনাথ ঠাকুর (b) কবির (c) তানসেন (d) আমির খসরু
32. কুচিপুড়ি নৃত্যটি ভারতের কোন রাজ্যের নৃত্য?
(a) অন্ধ্রপ্রদেশ (b) কেরল (c) তামিলনাড়ু (d) কর্নাটক
33. কোন সংশোধনী আইনে পঞ্চায়েতে মহিলাদের জন্য 30% আসন সংরক্ষিত হয়েছে?
(a) 75তম (b) 73তম (c) 71তম (d) 70তম
34. একটি দেশের বনাঞ্চল সাধারণত কত শতাংশ হওয়া উচিত?
(a) 43% (b) 33% (c) 23% (d) 13%
35. পর্ণমোচী বৃক্ষের দ্বারা মাটি হয়:
(a) আম্লিক (b) ক্ষারীয় (c) প্রশম (d) কোনওটিই নয়
36. কোন আয়ন 10% হারে ওজোনস্তরে ক্ষয় ঘটাতে পারে?
(a) হাইড্রোজেন (b) হিলিয়াম (c) অক্সিজেন (d) হাইড্রক্সিল
37. ফটোগ্রাফিক শিল্প কারখানা থেকে নিষ্কাশিত দূষণ সৃষ্টিকারী ধাতু হল:
(a) তামা (b) দস্তা (c) সীসা (d) রুপো
38. পরিবেশ সুরক্ষা আইন চালু হয়:
(a) 1999 সালে (b) 1987 সালে (c) 1988 সালে (d) 1986 সালে
39. জীবাশ্ম জ্বালানির দহনে বাতাসে প্রধানত কোন গ্যাস ছড়িয়ে পড়ে?
(a) $H_2$ (b) $O_2$ (c) $SO_2$ (d) $NO_2$
40. বৃহত্তম অন্তঃক্ষরা গ্রন্থি হল:
(a) অ্যাড্রিনাল (b) লালাগ্রন্থি (c) পিটুইটারি (d) থাইরয়েড

*এরপর কুড়ির পাতায়*

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

## মিসলেনিয়াস প্রিলিমিনারি

### পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

*উনিশের পাতার পর*

41. অস্ট্রেলিয়া ও তাসমানিয়ার মধ্যে কোন প্রণালী আছে?
(a) ডোভার (b) বাস (c) কুক (d) মালাক্কা
42. তৃতীয় বৌদ্ধ সম্মেলন কোথায় আয়োজিত হয়েছিল?
(a) কাশী (b) পুরুষপুর (c) পাটলিপুত্র (d) নেপাল
43. কোন ভাইসরয়ের আমলে বাজেট ব্যবস্থা চালু হয়?
(a) লর্ড ক্যানিং (b) লর্ড রিপন (c) লর্ড ডালহৌসি (d) লর্ড এলগিন
44. গভর্নর জেনারেল পদটি ভাইসরয় পদে পরিবর্তিত হয়েছিল:
(a) 1895 সালে (b) 1858 সালে (c) 1905 সালে (d) 1917 সালে
45. লোকসভায় নির্বাচিত সদস্যের সর্বোচ্চ সংখ্যা:
(a) 550 (b) 500 (c) 560 (d) 555
46. মেপোলা আন্দোলন হয়েছিল:
(a) 1925 সালে (b) 1920 সালে (c) 1921 সালে (d) 1952 সালে
47. বাতাপি কাদের রাজধানী ছিল?
(a) সেন (b) রাষ্ট্রকূট (c) চালুক্য (d) পল্লব
48. পেরিয়ার অভয়ারণ্য কোথায় অবস্থিত?
(a) কেরল (b) হরিয়ানা (c) তামিলনাড়ু (d) মধ্যপ্রদেশ
49. ডিপথেরিয়া রোগে শরীরের কোন অংশ আক্রান্ত হয়?
(a) পাকস্থলী (b) কান (c) নাক (d) গলা
50. তার্পিন তেল পাওয়া যায় কোন গাছ থেকে?
(a) পাইন (b) রজন (c) ফার (d) স্প্রুস
51. ডিটারজেন্ট জলকে দূষিত করে, কারণ এতে আছে:
(a) কার্বনেট (b) সালফেট (c) ফসফেট (d) নাইট্রেট
52. জীবদেহে রোগ প্রতিরোধ ক্ষমতা গড়ে তোলে:
(a) ফ্যাট (b) ভিটামিন (c) শর্করা (d) প্রোটিন
53. $SO_2$ এবং $NO_2$ বায়ুতে কীসের মাত্রা বৃদ্ধি করে?
(a) প্রশমত্ব (b) ক্ষারত্ব (c) বাফার ক্রিয়া (d) অম্লত্ব
54. শ্রমিক মৌমাছির মোমগ্রন্থি থাকে:
(a) উদরে (b) বক্ষে (c) মস্তকে (d) পায়ে
55. জলাশয়ে অতিমাত্রায় শৈবালজাতীয় উদ্ভিদ জন্মালে জলে কমে যায়:
(a) অক্সিজেন (b) কার্বন ডাইঅক্সাইড (c) নাইট্রোজেন (d) সবক'টি
56. পূর্ণতরঙ্গ একমুখীকরণের কাজে ব্যবহৃত হয়:
(a) চারটি ডায়োড (b) আটটি ডায়োড (c) ছ'টি ডায়োড (d) দু'টি ডায়োড
57. 'শীতকালীন গম' কোন মাসে কাটা হয়?
(a) নভেম্বর-ডিসেম্বর (b) ডিসেম্বর-জানুয়ারি (c) মার্চ-এপ্রিল (d) জানুয়ারি-ফেব্রুয়ারি
58. কোন কঠিন পদার্থের নির্দিষ্ট গলনাঙ্ক নেই?
(a) সোডিয়াম (b) বরফ (c) লোহা (d) মোম
59. নীচের কোন জেলাটি ছোটনাগপুর মালভূমি অঞ্চলের অন্তর্গত?
(a) পূর্ব মেদিনীপুর (b) বাঁকুড়া (c) পশ্চিম মেদিনীপুর (d) পুরুলিয়া
60. m ভরের একটি বস্তুর ভরবেগ p হলে বস্তুটির গতিশক্তি হবে:
(a) $\frac{p}{2m}$ (b) $\frac{p^2}{2m}$ (c) $\frac{p^2}{2m^2}$ (d) কোনওটাই নয়
61. গ্যাসের আয়তন গুণাঙ্কের মান:
(a) $-\frac{1}{273}{}^{o}C$ (b) $-273^{\circ}C$ (c) $\frac{1}{273^{0}C}$ (d) $273^{\circ}C$
62. সোডাওয়াটারে থাকে:
(a) $Na_2CO_3 + N_2O$ (b) $CO_2 + H_2O$ (c) $NaOH + H_2O$ (d) $NaHCO_3 + H_2O$
63. কোনও সুরশলাকার অর্ধকম্পনের ফলে সৃষ্টি হয়:
(a) একটি ঘনীভবন ও তনুভবন (b) একটি পূর্ণতরঙ্গ (c) একটি পূর্ণ কম্পন (d) একটি ঘনীভবন
64. কোন জাতীয় শিলার ক্ষেত্রে ব্যাপক রূপান্তর ঘটে থাকে?
(a) রূপান্তরিত শিলা (b) আগ্নেয় শিলা (c) মিশ্র শিলা (d) পাললিক শিলা
65. অ্যামোনিয়া প্রস্তুতিতে উদ্দীপক হিসেবে ব্যবহৃত হয়:
(a) $Fe_2O_3$ (b) $Na_2O$ (c) Fe চূর্ণ (d) $K_2O$ এবং $Al_2O_3$
66. নীচের কোন প্রাণীটির শরীরে মুক্ত সংবহনতন্ত্র থাকে না?
(a) চিংড়ি (b) কেঁচো (c) শামুক (d) আরশোলা
67. মস্তিষ্কের গহ্বরকে বলে:
(a) গ্লোমেরুলাস (b) নিউরো হিউমার (c) জাইরাস (d) ভেন্ট্রিওল
68. লসিকা যে শিরার মাধ্যমে রক্তের মধ্যে মেশে তার নাম:
(a) সাবক্লোভিয়ান (b) পালমোনারি (c) ব্যাকিয়াল (d) পোর্টাল
69. মুঘল রাজদরবারের ভাষা ছিল:
(a) আরবি (b) উর্দু (c) হিন্দি (d) পারসি
70. নামদেবের সমসাময়িক ছিলেন:
(a) মাধব (b) নিম্বার্ক (c) সেনা (d) রামদাস
71. 2017 ব্যাডমিন্টন ওয়ার্ল্ড ফেডারেশন-এর জুনিয়র র‍্যাঙ্কিংয়ে ওয়ার্ল্ড নম্বর 1 স্থান পেয়েছেন:
(a) মণীশ লাম্বা (b) রাহুল সিনহা (c) লক্ষ্য সেন (d) রমেশ শেরাওয়াত
72. 2017 কোন রাজ্য সরকার সরকারি চাকরিতে স্পোর্টসপার্সন ক্যাটেগরিতে 2% সংরক্ষণের ঘোষণা করেছে?
(a) গুজরাট (b) রাজস্থান (c) বিহার (d) ঝাড়খণ্ড
73. টি-টোয়েন্টি ম্যাচে সর্বপ্রথম 300 রান করেছেন সম্প্রতি:
(a) মুণীশ শর্মা (b) রমেশ কুণ্ডু (c) মোহিত আহলাওয়াত (d) এ বালাজি
74. অষ্টম থিয়েটার অলিম্পিকস 2018-র উদ্বোধন করেছেন সম্প্রতি:
(a) সুমিত্রা মহাজন (b) নরেন্দ্র মোদী (c) রামনাথ কোবিন্দ (d) এম ভেঙ্কাইয়া নাইডু
75. পঞ্চম যশ চোপড়া মেমোরিয়াল অ্যাওয়ার্ড 2018 পেলেন সম্প্রতি:
(a) ডেভিড ধাওয়ান (b) জ্যাকি শ্রফ (c) পুনম ধীলোঁ (d) আশা ভোঁসলে
76. প্রথম 48টি জোড়সংখ্যার গড় কত?
(a) 47 (b) 49 (c) 48 (d) 50
77. 1 থেকে 14 পর্যন্ত বিজোড়সংখ্যাগুলির বর্গের সমষ্টি কত?
(a) 450 (b) 455 (c) 350 (d) 355
78. দু'টি সংখ্যার গুণফল 63 ও ভাগফল 17 হলে সংখ্যাদু'টি কী কী?
(a) 21, 7 (b) 21, 9 (c) 42, 3 (d) 21, 3
79. দু'টি সংখ্যার বর্গের পার্থক্য 21 হলে ক্ষুদ্রতর সংখ্যাটি কত?
(a) 10 (b) 11 (c) 14 (d) 7
80. দু'টি সংখ্যার যোগফল ও বিয়োগফলের অনুপাত 5 : 1 হলে সংখ্যাদু'টির অনুপাত কত?
(a) 2 : 3 (b) 5 : 3 (c) 3 : 2 (d) 5 : 2
81. 15টি দ্রব্যের ক্রয়মূল্য যদি 20টি দ্রব্যের বিক্রয়মূল্যের সমান হয় তবে ক্ষতির শতকরা হার কত?
(a) 20% (b) 25% (c) 37.5% (d) 30%
82. যদি A : B = 7 : 9; B : C = 3 : 5 হয়, তাহলে A : B : C = ?
(a) 7 : 18 : 9 (b) 7 : 17 : 6 (c) 7 : 9 : 15 (d) 17 : 3 : 6
83. কোন ক্ষুদ্রতম সংখ্যা 680621-এর সঙ্গে যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?
(a) 8 (b) 6 (c) 4 (d) 5
84. যদি দু'টি সংখ্যার ল.সা.গু. 1820 এবং তাদের গ.সা.গু. 26 হয় এবং একটি সংখ্যা 130 হলে, অপরটি কত?
(a) 364 (b) 1264 (c) 1690 (d) 70
85. $\left(\frac{243}{32}\right)^{-4/5} \times \left(\frac{3}{2}\right)^4 = ?$
(a) $\frac{1}{81}$ (b) $\frac{16}{81}$ (c) 1 (d) 16
86. A এবং B একটি কাজ 10 দিনে করতে পারে। B এবং C কাজটি 15 দিনে করে এবং C ও A কাজটি 20 দিনে করতে পারে। C একা কাজটি কতদিনে করবে?
(a) 30 দিনে (b) 80 দিনে (c) 60 দিনে (d) 120 দিনে
87. 9000 টাকা A, B ও C-র মধ্যে 4 : 5 : 6 অনুপাতে ভাগ করে দিলে A ও B-র অংশের মধ্যে পার্থক্য কত?
(a) 600 টাকা (b) 1000 টাকা (c) 900 টাকা (d) 1200 টাকা
88. একটি সংখ্যার অর্ধেক, এক-তৃতীয়াংশ এবং এক-চতুর্থাংশের যোগফল সংখ্যাটির চেয়ে 12 বেশি। সংখ্যাটি কত?
(a) 154 (b) 144 (c) 81 (d) 169
89. অনিল এবং সুধীরের বর্তমান বয়সের পার্থক্য 6 বছর। 4 বছর পর তাদের বয়সের অনুপাত হবে 3 : 4 । সুধীরের বর্তমান বয়স কত?
(a) 24 বছর (b) 15 বছর (c) 18 বছর (d) 20 বছর
90. কোনও ঘনকের বাহু 7 সেমি হলে ঘনকটির আয়তন কত?
(a) 216 ঘনসেমি (b) 49 ঘনসেমি (c) 343 ঘনসেমি (d) 126 ঘনসেমি
91. $20\frac{1}{2} + 30\frac{1}{3} - 15\frac{1}{6} = ?$
(a) $45\frac{1}{3}$ (b) $34\frac{1}{6}$ (c) $35\frac{2}{3}$ (d) $35\frac{5}{6}$
92. 2, 3, 5, 7 দ্বারা গঠিত চার অঙ্কের সংখ্যাগুলির যোগফল কত?
(a) 753200 (b) 113322 (c) 316855 (d) 654500
93. 200 থেকে 2000-এর মধ্যে পূর্ণবর্গ সংখ্যা ক'টি?
(a) 29 (b) 3 (c) 28 (d) 30
94. দু'টি সংখ্যার অনুপাত 3 : 4 এবং গ.সা.গু. 4 হলে ল.সা.গু. কত?
(a) 72 (b) 24 (c) 36 (d) 48
95. $5\frac{5}{6} - 3\frac{8}{9} - x = 1$ হলে, x = ?
(a) 3 (b) $\frac{17}{18}$ (c) $\frac{2}{3}$ (d) $\frac{3}{2}$
96. কোন ক্ষুদ্রতম সংখ্যা 72, 90 এবং 120 দ্বারা বিভাজ্য?
(a) 620 (b) 360 (c) 630 (d) 260
97. $\sqrt{?} \times \sqrt{529} = 736$ হলে, '?' চিহ্নিত স্থানে কোন সংখ্যাটি বসবে?
(a) 784 (b) 32 (c) 1296 (d) 1024
98. একটি ব্যাগে 5 টাকা ও 10 টাকার মোট 80টি নোট ছিল। ওই ব্যাগে মোট 600 টাকা থাকলে 10 টাকার নোটের সংখ্যা কত?
(a) 50 (b) 10 (c) 60 (d) 40
99. দু'টি সংখ্যার ল.সা.গু. ও গ.সা.গু. যথাক্রমে 315 এবং 7। একটি সংখ্যা 35 হলে অপরটি কত?
(a) 42 (b) 55 (c) 105 (d) 63
100. দু'টি সংখ্যার গ.সা.গু. 12 এবং তাদের অনুপাত 3 : 5 হলে তাদের গুণফল কত?
(a) 2160 (b) 1620 (c) 1800 (d) 1980

### উত্তর

1(c), 2(b), 3(d), 4(b), 5(c), 6(a), 7(a), 8(a), 9(b), 10(c), 11(d), 12(c), 13(b), 14(d), 15(c), 16(b), 17(d), 18(b), 19(a), 20(a), 21(a), 22(d), 23(c), 24(d), 25(b), 26(b), 27(c), 28(a), 29(d), 30(b), 31(a), 32(a), 33(b), 34(b), 35(a), 36(d), 37(d), 38(d), 39(c), 40(d), 41(b), 42(c), 43(a), 44(b), 45(a), 46(c), 47(c), 48(a), 49(d), 50(a), 51(c), 52(b), 53(d), 54(a), 55(a), 56(d), 57(c), 58(d), 59(d), 60(b), 61(c), 62(b), 63(d), 64(a), 65(d), 66(b), 67(d), 68(a), 69(d), 70(c), 71(c), 72(d), 73(c), 74(d), 75(d), 76(b), 77(b), 78(d), 79(a), 80(c), 81(b), 82(c), 83(c), 84(a), 85(c), 86(d), 87(d), 88(b), 89(d), 90(c), 91(c), 92(b), 93(d), 94(d), 95(b), 96(b), 97(d), 98(d), 99(d), 100(a).

### সমাধান

76(b): নির্ণেয় গড় = 48 + 1 = 49.
77(b): শেষ বিজোড়সংখ্যা (n) = 13
নির্ণেয় সমষ্টি $= \frac{n(n+1)(n+2)}{6} = \frac{13\times(13+1)(13+2)}{6} = \frac{13\times14\times15}{6} = 455.$
78(d): বড় সংখ্যা $= \sqrt{63\times7} = 21$, ছোট সংখ্যা $= \sqrt{63\div7} = 3.$
79(a): নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা $= \left(\frac{21-1}{2}\right) = 10.$
80(c): নির্ণেয় অনুপাত = (5 + 1) : (5 − 1) = 6 : 4 = 3 : 2.
81(b): ধরি, একটি দ্রব্যের ক্রয়মূল্য = x টাকা
15টি দ্রব্যের ক্রয়মূল্য = 15x টাকা, 20টি দ্রব্যের ক্রয়মূল্য = 20x টাকা
প্রশ্নানুসারে, 20টি দ্রব্যের বিক্রয়মূল্য = 15টি দ্রব্যের ক্রয়মূল্য = 15x
ক্ষতি = 20x − 15x = 5x ∴ ক্ষতির হার $= \frac{5x\times100}{20x} = 25\%.$
82(c): A : B = 7 : 9, B : C = 3 : 5
A : B : C = 7 × 3 : 3 × 9 : 9 × 5 = 21 : 27 : 45 = 7 : 9 : 15.
83(c): 680621-এর নিকটবর্তী পূর্ণবর্গ সংখ্যা $\sqrt{680625} = 825$
∴ যে ক্ষুদ্রতম সংখ্যাটি 680621-এর সঙ্গে যোগ করলে পূর্ণবর্গ হবে তা হল (680625 − 680621) = 4.
84(a): ল.সা.গু. = 1820; গ.সা.গু. = 26
একটি সংখ্যা = 130 ∴ অন্য সংখ্যা $= \frac{1820\times26}{130} = 364.$
85(c): $\left(\frac{243}{32}\right)^{-4/5} \times \left(\frac{3}{2}\right)^4 = \left(\frac{32}{243}\right)^{4/5} \times \left(\frac{3}{2}\right)^4 = \left(\frac{2^5}{3^5}\right)^{4/5} \times \left(\frac{3}{2}\right)^4$
$= \left(\frac{2}{3}\right)^4 \times \left(\frac{3}{2}\right)^4 = \left(\frac{2}{3}\times\frac{3}{2}\right)^4 = 1$
86(d): A একদিনে কাজ করে $\frac{1}{10}$ অংশ
B একদিনে কাজ করে $\frac{1}{15}$ অংশ, C একদিনে কাজ করে $\frac{1}{20}$ অংশ
যোগ করে, $A + B = \frac{1}{10}$ ... (i), $B + C = \frac{1}{15}$ ... (ii), $C + A = \frac{1}{20}$ ... (iii)
$2(A + B + C) = \frac{1}{10} + \frac{1}{15} + \frac{1}{20}$ বা, $2(A + B + C) = \frac{13}{60}$
বা, $(A + B + C) = \frac{13}{120}$ ... (iv)
বা, (iv) নম্বরে (i)-এর মান বসিয়ে পাই, $\frac{1}{10} + C = \frac{13}{120}$
বা, $C = \frac{13}{120} - \frac{1}{10} = \frac{1}{120}$ ∴ C কাজটি শেষ করবে 120 দিনে।
87(d): A পায় $= 9000 \times \frac{4}{15} = 2400$ টাকা
C পায় $= 9000 \times \frac{6}{15} = 3600$ টাকা ∴ পার্থক্য = (3600 − 2400) = 1200 টাকা।
88(b): ধরি, সংখ্যাটি = x
∴ $\left(\frac{x}{2} + \frac{x}{3} + \frac{x}{4}\right) = (x + 12)$ বা, $\frac{6x + 4x + 3x}{12} = (x + 12)$
বা, $\frac{13x}{12} = x + 12$ বা, $\frac{13x}{12} - x = 12$ বা, $\frac{13x - 12x}{12} = 12$
বা, 13x − 12x = 144 বা, x = 144.
89(d): অনিল = x; সুধীর = x + 6
প্রশ্নানুসারে, $\frac{x + 4}{x + 6 + 4} = \frac{3}{4}$ বা, 4x + 16 = 3x + 18 + 12
বা, x = 30 − 16 বা, x = 14 ∴ সুধীরের বয়স = x + 6 = 14 + 6 = 20 বছর।
90(c): ঘনকের আয়তন $= a^3 = (7)^3 = 343$ ঘনসেমি।
91(c): $20\frac{1}{2} + 30\frac{1}{3} - 15\frac{1}{6} = (20 + 30 - 15) + \left(\frac{1}{2} + \frac{1}{3} - \frac{1}{6}\right)$
$= 35 + \frac{3 + 2 - 1}{6} = 35 + \frac{4}{6} = 35 + \frac{2}{3} = 35\frac{2}{3}.$
92(b): নির্ণেয় যোগফল = (2 + 3 + 5 + 7) × 6666 = 17 × 6666 = 113322.
93(d): 200-র থেকে বড় প্রথম পূর্ণবর্গ সংখ্যা $= (15)^2 = 225$ এবং 2000-র থেকে ছোট শেষ পূর্ণবর্গ সংখ্যা $= (44)^2 = 1936$
∴ 15 থেকে 44 পর্যন্ত মোট সংখ্যা = (44 − 15 + 1) = 30টি।
94(d): নির্ণেয় ল.সা.গু. = 4 × (3 × 4) = 48.
95(b): $5\frac{5}{6} - 3\frac{8}{9} - x = 1$ বা, $\frac{35}{6} - \frac{35}{9} - x = 1$ বা, $\frac{105 - 70}{18} - x = 1$
বা, $\frac{35}{18} - x = 1$ বা, $-x = 1 - \frac{35}{18}$ বা $-x = \frac{18 - 35}{18}$
বা, $-x = -\frac{17}{18}$ বা, $x = \frac{17}{18}$.
96(b): 72, 90, 120 দ্বারা বিভাজ্য ক্ষুদ্রতম সংখ্যা = 72, 90, 120-এর ল.সা.গু. = 360.
97(d): $\sqrt{?} \times \sqrt{529} = 736$ বা, $\sqrt{?} = \frac{736}{\sqrt{529}}$ বা, $\sqrt{?} = \frac{736}{23}$ বা, $\sqrt{?} = 32$
∴ $(32)^2 = 1024.$
98(d): ধরি, 10 টাকার নোটসংখ্যা = x
10x + 5(80 − x) = 600 বা, 10x − 5x = 600 − 400 বা, 5x = 200 বা, x = 40.
99(d): একটি সংখ্যা = x
∴ 35 × x = 315 × 7 বা, $x = \frac{315\times7}{35}$ বা, x = 63.
100(a): দু'টি সংখ্যার গুণফল = সংখ্যাদু'টির অনুপাতের পদগুলির গুণফল × $(\text{গ.সা.গু.})^2 = (3\times5)\times(12)^2 = 15\times144 = 2160.$

প্রস্তুত করেছেন:

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

৬০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল এবং ইনস্ট্রুমেন্টেশন/ইলেক্ট্রনিক্স শাখায়। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: WBPDCL/ Apprentice/2018/01.

ইঞ্জিনিয়ারিং শাখা অনুসারে আসনসংখ্যার বিবরণ: **মেকানিক্যাল:** ২৬টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ২, ও বি সি-বি ২)। **ইলেক্ট্রিক্যাল:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ২, ও বি সি-বি ২)। **ইনস্ট্রুমেন্টেশন/ইলেক্ট্রনিক্স:** ১৪টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, ও বি সি-এ ২, ও বি সি-বি ২)।

**শিক্ষাগত যোগ্যতা:** অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা অথবা ডিগ্রি। ইনস্ট্রুমেন্টেশন/ইলেক্ট্রনিক্স শাখার ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশনে ডিপ্লোমা বা ডিগ্রিধারীরা আবেদন করতে পারবেন। **বয়স:** ১-২-২০১৮ তারিখে ১৮ থেকে ২৪ (ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২৫) বছরের মধ্যে হতে হবে।

১-১-২০১৮ তারিখ অনুসারে ৩ বছর আগে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি বা ডিপ্লোমা পাশ করে থাকলে, কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ে অংশ নিয়ে থাকলে বা কোনও সংস্থায় কর্মরত থাকলে আবেদন করতে পারবেন না।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ৩,৫৪২ টাকা এবং ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪,৯৮৪ টাকা।

প্রাথমিকভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে একটি পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ের স্থান: Board of Practical Training (Eastern Region), Block EA, Sector-1, Salt Lake City, Kolkata-700 064.

বিদ্যুৎ নিগমের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য আবেদন করার আগে প্রার্থীকে অবশ্যই ন্যাশনাল অ্যাপ্রেন্টিস ট্রেনিং স্কিম পোর্টালে নিজের নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in

এরপর অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbpdcl.co.in আবেদনের শেষ তারিখ ১৬ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় ন্যাশনাল অ্যাপ্রেন্টিস ট্রেনিং স্কিম পোর্টালে রেজিস্ট্রেশনের পর পাওয়া রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ করতে হবে, সঙ্গে প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো (৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সি এস আই আর নেট পরীক্ষা ১৭ জুন

*প্রথম পাতার পর*

লেকচারশিপের (এল এস) পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। অধিক বয়সের জন্য জে আর এফ-এ যোগ্য বিবেচিত না হলে প্রার্থী স্বাভাবিকভাবেই লেকচারশিপের জন্য পরীক্ষায় বসতে পারবেন।

**পরীক্ষার ধরনধারণ:** পরীক্ষা ১৭ জুন, রবিবার। মর্নিং সেশন সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত। আফটারনুন সেশন দুপুর ২টো থেকে বিকেল ৫টা পর্যন্ত। মোট নম্বর ২০০। প্রতি বিষয়ের তিনটি পার্টে পরীক্ষা হবে। পার্ট 'এ'-তে থাকবে জেনারেল অ্যাপ্টিটিউড বিষয়ে প্রশ্ন। গুরুত্ব দেওয়া হবে লজিক্যাল রিজনিং, গ্রাফিক্যাল অ্যানালিসিস, অ্যানালিটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ কম্পারিজন, সিরিজ ফর্মেশন, পাজলস ইত্যাদিতে। পার্ট 'বি'-এ থাকবে বিষয়ভিত্তিক অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন। পার্ট 'সি'-এ থাকবে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক ডেসক্রিপ্টিভ ধরনের প্রশ্ন। সবক্ষেত্রেই ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং থাকবে। পরীক্ষার সিলেবাস পাওয়া যাবে এই ওয়েবসাইটে: www.csirhrdg.res.in পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

এই পরীক্ষার বিজ্ঞপ্তি নম্বর: 10-2(5)/2018(i)-E.U.II

অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.csirhrdg.res.in

প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৫ থেকে ২৬ মার্চ পর্যন্ত। মনে রাখবেন, অনলাইনে দরখাস্ত পূরণ করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো ও সই (উভয়ই জেপেগ বা জে পি জি ফর্ম্যাটে ১৫০ কেবি সাইজের মধ্যে), শিক্ষাগত যোগ্যতা, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি বা দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রত্যেকটিই পি ডি এফ ফর্ম্যাটে ৪০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে। এর পর পূরণ করা অ্যাপ্লিকেশন ফর্মের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

অনলাইন ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা, ও বি সিদের ক্ষেত্রে ৫০০ টাকা)। অনলাইন পদ্ধতিতে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি দিতে হবে।

খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কবে কোন পরীক্ষা

বিজ্ঞপ্তি নম্বর 17/2017 অনুসারে পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রাম অফিসার পদে নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.pscwbonline.gov.in

## ফল বেরোল

ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস (মেন) এক্সামিনেশন, ২০১৭-র ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

□

পশ্চিমবঙ্গ সেন্ট্রাল স্কুল সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত ফিজিক্যাল এডুকেশন এবং ওয়ার্ক এডুকেশন বিষয়ে অ্যাসিস্ট্যান্ট টিচার পদে নিয়োগের ফার্স্ট স্টেট লেভেল সিলেকশন টেস্ট, ২০১৬-র ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.westbengalssc.com

# লখনউ মেট্রো রেলে ৩৬৯

*প্রথম পাতার পর*

৫০টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা সমতুল বিষয়ে তিন বছরের ডিপ্লোমা।

পোস্ট কোড এন ই ০২: **কাস্টমার রিলেশনস অ্যাসিস্ট্যান্ট:** ২৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক।

পোস্ট কোড এন ই ০৩: **জুনিয়র ইঞ্জিনিয়ার/সিভিল:** ১৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সিভিল ইঞ্জিনিয়ারিং বা সমতুল বিষয়ে তিন বছরের ডিপ্লোমা।

পোস্ট কোড এন ই ০৪: **জুনিয়র ইঞ্জিনিয়ার/ইলেক্ট্রিক্যাল:** ১৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

পোস্ট কোড এন ই ০৫: **জুনিয়র ইঞ্জিনিয়ার/সিগনাল অ্যান্ড টেলিকমিউনিকেশন:** ১৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছরের ডিপ্লোমা।

পোস্ট কোড এন ই ০৯: **মেন্টেনার— সিভিল:** ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ফিটার ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই কোর্স পাশ।

পোস্ট কোড এন ই ১০: **মেন্টেনার— ইলেক্ট্রিক্যাল:** ৩৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিশিয়ান ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই কোর্স পাশ।

পোস্ট কোড এন ই ১১: **মেন্টেনার— সিগনাল অ্যান্ড টেলিকমিউনিকেশন:** ১৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক মেকানিক ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত আই টি আই কোর্স পাশ।

**বয়স:** সবক্ষেত্রেই ১-২-২০১৮ তারিখে ২১ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে।

**মেডিক্যাল স্ট্যান্ডার্ড:** অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে এক্সিকিউটিভ (টেকনিক্যাল), মেন্টেনার পদের ক্ষেত্রে বি-ওয়ান, জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে এ-থ্রি, স্টেশন কন্ট্রোলার-কাম-ট্রেন অপারেটর এবং কাস্টমার রিলেশনস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে এ-ওয়ান।

**বেতনক্রম:** অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে ২০,৬০০-৪৬,৫০০ টাকা, স্টেশন কন্ট্রোলার-কাম-ট্রেন অপারেটর এবং জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ১৩,৫০০-২৫,৫২০ টাকা। কাস্টমার রিলেশনস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ১০,১৭০-১৮,৫০০ টাকা। মেন্টেনার পদের ক্ষেত্রে ৮,০০০-১৪,১৪০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা, সাইকো অ্যাপ্টিটিউড টেস্ট (স্টেশন কন্ট্রোলার-কাম-ট্রেন অপারেটর পদের ক্ষেত্রে) এবং মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। কম্পিউটারভিত্তিক পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে— ইংলিশ ল্যাঙ্গুয়েজ, জেনারেল অ্যাওয়্যারনেস, লজিক্যাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং প্রার্থীর নিজস্ব বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। পরীক্ষাকেন্দ্রগুলি হল— লখনউ, কানপুর, আগ্রা, এলাহাবাদ, বেনারস, গোরখপুর, মীরাট, ঝাঁসি, বরেলি, নয়ডা (গৌতম বুদ্ধ নগর), গ্রেটার নয়ডা, গাজিয়াবাদ, আলিগড়, মোরাদাবাদ এবং মুজফ্ফরনগর। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে: www.lmrcl.com

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.lmrcl.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৭ মার্চ পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো ও সই আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইনে এ টি এম-কাম-ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে অথবা অফলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমে। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। অনলাইনে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

অনলাইন দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্ত এবং রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কী পড়বেন, কোথায় পড়বেন

## রামকৃষ্ণ মিশনে অঙ্কের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

অঙ্কের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট। পড়ানো হবে প্রতিষ্ঠানের বেলুড় মঠ ক্যাম্পাসে।

**শিক্ষাগত যোগ্যতা:** ম্যাথমেটিক্স বা ফিজিক্স বা স্ট্যাটিস্টিক্সে অনার্স-সহ বি এসসি অথবা বি ম্যাথ বা বি স্ট্যাট বা বি ই বা বি টেক। সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**ফি:** সেমেস্টার পিছু ৩,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৪ মার্চ, দুপুর দেড়টা থেকে বিকেল সাড়ে ৪টে পর্যন্ত। পরীক্ষা নেওয়া হবে বেলুড় মঠ ক্যাম্পাসে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rkmvu.ac.in এ ছাড়াও আবেদনপত্র সরাসরি সংগ্রহ করা যাবে প্রতিষ্ঠান থেকে। পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓আবেদনপত্র ডাক মারফত প্রেরণের ক্ষেত্রে ফি বাবদ ৩০০ টাকার ডিমান্ড ড্রাফ্ট। এটি 'Ramakrishna Mission Vivekananda Educational and Research Institute, Howrah'-র অনুকূলে 'Belur Math, Howrah'-য় প্রদেয় হতে হবে। সরাসরি গিয়ে আবেদনপত্র জমা দেওয়ার ক্ষেত্রে নগদ ৩০০টাকা জমা দিতে হবে।
- ✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓বয়সের প্রমাণপত্র হিসেবে বার্থ সার্টিফিকেট বা মাধ্যমিকের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ভরা খামের ওপর লিখবেন 'MSc Mathematics Admission Form 2018' আবেদনপত্র যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে জমা দিতে পারেন বেলুড় মঠ ক্যাম্পাসে। অথবা ডাক মারফত পাঠাবেন এই ঠিকানায়: Registrar, Ramakrishna Mission Vivekananda Educational and Research Institute, Belur Math, Howrah-711 102, West Bengal. উভয় ক্ষেত্রেই আবেদনপত্র পৌঁছনোর শেষ তারিখ ১০ মার্চ।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রাউরকেল্লার ন্যাশনাল ইনস্টিটিউটে এম বি এ

মাস্টার ইন বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এম বি এ) কোর্সে ভর্তি নিচ্ছে রাউরকেল্লার ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি। কোর্স শুরু হবে জুলাইয়ে। বিজ্ঞপ্তি নম্বর: NITR/AC/UG-PG/2018/M/0115.

**আসনসংখ্যা:** ৬০টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৫, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, ও বি সি-দৈহিক প্রতিবন্ধী ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর বা ৬.৫ কিউমুলেটিভ পারফরম্যান্স ইন্ডেক্স (সি পি আই)-সহ বি ই বা বি টেক বা বি আর্ক। উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। অথবা মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর বা সমতুল নম্বর-সহ বি এসসি ইঞ্জিনিয়ারিং বা ৪ বছর মেয়াদের ব্যাচেলর অব সায়েন্স ডিগ্রি অথবা মাস্টার অব সায়েন্স বা ইকনমিক্সের এম এ। সব ক্ষেত্রেই স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। সেই সঙ্গে অবশ্যই ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (ম্যাট) বা কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট) বা কমন ম্যানেজমেন্ট অ্যাডমিশন টেস্ট (সিম্যাট) বা জেভিয়ার অ্যাপ্টিটিউড টেস্ট (জ্যাট) বা সমতুল জাতীয় স্তরের পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

সমাপ্তি বর্ষের ছাত্রছাত্রীরাও আবেদন করতে পারেন। সে ক্ষেত্রে ৩০ সেপ্টেম্বরের মধ্যে ফাইনাল মার্কশিট দাখিল করতে হবে।

শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। বাছাই করা প্রার্থীতালিকা ২০ মার্চ প্রকাশিত হবে প্রতিষ্ঠানের ওয়েবসাইটে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nitrkl.ac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১০ মার্চ।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে আবেদনপত্র সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ই ডি আইয়ে সেলসের প্রশিক্ষণ

প্রত্যক্ষ বিপণন বা সেলসের কাজের পেশাদারি প্রশিক্ষণ দিচ্ছে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (ই ডি আই)। চার সপ্তাহের প্রশিক্ষণ। কোর্সের নাম 'সেলিং স্কিল ডেভেলপমেন্ট প্রোগ্রাম'। প্রাইমাস গ্লোবাল কেরিয়ার ম্যানেজমেন্ট কনসালট্যান্টস সংস্থার সহায়তায় এই প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ শেষে চাকরির ব্যাপারেও সহায়তা করবে এই সংস্থা।

অন্তত উচ্চমাধ্যমিক পাশ হলে প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করা যাবে। বিপণনের পেশার সঙ্গে যুক্ত তরুণ-তরুণীরাও দক্ষতা বাড়ানোর জন্য প্রশিক্ষণ নিতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে। সপ্তাহে ৩ দিন দিনেরবেলা ক্লাস হবে ই ডি আইয়ে। ফি ৪,০০০ টাকা। ভর্তি চলছে। আগ্রহীরা এখনই যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, ১৯৪, অ বিল্লক (কলম্বিয়া-এশিয়া হসপিটালের পাশে), সেক্টর-থ্রি, সল্টলেক, কলকাতা-৭০০ ১০৬। ফোন: ২৩৩৫-৭২৫৮/৭৬৮১। ওয়েবসাইট: www.edikolkata.org

*আরও কী পড়বেন, কোথায় পড়বেন চব্বিশের পাতা*

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্সে ১৪৬ অ্যাপ্রেন্টিস

১৪৬ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে মুম্বইয়ের রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে আই টি আইয়ের বিভিন্ন ট্রেড এবং ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায় ১ থেকে ২ বছরের ট্রেনিং দেওয়া হবে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: HR/Unit/2018.

আই টি আই ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ: **অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্লান্ট)**: ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮)। **ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট (কেমিক্যাল প্লান্ট)**: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ কেমিস্ট্রিতে বি এসসি। স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স পড়ে থাকতে হবে। বয়স: ১-১১-২০১৭ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর।

**ইনস্ট্রুমেন্ট মেকানিক (কেমিক্যাল প্লান্ট)**: ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর-সহ ফিজিক্সে বি এসসি। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। বয়স: ১-১১-২০১৭ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর।

**মেশিনিস্ট**: ৩টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১)। **বয়লার অ্যাটেন্ড্যান্ট**: ৪টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর এবং বিজ্ঞান ও ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক। বয়স: ১-১১-২০১৭ তারিখে ২১ বছরের মধ্যে হতে হবে। ট্রেনিংয়ের মেয়াদ ২ বছর।

**ইলেক্ট্রিশিয়ান**: ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ৩)। **মেন্টেন্যান্স মেকানিক (কেমিক্যাল প্লান্ট)**: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, ও বি সি ৪)।

শিক্ষাগত যোগ্যতা: ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর এবং বিজ্ঞান ও ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক। ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক উত্তীর্ণরাও আবেদন করতে পারেন। বয়স: ১-১১-২০১৭ তারিখে ২১ বছরের মধ্যে হতে হবে। ট্রেনিংয়ের মেয়াদ ২ বছর।

**স্টেনোগ্রাফার (ইংলিশ)**: ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক। বয়স: ১-১১-২০১৭ তারিখে ২১ বছরের মধ্যে হতে হবে। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর তিন মাস।

**ডিপ্লোমা ট্রেনি**: কেমিক্যাল: ১৯টি (সাধারণ ১০, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬)। মেকানিক্যাল: ১৮টি (সাধারণ ১০, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। ইলেক্ট্রিক্যাল: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, ও বি সি ৪)। ইনস্ট্রুমেন্টেশন: ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। সিভিল: ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর।

মেডিক্যাল ল্যাব টেকনোলজি: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ মেডিক্যাল ল্যাব টেকনোলজিতে ডিপ্লোমা। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর।

**বয়স**: ১-১১-২০১৭ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে।

সব ক্ষেত্রেই তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

স্টাইপেন্ড: ডিপ্লোমা ট্রেনি পদের ক্ষেত্রে প্রতি মাসে ৫,০০০ টাকা। মেশিনিস্ট, ইলেক্ট্রিশিয়ান, মেন্টেন্যান্স মেকানিক, বয়লার অ্যাটেন্ড্যান্ট এবং স্টেনোগ্রাফারের ক্ষেত্রে প্রতি মাসে ট্রেনিংয়ের প্রথম বছরে ৬,৩৮১ টাকা এবং দ্বিতীয় বছরে ৭,২৯২ টাকা। অন্যান্য পদের ক্ষেত্রে প্রতি মাসে ৮,২০৪ টাকা।

এর আগে কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ে অংশ নিয়ে থাকলে আবেদন করবেন না। এছাড়া ডিপ্লোমা ট্রেনিদের ক্ষেত্রে ১-১১-২০১৭ তারিখ অনুসারে তিন বছর আগে ইঞ্জিনিয়ারিং পাশ করে থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rcfltd.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ৮ মার্চ। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পাওয়া রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কলকাতা হাইকোর্টে স্টেনোগ্রাফার

পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট/স্টেনোগ্রাফার পদে ৪২ জন কর্মী নেবে কলকাতা হাইকোর্ট। অস্থায়ীভাবে নিয়োগ হলেও ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ৬৯৫-আর জি।

**শূন্যপদের বিবরণ**: মোট শূন্যপদ ৪২টি (সাধারণ ৭, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ২, সাধারণ-দক্ষ খেলোয়াড় ১, সাধারণ-ই সি ৭, তফসিলি জাতি ৫, তফসিলি জাতি-ই সি ৬, তফসিলি উপজাতি ৫, তফসিলি উপজাতি-ই সি ২, ও বি সি-এ ৩, ও বি সি-এ-ই সি ২, ও বি সি-বি ১, ও বি সি-বি-ই সি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: উচ্চমাধ্যমিক বা সমতুল। সঙ্গে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ১২০টি শব্দ লেখার দ্রুততা এবং প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।

দক্ষ খেলোয়াড়দের ক্ষেত্রে উপরোক্ত যোগ্যতা ছাড়াও জাতীয় বা আন্তর্জাতিক স্তরের প্রতিযোগিতায় রাজ্য বা দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে অথবা ইন্টার-ইউনিভার্সিটি স্পোর্টস বোর্ড পরিচালিত প্রতিযোগিতায় ইউনিভার্সিটির প্রতিনিধিত্ব করে থাকতে হবে অথবা অল ইন্ডিয়া স্কুল গেমস ফেডারেশন আয়োজিত প্রতিযোগিতায় রাজ্য স্কুল টিমের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: অ্যাথলেটিক্স (ট্র্যাক ও ফিল্ড ইভেন্ট-সহ), কবাডি, খো খো, ফুটবল, ব্যাডমিন্টন, টেবল টেনিস, ভলিবল, বাস্কেটবল, লন টেনিস, ক্রিকেট, সুইমিং, ওয়েট লিফটিং, রেসলিং, বক্সিং, সাইক্লিং, জিমন্যাস্টিক্স, জুডো, রাইফেল শ্যুটিং এবং হকি।

**বয়স**: ১-১-২০১৮ তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছর বয়স পর্যন্ত ছাড় পাবেন।

**বেতনক্রম**: ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের স্টেনোগ্রাফি টেস্ট এবং টাইপ টেস্টের মাধ্যমে। স্টেনোগ্রাফি টেস্টের প্রথম পর্যায়ে মিনিটে ১২০টি শব্দের গতিতে শর্টহ্যান্ডে লিখে সেটিকে ৪৫ মিনিটের মধ্যে নিজের হাতে লিখতে হবে। এই পরীক্ষার ফলের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের আরও একটি শর্টহ্যান্ড টেস্ট নেওয়া হবে। শর্টহ্যান্ডে লেখার পর 'আউটলাইন' যাচাইয়ের জন্য ১৫ মিনিট সময় দেওয়া হবে। এর পর শর্টহ্যান্ডে নেওয়া ডিক্টেশনটি মিনিটে অন্তত ৩০টি শব্দের গতিতে কম্পিউটারে টাইপ করতে হবে।

আবেদন করতে হবে ৮.৫×১৪ ইঞ্চি মাপের সাদা কাগজে হাতে লিখে বা টাইপ করে। আবেদনপত্রে থাকতে হবে এই সব তথ্য— প্রার্থীর নাম (ইংরেজির বড় হরফে), পিতার বা স্বামীর নাম, প্রার্থীর জন্মতারিখ ও ১-১-২০১৮ তারিখ অনুসারে বয়স, স্থায়ী ঠিকানা-সহ মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা, অন্যান্য যোগ্যতা, কম্পিউটার জ্ঞান, শর্টহ্যান্ড ও টাইপিং স্পিড, ক্যাটেগরি, দৈহিক প্রতিবন্ধী, দক্ষ খেলোয়াড় বা এক্সেম্পটেড ক্যাটেগরির অন্তর্ভুক্ত কি না, প্রযোজ্য ক্ষেত্রে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কার্ড নম্বর, জাতি, ফি জমা দেওয়া-সংক্রান্ত তথ্য। দরখাস্তের শেষে তারিখ উল্লেখ করে সই করবেন।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের ওপর প্রার্থীর ক্যাটেগরি এবং পদের নাম লিখে দেবেন। দরখাস্ত ২০ মার্চ বিকেল সাড়ে ৪টের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Regstrar General, High Court, Calcutta.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.calcuttahighcourt.nic.in

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓ফি বাবদ ইন্ডিয়ান পোস্টাল অর্ডারের মাধ্যমে দিতে হবে ৩০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১৫০ টাকা)। পোস্টাল অর্ডারটি 'Registrar General, High Court, Calcutta'-এর অনুকূলে 'G.P.O. at Calcutta'-এ প্রদেয় হতে হবে।
- ✓প্রার্থীর দু'কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। এর মধ্যে ১টি ফটো দরখাস্তের ডানদিকে ওপরে সেঁটে দেবেন এবং অন্য ফটোটি দরখাস্তের সঙ্গে আটকে দেবেন।
- ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কম্পিউটার জ্ঞান সংক্রান্ত সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দক্ষ খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের কাছ থেকে পাওয়া স্পোর্টস সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে প্রাপ্ত পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা এবং ৫ টাকার ডাকটিকিট সাঁটানো ২৫×১১ সেমি মাপের একটি খাম।

# ফল বেরোল

**বিজ্ঞপ্তি নম্বর 12/2016 অনুসারে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন দ্বারা** পরিচালিত জুনিয়র ওয়ার্কস ম্যানেজার (মেকানিক্যাল) পদে নিয়োগের চূড়ান্ত ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

□

**বিজ্ঞপ্তি নম্বর 03/2018/WBPRB অনুসারে পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড** দ্বারা পরিচালিত ফরেস্ট গার্ড পদে নিয়োগের চূড়ান্ত ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.policewb.gov.in

# ২৩৪ মোটর ভেহিক্যালস ইনস্পেক্টর

*প্রথম পাতার পর*

অ্যাথলেটিক্স (ট্র্যাক ও ফিল্ড ইভেন্ট-সহ), কবাডি, খো খো, ফুটবল, ব্যাডমিন্টন, টেবল টেনিস, ভলিবল, বাস্কেটবল, লন টেনিস, ক্রিকেট, সুইমিং, ওয়েট লিফটিং, রেসলিং, বক্সিং, সাইক্লিং, জিমন্যাস্টিক্স, জুডো, রাইফেল শ্যুটিং এবং হকি।

**বয়স**: ১-১-২০১৮ তারিখে ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা সর্বাধিক ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন।

**বেতনক্রম**: ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে যথাক্রমে ৪,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে স্ক্রিনিং টেস্ট বা লিখিত পরীক্ষার মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্তের শেষ তারিখ ১৯ মার্চ।

ফি বাবদ দিতে হবে ১৬০ টাকা। পশ্চিমবঙ্গের তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। অনলাইন এবং অফলাইন উভয় ব্যবস্থাতেই ফি জমা দেওয়া যাবে। অফলাইনে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে ২০ মার্চ পর্যন্ত। সে ক্ষেত্রে ১৯ মার্চের মধ্যে উপরোক্ত ওয়েবসাইট থেকে চালান ডাউনলোড করবেন। অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৯ মার্চ। অনলাইনে ফি জমা দিলে ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

আবেদনের পদ্ধতি এবং ফি-সংক্রান্ত তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.pscwbonline.gov.in

# উত্তর দিনাজপুর জেলায় ১৫৩ আশাকর্মী

*প্রথম পাতার পর*

সমতুল। কোনও স্বনির্ভর গোষ্ঠীর সদস্যা হলে, লিংক ওয়ার্কার হলে, ধাইয়ের কাজে প্রশিক্ষণ থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে।

**বয়স**: ২২-২-২০১৮ তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিদের ক্ষেত্রে ২২ থেকে ৪০ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করা যাবে।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.uttardinajpur.gov.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓প্রার্থীর তিন কপি পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓মাধ্যমিক বা সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ড বা সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓জন্মশংসাপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসেবে ভোটার আইডি বা রেশন কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓স্বনির্ভর গোষ্ঠীর সদস্যপত্র বা প্রশিক্ষণপ্রাপ্ত ধাই এবং লিংক ওয়ার্কার হিসেবে কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন: 'APPLICATION FOR THE POST OF ASHA' দরখাস্ত ২০ মার্চের মধ্যে স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিক (বি ডি ও)-এর অফিসে। খামের ওপর লিখবেন: To, The Member Secretary, ASHA Selection Committee, Office of the Block Development Officer, _______Block, P.O._____ Dist.Uttar Dinajpur, PIN-______. শূন্যস্থানে প্রার্থী যে-ব্লকের বাসিন্দা তার নাম, পোস্ট অফিসের নাম এবং পিনকোড লিখে দেবেন। এছাড়া দরখাস্ত যে-কোনও কাজের দিন সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিক (বি ডি ও)-এর অফিসে রাখা ড্রপবক্সে সরাসরি জমা দিতে পারেন।

বিশদে জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্যে আরও কয়েক হাজার গ্রুপ 'ডি' কর্মী নিয়োগের সম্ভাবনা

*প্রথম পাতার পর*

লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন মাত্র ১৮ হাজার ৩৫৬ জন। ইন্টারভিউ শুরু হয়েছিল ১৬ অক্টোবর। শেষ হয়েছে ২৩ ফেব্রুয়ারি। চূড়ান্ত মেধাতালিকা তৈরি হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বরের ভিত্তিতে। মার্চেই সেই তালিকা নবান্নে পৌঁছে যাবে বলে খবর।

রাজ্য সরকারের গ্রুপ 'ডি' পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ক্লাস এইট পাশ। তবে উচ্চতর যোগ্যতাসম্পন্ন তরুণ-তরুণীরাও এই পদে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পেয়ে থাকেন।

৮৫ নম্বরের অবজেক্টিভ টাইপ লিখিত পরীক্ষা এবং ১৫ নম্বরের ইন্টারভিউয়ের ভিত্তিতে মেধাতালিকা তৈরির কাজ চলছে।

যাঁরা আগেভাগে রাজ্য সরকারের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে চান, তাঁরা পরীক্ষার সিলেবাস দেখতে পাবেন এই ওয়েবসাইটে: www.wbgdrb.in

# রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি

*প্রথম পাতার পর*

সবক'টি পদ মিলিয়ে রেলের প্রায় ৯০ হাজার শূন্যপদের ক্ষেত্রেই আবেদনের বয়সের ঊর্ধ্বসীমা ২ বছর বাড়ানো হয়েছে আগেই।

রেলমন্ত্রী পীযূষ গোয়েল ২১ ফেব্রুয়ারি ঘোষণা করেছেন, অন্তত মাধ্যমিক পাশ হলেই গ্রুপ 'সি' লেভেল ওয়ানের ট্র্যাক মেন্টেনার, পয়েন্টসম্যান, হেল্পার, গেটম্যান ও পোর্টার পদে আবেদন করা যাবে।

উল্লেখ্য, মূল বিজ্ঞপ্তিতে বলা হয়েছিল শুধু মাধ্যমিক যোগ্যতায় হেল্পার (মেডিক্যাল), হসপিটাল অ্যাটেন্ড্যান্ট, অ্যাসিস্ট্যান্ট পয়েন্টসম্যান, গেটম্যান, পোর্টার/হামাল/সুইপার-কাম-পোর্টার পদে আবেদন করা যাবে। অন্যান্য ক্যাটেগরির পদগুলির ক্ষেত্রে মাধ্যমিকের সঙ্গে আই টি আই ট্রেড সার্টিফিকেট বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসের সার্টিফিকেট থাকতে হবে। রেলমন্ত্রীর ঘোষণা অনুসারে, মাধ্যমিক যোগ্যতাই গ্রুপ 'সি' লেভেল ওয়ানের সব ক্যাটেগরির পদের ক্ষেত্রে মূল শিক্ষাগত যোগ্যতা বলে গণ্য হবে।

অর্থাৎ, প্রার্থী দরখাস্তে পদের নামের কলামে পছন্দের ক্রমানুসারে যে-কোনও পদেরই উল্লেখ করতে পারেন। তবে পছন্দের ক্রমানুসারে যে-পদগুলির উল্লেখ করতে চাইবেন, সেগুলির শূন্যপদ আপনার বেছে নেওয়া রেল রিক্রুটমেন্ট বোর্ডের আওতায় আছে কিনা সে-বিষয়ে আগে নিশ্চিত হয়ে নিতে হবে।

**ফি-এ ছাড়**: রেলমন্ত্রী জানিয়েছেন, সবক'টি পদের ক্ষেত্রেই জেনারেল এবং ও বি সি ক্যাটেগরির প্রার্থীদের জন্য আবেদনের ফি বাবদ যে ৫০০ টাকা ধার্য করা হয়েছে পরীক্ষায় বসলে প্রার্থীরা তার মধ্যে ৪০০ টাকাই ফেরত পেয়ে যাবেন। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে আগের নীতিই বহাল থাকছে। তাঁদের আবেদনের ফি ২৫০ টাকা। পরীক্ষায় বসলে ২৫০ টাকাই ফেরত পাওয়া যাবে।

**সইয়ের নীতিতে বদল**: মূল বিজ্ঞপ্তিতে জানানো হয়েছিল, যাবতীয় নথিপত্রে প্রার্থীকে টানা হাতে ইংরেজি বা হিন্দিতে সই করতে হবে। রেলমন্ত্রী ঘোষণা করেছেন নথিপত্রে প্রার্থী তাঁর নিজের ভাষাতেও সই করতে পারবেন। ইংরেজিতেও সই করা যাবে। সইয়ের ভাষা নিয়ে বাধ্যবাধকতা থাকছে না।

Visit www.banglajobguide.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



কী পড়বেন, কোথায় পড়বেন

## স্কুল অব প্ল্যানিং অ্যান্ড আর্কিটেকচারে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি

প্ল্যানিং এবং আর্কিটেকচারের বিভিন্ন শাখার স্নাতকোত্তর কোর্সে ভর্তি নেবে দিল্লির স্কুল অব প্ল্যানিং অ্যান্ড আর্কিটেকচার। শাখাগুলি হল: আর্কিটেকচারাল কনজারভেশন, আর্বান ডিজাইন, ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন, প্ল্যানিং, ল্যান্ডস্কেপ আর্কিটেকচার এবং বিল্ডিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট। প্ল্যানিংয়ের স্পেশ্যালাইজেশনের শাখাগুলি হল: এনভায়রনমেন্টাল প্ল্যানিং, হাউজিং, রিজিওনাল প্ল্যানিং, ট্রান্সপোর্ট প্ল্যানিং ও আর্বান প্ল্যানিং। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স শুরু হবে জুলাইয়ে।

**শিক্ষাগত যোগ্যতা: মাস্টার্স ইন আর্কিটেকচারাল কনজারভেশন এবং মাস্টার্স ইন আর্বান ডিজাইনের** ক্ষেত্রে আর্কিটেকচার বা প্ল্যানিংয়ে স্নাতক। **ডিজাইনের** ক্ষেত্রে আর্কিটেকচার বা ইঞ্জিনিয়ারিং বা ডিজাইন বা ফাইন আর্টসে স্নাতক। সেই সঙ্গে কমন এন্ট্রান্স এক্সামিনেশন ফর ডিজাইন (সি ই ই ডি) পরীক্ষায় বৈধ স্কোর থাকতে হবে। **ল্যান্ডস্কেপ আর্কিটেকচারের** ক্ষেত্রে ল্যান্ডস্কেপ আর্কিটেকচার বা আর্কিটেকচার বা প্ল্যানিংয়ে স্নাতক। অথবা প্ল্যানিংয়ে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা। স্কুল অব প্ল্যানিং অ্যান্ড আর্কিটেকচার থেকে প্রি-ল্যান্ডস্কেপ আর্কিটেকচার সার্টিফিকেট কোর্স করা থাকলেও আবেদন করা যাবে। **বিল্ডিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্টের** ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিং বা বিল্ডিং ইঞ্জিনিয়ারিং বা আর্কিটেকচার বা আর্কিটেকচারাল ইঞ্জিনিয়ারিং বা বিল্ডিং সায়েন্সে স্নাতক। অথবা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কনস্ট্রাকশন টেকনোলজিতে পাঁচ বছরের ডিপ্লোমা বা সমতুল। প্ল্যানিংয়ের স্পেশ্যালাইজেশনের শাখাগুলির মধ্যে **এনভায়রনমেন্টাল প্ল্যানিংয়ের** ক্ষেত্রে প্ল্যানিং বা আর্কিটেকচার বা সিভিল ইঞ্জিনিয়ারিং বা আর্কিটেকচারাল ইঞ্জিনিয়ারিং বা এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। অথবা জিওগ্রাফি বা ইকনমিক্স বা সোশিওলজি বা এনভায়রনমেন্টাল সায়েন্স বা এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিগ্রি। **রিজিওনাল প্ল্যানিং এবং আর্বান প্ল্যানিংয়ের** ক্ষেত্রে প্ল্যানিং বা আর্কিটেকচার বা সিভিল ইঞ্জিনিয়ারিং বা আর্কিটেকচারাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। অথবা জিওগ্রাফি বা ইকনমিক্স বা সোশিওলজিতে স্নাতকোত্তর ডিগ্রি। **হাউজিংয়ের** ক্ষেত্রে প্ল্যানিং বা আর্কিটেকচার বা সিভিল ইঞ্জিনিয়ারিং বা আর্কিটেকচারাল ইঞ্জিনিয়ারিং বা মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং বা বিল্ডিং ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। অথবা সোশিওলজি বা ইকনমিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। **ট্রান্সপোর্ট প্ল্যানিংয়ের** ক্ষেত্রে প্ল্যানিং বা আর্কিটেকচার বা সিভিল ইঞ্জিনিয়ারিং বা আর্কিটেকচারাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। অথবা স্ট্যাটিস্টিক্স বা অপারেশনাল রিসার্চ বা ইকনমিক্সে স্নাতকোত্তর ডিগ্রি।

সব ক্ষেত্রেই প্রার্থীর মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ২, ৩ ও ৪ এপ্রিল।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.spa.ac.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। ফি বাবদ দিতে হবে ২,৫০০ টাকার ডিমান্ড ড্রাফট। এটি 'School of Planning and Architecture'-এর অনুকূলে New Delhi-তে প্রদেয় হতে হবে। ডিমান্ড ড্রাফটের পিছনে প্রার্থীর নাম ও কোর্সের নাম লিখে দেবেন।

প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ আবেদনপত্র রেজিস্টার্ড ডাক বা স্পিড পোস্টের মাধ্যমে ১৬ মার্চের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: SECTION OFFICER (A&E SECTION), SCHOOL OF PLANNING AND ARCHITECTURE, 4, BLOCK - B, I.P. ESTATE, NEW DELHI –110 002

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০৭০৬৫৯-০৯১০৭, ২৩৭২-৪৩৮৩-২৩৮২।

## নার্সিং, ফিজিওথেরাপি, অডিওলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজির ডিগ্রি কোর্সে প্রবেশিকা ২৭ মে



পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি এবং বেসরকারি কলেজে নার্সিং, ফিজিওথেরাপি এবং অডিওলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজি-র ডিগ্রি কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'জেনপহ-২০১৮' আয়োজিত হবে ২৭ মে (রবিবার)। পরীক্ষাটি পরিচালনা করবে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড। বি এসসি নার্সিং কোর্সের জন্য শুধুমাত্র মহিলারাই আবেদন করবেন।

বিষয় অনুসারে শিক্ষাগত যোগ্যতা: **বি এসসি নার্সিং:** মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি পড়ে থাকতে হবে।

**ব্যাচেলর ইন ফিজিওথেরাপি:** ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি-সহ উচ্চমাধ্যমিক পাশ।

**ব্যাচেলর অব অডিওলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজি:** মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রির সঙ্গে বায়োলজি বা ম্যাথমেটিক্স বা কম্পিউটার সায়েন্স বা স্ট্যাটিস্টিক্স বা ইলেক্ট্রনিক্স বা সাইকোলজি অন্যতম বিষয় হিসেবে পড়ে থাকতে হবে।

**বয়স:** ৩১-১২-২০১৮ তারিখে ন্যূনতম ১৭ বছর। নার্সিং এবং ফিজিওথেরাপি কোর্সের ক্ষেত্রে কোনও উর্ধ্বসীমা নেই। অডিওলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজি কোর্সটির ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ২৫ বছরের মধ্যে থাকতে হবে।

'জেনপহ' পরীক্ষাটি নেওয়া হবে দু'টি পত্রে— ফিজিক্স অ্যান্ড কেমিস্ট্রি (১০০ নম্বর) এবং বায়োলজিক্যাল সায়েন্সেস (১০০ নম্বর)। প্রশ্ন হবে মাল্টিপল চয়েস ধরনের। নেগেটিভ মার্কিং আছে। প্রথম পত্রের পরীক্ষা সকাল ১১টা থেকে দুপুর ১টা এবং দ্বিতীয় পত্রের পরীক্ষা দুপুর ২টো থেকে বিকেল ৪টে পর্যন্ত।

পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা-উত্তর, কলকাতা-দক্ষিণ, কলকাতা-মধ্য, মালদা, খড়্গপুর, হলদিয়া, বহরমপুর, কল্যাণী, বাঁকুড়া, আসানসোল, দুর্গাপুর, বর্ধমান, কোচবিহার, শ্রীরামপুর, হাওড়া এবং শিলিগুড়ি। আবেদনের সময় প্রার্থীর পছন্দের যে কোনও দু'টি কেন্দ্র উল্লেখ করে দিতে হবে। ১৮ মে (সম্ভাব্য) থেকে পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.wbjeeb.in

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbjeeb.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২৩ মার্চ। অনলাইন আবেদনের সময় প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জেপেগ ফর্ম্যাটে প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো (১০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) ও সই (৩ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদন পত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। কনফার্মেশন পেজ ডাউনলোড করার শেষ তারিখ ২৬ মার্চ। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট অথবা যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড, এ কিউ-১৩/১, সেক্টর ফাইভ, সল্ট লেক সিটি, কলকাতা-৭০০ ০৯১।





ভ্রমণ
বেরিয়ে পড়ার আসল গাইড
এখন নতুন রূপে : সম্পূর্ণ রঙিন
আর নতুন রেশমি পাতা
রোটাং পাস থেকে চন্দ্রতাল হয়ে টাবো • সুপিরিয়র হ্রদ • ফ্লেমিংগো আর বুনো গাধার দেশে • লে থেকে হানলে • চুপি • কামারপাড়া • মৌখিড়া ও আরও অজস্র বেড়ানোর হাতছানি
হুবহু প্রকৃতির রঙে ছাপা
এই আশ্চর্য পৃথিবীর সঙ্গে আপনার সেতুবন্ধ
এখনই আপনার সংবাদপত্র-বিক্রেতাকে বলুন বা কাছের স্টলে যোগাযোগ করুন।

কাজের খবরে
১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
সপ্তাহে দু'দিন:
শুক্রবার - কর্মক্ষেত্র
সোমবার - আনন্দবাজার পত্রিকা কর্মক্ষেত্র সংবাদ সংস্করণ
Source - Average Issue Readership, IRS 2017


স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১, ভিস্টা প্রিন্ট প্রাঃ লিঃ, পরিবহণ নগর, মাটিগাড়া, শিলিগুড়ি, দার্জিলিং থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in Website: www.swarnakshar.in